উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ



‘আমি শিবভক্ত, বিষপান করে ফেলি’ » ৮

পুজোর পর এসএসসি’র ফল প্রকাশ
দুর্গাপুজোর পরই হবে এসএসসি-র শিক্ষক নিয়োগ পরীক্ষার ইন্টারভিউ। দ্বিতীয় দফার পরীক্ষা শেষে এমনটাই জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। » ৭

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| শিলিগুড়ি | | জলপাইগুড়ি | | কোচবিহার | | আলিপুরদুয়ার | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩০° সর্বোচ্চ | ২৫° সর্বনিম্ন | ৩০° সর্বোচ্চ | ২৬° সর্বনিম্ন | ৩০° সর্বোচ্চ | ২৫° সর্বনিম্ন | ২৯° সর্বোচ্চ | ২৫° সর্বনিম্ন |

বেটিং অ্যাপ কাণ্ডে মিমিকে তলব ইডি’র » ৭



শিলিগুড়ি ২৯ ভাদ্র ১৪৩২ সোমবার ৫.০০ টাকা 15 September 2025 Monday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 119




# সেনাকে জয় উৎসর্গ সূর্যর

সলমনের সঙ্গে হাত মেলালেন না ভারতের অধিনায়ক




*ব্যাট হাতে সংহার মূর্তিতে সূর্যকুমার যাদব ও তিলক ভার্মা। রবিবার দুবাইয়ে।*

## পাকিস্তানকে হেলায় হারাল ভারত

**পাকিস্তান-১২৭/৯**
**ভারত-১৩১/৩ (৭ উইকেটে জয়ী)**

**দুবাই, ১৪ সেপ্টেম্বর :** বুর্জ খলিফার শহরেও অব্যাহত ‘অপারেশন সিঁদুর’।

বারুদের গন্ধ নয়। বাইশ গজে ব্যাট-বলের দ্বৈরথে। পহলগামে নারকীয় হত্যালীলার জবাবে ভারতীয় সেনার বীরত্ব, ব্রহ্মস মিসাইলে সেদিন কেঁপেছিল পাক-ভূমি। দুবাইয়ে রবিবাসরীয় ক্রিকেট মহারণে আজ ভারতীয় দলের দাপটে থরহরিকম্প পাকিস্তান ব্রিগেডের।

ভারত-পাক ক্রিকেটীয় দ্বৈরথ ঘিরে পারদ চড়ছিল। কারও দাবি বয়কট। কারও দাবি বাইশ গজে অপারেশন সিঁদুরের। টসের সময় পাক অধিনায়কের সঙ্গে এদিন হাত না মিলিয়ে মনোভাব বুঝিয়ে দেন সূর্যকুমার যাদব। সমর্থকদের প্রত্যাশা পূরণ একপেশে দাপটে পাকিস্তানকে চূর্ণ করে। জয়ের পর সূর্য বলেন, ‘পহলগাম হামলায় নিহতদের পরিবারের প্রতি আমাদের সমবেদনা রয়েছে। আজকের এই জয় আমরা দেশের সেনাবাহিনীকে উৎসর্গ করছি।’

টসে জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয় পাকিস্তান। ‘ডোন্ট কেয়ার’ মেজাজে ‘বার্থ-ডে বয়’ সূর্যের পালটা দাবি, আগে বোলিংয়ে সুবিধাই হবে। রাত বাড়লে শিশির ফ্যাক্টর কাজ করবে। রান তাড়া তুলনায় সহজ। যা আরও সহজ করে দেয় কুলদীপ যাদবের নেতৃত্বে ভারতীয় বোলিং।

জাতীয় সংগীতে মহারণের মঞ্চ বাঁধা। পারদ চড়িয়ে বল হাতে ম্যাচের প্রথম থেকেই বোলারদের দাপট। কুলদীপ যাদব (১৮/৩), অক্ষর প্যাটেল (১৮/২), জসপ্রীত বুমরাহদের (২৮/২) মিলিত দাপটে ১২৭/৯ স্কোরে থমকে যায় পাক ব্যাটারদের যাবতীয় হুংকার।

*এরপর দশের পাতায়*

## ক্ষমতার স্বাদ নিতে আসিনি, বার্তা সুশীলার

**কাঠমান্ডু, ১৪ সেপ্টেম্বর :** ক্ষমতা বড় অদ্ভুত জিনিস। কথায় আছে, একবার ক্ষমতার স্বাদ পেলে সেই স্বাদ সহজে ছাড়া যায় না। এখানেই নিজেকে ‘ব্যতিক্রমী’ প্রমাণে মরিয়া নেপালের অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী সুশীলা কার্কি। অন্তর্বর্তী সরকার গঠনের পর রবিবার জাতির উদ্দেশে দেওয়া প্রথম ভাষণে সুশীলা বুঝিয়ে দিলেন, নিরপেক্ষভাবে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করাই তাঁর একমাত্র উদ্দেশ্য।

নিরাপত্তাবাহিনীর গুলিতে নিহতদের পরিবারবর্গ এবং আহতদের প্রতি সহমর্মিতা প্রকাশের পাশাপাশি হিংসায় অভিযুক্তদের শাস্তি নিশ্চিত করার আশ্বাসও দিয়েছেন নতুন প্রধানমন্ত্রী। সুশীলা বলেছেন, ‘আমি ও আমার

**প্রধানমন্ত্রীর আশ্বাস**
- ৬ মাসের মধ্যে নির্বাচন
- নিহত আন্দোলনকারীদের শহিদের মর্যাদা
- মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ
- আহতদের চিকিৎসার ব্যবস্থা
- হিংসায় যুক্তদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা

টিম এখানে ক্ষমতার স্বাদ নিতে আসিনি। ৬ মাসের বেশি এই পদে থাকব না। পার্লামেন্টকে ক্ষমতা হস্তান্তর করব। আমাদের সাফল্যের জন্য আপনাদের সকলের সমর্থন প্রয়োজন।’

নেপালের বর্তমান সংবিধান, রাষ্ট্রীয় কাঠামো এবং প্রশাসনিক ব্যবস্থা অক্ষুণ্ণ রাখার কথা জানিয়েছেন নয়া প্রধানমন্ত্রী। শনিবার তাঁর পরামর্শে নেপালের সংসদ ভেঙে দিয়েছেন রাষ্ট্রপতি রামচন্দ্র পৌড়েল। ৫ মার্চ নেপালে সংসদ নির্বাচনের কথা ঘোষণা করেছে অন্তর্বর্তী সরকার। তবে সুশীলার দেখানো পথে হাঁটতে নারাজ নেপালের মূল ধারার রাজনৈতিক দলগুলি। এক সুরে পার্লামেন্ট ভেঙে দেওয়ার বিরোধিতা করেছে সিপিএন (ইউএমএল), এনসিপি (এম-সি), নেপালি কংগ্রেস সহ ৮টি দল। যৌথ বিবৃতিতে তারা জানিয়েছে, পার্লামেন্ট ভেঙে দিয়ে অসাংবিধানিক কাজ করছেন রাষ্ট্রপতি। এর ফলে বিচার বিভাগের

*এরপর দশের পাতায়*



*শান্তির খোঁজে বুদ্ধের দেশ। সেই নেপালেই শান্তির প্রতীক পায়রাকে ভুট্টাদানা খাওয়াচ্ছেন এক নাগরিক। পশুপতিনাথ মন্দিরে। রবিবার। -এএফপি*

# বাজারে যেন মণ্ডপের ভিড়

**শমিদীপ দত্ত**

শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর : ঘড়ির কাঁটায় বেলা তখন সাড়ে বারোটা। আকাশ তখনও মেঘাচ্ছন্ন। হকার্স কর্নারজুড়ে বাজছে, ‘বাজল তোমার আলোর বেণু...’ আকাশজুড়ে থাকা কালো মেঘের মতন ব্যবসায়ীদের মুখও তখন গোমড়া। এক দোকানের কর্মী অরবিন্দ দাসকে বলতে শোনা গেল, ‘মহালয়ার আগের শেষ রবিবার। এদিনও বৃষ্টি হলে তো জলে ব্যবসা ধুয়ে যাবে।’ অরবিন্দদের সেই দুশ্চিন্তা অবশ্য বেশিক্ষণ থাকেনি। বেলা বাড়ার সঙ্গে সঙ্গেই আকাশ কিছুটা পরিষ্কার হয়। আর রোদের দেখা মিলতেই ভিড় বাড়তে শুরু করে শহরের দোকানগুলোতে। সন্ধ্যায় ঝিরঝিরে বৃষ্টিও শপিংমুখী শিলিগুড়িবাসীকে দমাতে পারেনি।

জামাকাপড় কেনার পাশাপাশি ক্রেতাদের ভিড় করতে দেখা গিয়েছে বিছানার চাদর, ঘর সাজাবার জিনিস কেনার দোকানগুলোতেও। বিধান মার্কেটের একটি দোকান থেকে দুটো বিছানার চাদর কিনে বেরোনোর সময় অরুণিমা রায় বললেন, ‘পুজো মানে, শুধু জামাকাপড়ই নয়। ঘরও নতুন জিনিসে সাজিয়ে তোলার সময়। মহালয়ের দিন নতুন বিছানার চাদর, বালিশ কভার, নতুন পর্দায় ঘর সাজিয়ে তোলাটাও অলিখিত রীতি।’

আকাশ কিছুটা পরিষ্কার হওয়ার পরে টাউন স্টেশন সংলগ্ন বাজারে ছেলেকে নিয়ে হাজির হয়েছিলেন অরিন্দম দাস। ছাতা হাতে বারবার তাকাচ্ছিলেন আকাশের দিকে। ছেলে সুরজ অবশ্য তখন সেসব নিয়ে একটুও চিন্তিত নয়। সে তখন দোকানে



*শেঠশ্রীলাল মার্কেটে শুধুই কালো মাথায় ভিড়। -সূত্রধর*

**পুজো শপিং**
- রোদের দেখা মিলতেই ভিড় বাড়তে শুরু করে দোকানে
- সন্ধ্যায় ঝিরিঝিরি বৃষ্টিও শপিংমুখী শিলিগুড়িবাসীকে দমাতে পারেনি
- ক্রেতাদের ভিড় ছিল বিছানার চাদর, ঘর সাজাবার জিনিস কেনার দোকানেও

সাজানো ডোরেমনের ছবিওয়ালা জামা বেছে নিতে ব্যস্ত। বাবার কাছে বছর দশের ওই নাবালকের বায়না, ‘ডোরেমনের জামা পরেই ঠাকুর দেখতে বেরোব।’ ছেলের পছন্দ করা লাল ও হলুদ রঙের দুটো জামা কিনে কিছুটা আবেগে ভাসলেন অরিন্দম। বললেন, ‘আমাদের সময় পুজোয় চাচা চৌধুরী, বাটুল দি গ্রেটের বই কিনতাম। কোথায় যে সেই সব দিন চলে গেল!’

শপিংয়ের ফাঁকে নস্টালজিক হয়ে পড়েন ব্রজ দাসও। শেঠ শ্রীলাল মার্কেটে বছর সাতের ছেলের জন্য জুতো পছন্দ করছিলেন তিনি। আবেগঘন হয়ে বলছিলেন, ‘একটা সময় লাইটিং জুতোর চল হয়েছিল। এখনও মনে রয়েছে, আমরা বন্ধুরা মিলে লাইটিং জুতো কিনেছিলাম।’

চাকরি পাওয়ার পর এবছরই প্রথম পুজো। তাই মায়ের জন্য শাড়ি কিনছিলেন বিশাল দে। বললেন, ‘চাকরি পাওয়ার পর থেকেই ভেবেছিলাম মাকে শাড়ি কিনে দেব। বাড়িতে আজকে সারপ্রাইজ দেব মা-কে।’ আর এসবের মধ্যেই বিধান মার্কেটের রাস্তার একপাশে বালিশের কভার নিয়ে বসা বিপ্লব ক্রেতাদের ভিড়ে ঢাকা পড়ে গেলেন। ব্যস্ততার মধ্যেই বিপ্লবের গলায় স্বস্তির সুর, ‘মহালয়ার আগের রবিবারের দিকেই আমরা প্রতিবছর তাকিয়ে থাকি। এবছর দিনটা ভালোই গেল।’ সবমিলিয়ে, মহালয়ার আগের রবিবার শিলিগুড়িতে পুজোর কেনাকাটার সঙ্গে জড়িয়ে গেল নস্টালজিয়া আর আবেগ।

**সময়ের কথা**

## ক্ষণস্থায়ী ক্ষমতার দম্ভেই ত্বরান্বিত পতন

**শুভঙ্কর চক্রবর্তী**



ক্ষমতা এক স্বতন্ত্র সত্তা, সেই ক্ষমতার পিছু পিছু আসে দম্ভ। ক্ষমতা এবং দম্ভ মিলে গেলে সৃষ্টি হয় স্বৈরাচারের। স্বৈরাচার যাকে আশ্রয় করে তাকেই গ্রস্ত করে। সৃষ্টির আদিকাল থেকেই এর অন্যথা হয়নি। তবুও যুগে যুগে শাসকরা এই নির্মম সত্য ভুলে যান। ক্ষমতা যে চিরস্থায়ী নয়, সেই বোধ হারিয়ে ফেলেন এবং বারে বারে হয়ে ওঠেন স্বৈরাচারী; প্রশস্ত করেন নিজের পতনের পথ।

‘জন্মিলে মরিতে হবে/ অমর কে কোথা কবে’, সৃষ্টির সেই আদি সত্যকে নিজের কবিতায় লিপিবদ্ধ করেছেন মাইকেল। ক্ষমতারও শৈশব, যৌবন, বার্ধক্য আছে। কিন্তু নেতারা ‘ক্ষমতার মধু’-কে অমৃত ভেবে ভুল করেন। মধুতে অমৃত ভ্রান্তির এই পরম্পরায় কিছুতেই ছেদ পড়ছে না। হেলিকপ্টারে শেখ হাসিনার পালিয়ে যাওয়ার ভিডিও এখনও টাটকা। ঘরের কাছে নেপালে মন্ত্রীদের রাস্তায় দৌড় করিয়ে গণধোলাইয়ের দৃশ্য ইতিহাসের পাতায় সহজে ধূসর হবে না। তবু হুঁশ ফেরে না আমাদের নেতাদের। তাঁদের দম্ভের স্বর দিন-দিন চড়া হতেই থাকে।

স্বৈরাচার, ক্ষমতা, দম্ভের প্রতীক বাস্তিল দুর্গ যে গুঁড়িয়ে দেওয়া যায়, সেটা ২৩৬ বছর আগে প্রমাণ করে দিয়েছিল প্যারিসের জনতা। ১৭৮৯-এর ১৪ জুলাই পৃথিবীকে নতুন স্বাধীনতার আলো দেখিয়েছিলেন তাঁরা। কথায় আছে, ‘ইতিহাসের সবচেয়ে বড় শিক্ষা হল, ইতিহাস থেকে কেউ শিক্ষা গ্রহণ করে না’। তাই তিরিশ বছর ক্ষমতায় থাকার পর দোর্দণ্ডপ্রতাপ সিপিএম নেতারা কল্পনাও করতে পারেননি পরের ভোটে তাঁদের দম্ভ ধুলোয় গড়াগড়ি খাবে।

প্রশ্ন জাগে, এসবে কি কিছু আসে যায় অনুব্রত মণ্ডল, উদয়ন গুহ বা শুভেন্দু অধিকারীদের? মালদা জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি আব্দুর রহিম বক্সী কি জানেন বাস্তিল দুর্গের ইতিহাস? দুশো বছর আগের কথা বাদ দিন,

*এরপর দশের পাতায়*

# দুর্নীতির ছায়া র‍্যাশন ডিলারশিপেও

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** শিক্ষক নিয়োগ দুর্নীতির মূলেই রয়েছে অযোগ্যরা। কম নম্বরপ্রাপকদের বাড়তি নম্বর দেখিয়ে চাকরি দেওয়ায় পুরো প্যানেলই বাতিল করে দিয়েছে সুপ্রিম কোর্ট। এবার ‘অযোগ্য’ অভিযোগ উঠল র‍্যাশনের ডিলারশিপ দেওয়ার ক্ষেত্রেও।

নির্দিষ্ট পরীক্ষার নম্বরের ভিত্তিতেই ডিলারশিপ দেওয়ার নিয়ম থাকলেও, একাধিক ক্ষেত্রে কম নম্বরপ্রাপকরা সুযোগ পাচ্ছেন বলে অভিযোগ। যথারীতি শাসকদলের প্রভাবের অভিযোগ উঠেছে। যোগ্য ব্যক্তিদের পরিবর্তে অযোগ্যদের লাইসেন্স দেওয়া হচ্ছে বলে মহকুমার চারটি ব্লকেই অভিযোগ শোনা যাচ্ছে। তবে ফাঁসিদেওয়ার দুটি এলাকা থেকে প্রতিবাদে গণস্বাক্ষর সংবলিত অভিযোগপত্র জমা পড়েছে খাদ্য দপ্তরে। শিক্ষক নিয়োগের রেশ টেনে অনেকেই আদালতে যাওয়ার হুমকি দিচ্ছেন। তাঁদের অভিযোগ, এক্ষেত্রেও লক্ষ লক্ষ টাকার লেনদেন হয়েছে। তবে দার্জিলিংয়ের ডিস্ট্রিক্ট লেভেল ফুড অ্যান্ড পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম কমিটির (ডিএলএফপিডিএসসি) সদস্য দার্জিলিংয়ের অতিরিক্ত জেলা শাসক সুমিতকুমার রাইয়ের দাবি, ‘স্বচ্ছতার সঙ্গেই কাজ হয়েছে। র‍্যাশন ডিলারশিপ দেওয়া নিয়ে আমাদের কাছে কোনও অভিযোগ জমা পড়েনি। অভিযোগ পেলে খতিয়ে দেখে ব্যবস্থা নেব।’ দার্জিলিংয়ের খাদ্যনিয়ামক মানিক সরকারের সঙ্গে রবিবার রাতে যোগাযোগের চেষ্টা

**যা অভিযোগ**
- কম নম্বরপ্রাপকদের দেওয়া হচ্ছে র‍্যাশন ডিলারশিপ, ক্ষোভ মহকুমায়
- লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে তৃণমূলের প্রভাব, লক্ষ লক্ষ টাকা লেনদেনের অভিযোগ
- খাদ্য দপ্তরে গণস্বাক্ষর সংবলিত অভিযোগ দায়ের, মামলার হুঁশিয়ারি গ্রামবাসীর

করা হলেও তিনি ফোন ধরেননি। ফলে তাঁর প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমাতেও গত জানুয়ারি মাসে র‍্যাশন ডিলারশিপের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল। ওই বিজ্ঞপ্তি দেখে মহকুমার বিভিন্ন ব্লকের প্রচুর মানুষ ডিলারশিপ পেতে আবেদন করেন।

*এরপর দশের পাতায়*



মা আসছেন
১৩
দিন পর

# বুকে ভয়, সেপ্টেম্বরেই কেন ভূমিকম্প হয়?

উত্তরবঙ্গ সংবাদ স্পেশাল

### বাঙালির কাছে বিশ্বকর্মাপুজো আর ভূমিকম্প এখন যেন সমার্থক। অনেকেই প্রশ্ন তুলছেন, ভূমিকম্পের পেছনে তাহলে কি সত্যিই স্বয়ং বিশ্বকর্মার জারিজুরি আছে? নাকি সবটা কাকতালীয়?

**সানি সরকার ও প্রিয়দর্শিনী বিশ্বাস**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** কুমোরটুলিতে এখন শেষমুহূর্তের ব্যস্ততা। দুর্গা প্রতিমা শুকোনোর অপেক্ষা নিয়ে বিশ্বকর্মায় শেষ তুলির টান দিচ্ছেন মৃৎশিল্পীরা। ছোট আকারের প্রতিমা অবশ্য বাজারে পৌঁছে গিয়েছে আগেই। বিশ্বকর্মাপুজো যে দোরগোড়ায়- সে কথাও জেনে গিয়েছেন কমবেশি সকলে। আর যাঁরা জানতেন না, তাঁরাও জেনে গেলেন রবিবাসরীয় বিকেলে।

কেউ কবজি ডুবিয়ে মাংস-ভাত খেয়ে ঘুম দিয়েছিলেন সপরিবার। কেউ আবার পুজোর কেনাকাটা সারবেন বলে বাজারমুখো হওয়ার তোড়জোড় করছিলেন। এমন সময় হঠাৎ কাঁপুনি। চারতলা থেকে ক্ষণিকের মধ্যে সিঁড়ি বেয়ে নেমে এসে রীতিমতো হাঁফাচ্ছিলেন হাকিমপাড়ায় শিপ্রা বসু। স্মৃতিতে তখন তাঁর ২০১১-র ভয়ংকর ভূমিকম্প। চোখদুটো যেন ছানাবড়া। কাঁপা কাঁপা গলায় শিপ্রা বলেই ফেললেন, ‘আরে মশাই, বিশ্বকর্মাপুজো এলেই কেন এমন দুলুনি দেয় বলুন তো! চারতলায় থাকি। প্রাণের ভয় তো আছে, নাকি!’

বাঙালির কাছে যে বিশ্বকর্মাপুজো আর ভূমিকম্প এখন সমার্থক হয়ে গিয়েছে, সেকথা স্পষ্ট শিপ্রার ভয়বাণীতেই। শুধু শিপ্রা কেন, বিকেল ৪টা ৪১ মিনিট-এর দুলুনি খেয়ে তাঁর মতো অনেকেই প্রশ্ন তুললেন, ‘আচ্ছা, ভূমিকম্পের পেছনে তাহলে কি সত্যিই স্বয়ং বিশ্বকর্মার জারিজুরি আছে? নাকি সত্যিই সবটা কাকতালীয়?’



*ছবি : এআই*

প্রশ্ন উঠতেই পারে। কিন্তু বিজ্ঞান তো আর আবেগে চলে না। তাই এমন যুক্তি হেলায় উড়িয়ে দিচ্ছেন ভূবিজ্ঞানীরা। যেমন জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অবসরপ্রাপ্ত ভূবিজ্ঞানী জ্ঞানরঞ্জন কয়াল বলছেন, ‘বিশ্বকর্মাপুজোর সময় বা মাঝ সেপ্টেম্বরে কেন ভূমিকম্প হচ্ছে, এভাবে বিষয়টিকে দেখা যায় না। দুটি প্লেটের সংঘর্ষে ভূকম্পন ঘটে। তবে উত্তরবঙ্গে গত কয়েক বছর ধরে কম্পন অনুভূত হওয়ায় জোনটি যে ভালনারেবল হয়ে উঠছে, তা অস্বীকার করা যায় না।’

ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজির তথ্য বলছে, এদিন রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৫.৮। উৎপত্তিস্থল অসমের তেজপুরের কাছে উদালগুড়ি। কম্পন অনুভূত হয়েছে উত্তরবঙ্গের প্রায় সর্বত্রই। কোথাও ক্ষয়ক্ষতির খবর না মিললেও, এমন ভূকম্পনে যথারীতি শুরু হয়েছে চর্চা। কেন চর্চা? একটু হাতড়ে নেওয়া যাক স্মৃতি।

সালটা ২০১১। দিনটা ১৮ সেপ্টেম্বর। সাধারণত ১৭ সেপ্টেম্বর বিশ্বকর্মাপুজো হলেও সেবার ব্যতিক্রম হয়েছিল। আর সেই বিশ্বকর্মাপুজোর দিনই কেঁপে উঠেছিল সিকিম সহ গোটা উত্তরবঙ্গ। ক্ষয়ক্ষতির পাশাপাশি প্রাণহানিও হয়েছিল প্রচুর। সেই থেকেই ‘মিথ’ চালু যে, বিশ্বকর্মাপুজো মানেই ভূমিকম্প।

*এরপর দশের পাতায়*

# শিক্ষক হতে চান মাদক পাচারে বন্দি


অপরাধ জগতে পা রাখা বেশিরভাগ মানুষেরই সমাজে সম্মানজনক জায়গায় পৌঁছানোর বাসনা থাকে না। তবে ব্যতিক্রমী এমন দু-একজন থাকেন, যাঁদের এ ধরনের ইচ্ছাপূরণে বাধা দেয় না আইনও। শিক্ষক নিয়োগের পরীক্ষায় বসে দৃষ্টান্ত স্থাপন করলেন মাদক মামলায় জেলবন্দি এক তরুণ।

মন ভালো করা

এম আনওয়ারউল হক

**বৈষ্ণবনগর, ১৪ সেপ্টেম্বর :** মাদক পাচার মামলায় অভিযুক্ত জেলবন্দি এক তরুণ রবিবার স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষায় বসলেন। বাংলাদেশের সীমান্তবর্তী কালিয়াচক থানার সাহাবাজপুরের বাসিন্দা ওই তরুণের বিরুদ্ধে ব্রাউন সুগার পাচারের অভিযোগ রয়েছে। বর্তমানে তিনি মালদা জেলা সংশোধনাগারে বন্দি। কলকাতা হাইকোর্টের নির্দেশে জেল পুলিশ এদিন তাঁকে মালদা মডেল মাদ্রাসায় পরীক্ষার জন্য নিয়ে আসে। পরীক্ষা শেষ হলে ফের তাঁকে সংশোধনাগারে ফিরিয়ে নিয়ে যাওয়া হয়।

অভিযুক্ত সাহাবাজপুর হাইস্কুল থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেন ও পরে বিহারের ভাগলপুর তিলকা মাঝি বিশ্ববিদ্যালয় থেকে বিএ ও এমএ পাশ করেছিলেন। রবিবার এডুকেশন বিষয়ে তিনি পরীক্ষা দিয়েছেন। এদিন সকাল থেকে চারজন জেল পুলিশ তাঁকে কড়া পাহারায় সংশোধনাগার থেকে পরীক্ষাকেন্দ্রে নিয়ে আসেন। হঠাৎ


ছবি : এআই

> আমার ছেলে বরাবরই পড়াশোনায় ভালো ছিল। কিন্তু ভুল সঙ্গের কারণে হয়তো অনেক ভুল করেছে। এখন পড়াশোনা করে শিক্ষক হয়ে সমাজে নিজের ভুলের প্রায়শ্চিত্ত করতে চায় সে।
>
> **অভিযুক্তের বাবা**

পুলিশ দেখে অন্য পরীক্ষার্থীরা অনেকেই প্রথমে খানিকটা আতঙ্কিত হয়ে পড়েছিলেন। পরে আদালতের নির্দেশেই অভিযুক্ত পুলিশি পাহারায় পরীক্ষা দিচ্ছেন শুনে সকলেই নিশ্চিন্ত হন। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত শিক্ষক জিয়াউর রহমান এবিষয়ে বলেন, 'আমরা কমিশনের নিয়ম মেনেই পরীক্ষা পরিচালনা করেছি। আদালতের নির্দেশে জেল পুলিশের পাহারায় ওই পরীক্ষার্থীকে বসানো হয়েছে। পরীক্ষার পরিবেশ স্বাভাবিক রাখার জন্য আমরা সচেষ্ট ছিলাম।'

এদিকে ছেলে পরীক্ষা দিতে পারায় ওই অভিযুক্তের বাবা অত্যন্ত খুশি। তাঁর বক্তব্য, 'আমার ছেলে বরাবরই পড়াশোনায় ভালো ছিল। কিন্তু ভুল সঙ্গের কারণে হয়তো অনেক ভুল করেছে। এখন পড়াশোনা করে শিক্ষক হয়ে সমাজে নিজের ভুলের প্রায়শ্চিত্ত করতে চায় সে।' এদিকে এদিন ওই কেন্দ্রে বহু চাকরিহারা পরীক্ষার্থী পরীক্ষায় বসেছিলেন। যদিও একজন দাগি পরীক্ষার্থী আসেননি। অন্যদিকে, বারাণসী থেকে অভিমন্যু সিং যাদব, গোরক্ষপুর থেকে গুলশান প্রসাদ, অযোধ্যা থেকে সবিতা মিশ্রের মতো অনেক ভিনরাজ্যের পরীক্ষার্থী ওই কেন্দ্রে এসেছিলেন।

অভিমন্যু জানান, দীর্ঘ প্রস্তুতির পর এদিন তিনি পরীক্ষা দিতে এসেছিলেন। তবে তাঁর কথায়, 'হঠাৎ পুলিশের পাহারায় কাউকে পরীক্ষা দিতে দেখে প্রথমে একটু অবাক হয়েছি।' অন্যদিকে সবিতা জানান, এভাবে একসঙ্গে পুলিশ পাহারায় কাউকে পরীক্ষা দিতে দেওয়ার ঘটনা প্রত্যক্ষ করা সত্যিই ব্যতিক্রমী।

## নেতার মৃত্যু

**করণদিঘি ও রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** সড়ক দুর্ঘটনায় মৃত্যু হল প্রাক্তন গ্রাম পঞ্চায়েত সদস্যের। মৃতের নাম সন্তোষ সিংহ (৫৬)। ঘটনায় জখম হয়েছেন তিনজন। রবিবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে বোতলবাড়ি সংলগ্ন ১২ নম্বর জাতীয় সড়কে। হতাহতরা সকলেই আলতাপুর অঞ্চলের মাছোল গ্রামের বাসিন্দা। একটি তিন চাকার যানে সন্তোষ দুই সঙ্গীকে নিয়ে আত্মীয়র বাড়িতে যাচ্ছিলেন। জাতীয় সড়ক ধরে যাওয়ার সময় সামনে একটি কুকুর চলে আসায় দ্রুতগতিতে থাকা যানটি নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায়।


### কর্মখালি

শপিং মল, ফ্যাক্টরির জন্য গার্ড চাই, বেতন:- 13,500/-, থাকা ফ্রি, খাওয়া মেস, মাসে ছুটি। M:- 85098-27671, 86536-09553. (C/117988)

•

Experienced sales person required for 5 Districts (Local Area) at Radhe Dairy Cooch Behar. (M) 9749258633. (C/118110)

•

শিলিগুড়িতে মার্কেটিং -এর জন্য স্টাফ চাই। বাইরেও যেতে হবে - বেতন - 10000/- (M) 8116743501. (C/117987)

### অ্যাফিডেভিট

আমার জন্ম শংসাপত্র রেজিস্ট্রেশন নং 2114, রেজিস্ট্রেশন তাং 30.06.1998 বাবা এবং মায়ের নাম ভুল থাকায় গত 07.8.25, J.M., দিনহাটা কোর্টে অ্যাফিডেভিট দ্বারা আমার বাবা Saheb Ali এবং Sayer Ali , মা Tahiran Bibi এবং Marjina Bibi এক এবং অভিন্ন ব্যক্তি হিসেবে পরিচিত হলেন। - Majnu Miah নাজিরগঞ্জ, ভূলকী, সাহেবগঞ্জ, কোচবিহার। (C/118108)

•

আমার ভোটার ID কার্ড নং GTM 1510288 নাম ভুল থাকায় গত 02.09.25, J.M. 3rd Court, সদর, কোচবিহার, অ্যাফিডেভিট দ্বারা আমি Nurul Amin এবং Nurul Amin Mia এক এবং অভিন্ন ব্যক্তি হিসেবে পরিচিত হলাম। দুধেরকুঠি দেওয়ানবস, সুকটাবাড়ি, কোতোয়ালি, কোচবিহার। (C/118109)

•

আমার ভোটার কার্ডের ভুলবসত ডাক নাম থাকায় গত 12/09/25 তারিখে নোটারি পাবলিক জলপাইগুড়ি হইতে অ্যাফিডেভিট বলে Shilu Datta এবং Lovely Datta এক এবং অভিন্ন ব্যক্তি বলে পরিচিত হইলাম। (C/117482)


# মৃত শাবককে কবর দিল হাতিরা

রাজু সাহা


**শামুকতলা, ১৪ সেপ্টেম্বর :** ডুয়ার্সের জঙ্গল লাগোয়া এলাকার বাসিন্দারা বুনো হাতির আতঙ্কে তটস্থ থাকেন সর্বক্ষণ। কিন্তু রবিবার ভোরের একটি ঘটনায় আবেগপ্রবণ হয়ে পড়লেন শামুকতলার কার্তিকা চা বাগানের বাসিন্দারা।

একপাল হাতি শনিবার শেষরাতে চলে এসেছিল কার্তিকা চা বাগানে। হঠাৎ বাগানের নালায় পড়ে যায় সেই পালে থাকা একটি তিন মাসের শাবক। অন্য হাতিরা দীর্ঘক্ষণ ধরে সেটিকে টেনে তোলার চেষ্টা করেও ব্যর্থ হয় এবং সেখানেই মৃত্যু হয় শাবকটির। এরপর নালার মধ্যেই তাকে মাটিচাপা দিয়ে দেয় অন্য হাতিরা। ঘটনার প্রত্যক্ষদর্শী কেউ না থাকলেও পরবর্তীতে মাটি চাপা দেওয়া শাবককে দেখে এমন ঘটনা ঘটেছে বলেই অনুমান বনকর্তাদের। তাঁদের বক্তব্য, হাতিদের এমন আচরণ অতীতে অনেকেই দেখেছেন।

ভোরের দিকে হাতিদের চিৎকার শুনতে পেরেছিলেন শ্রমিক মহল্লার বাসিন্দারা। সেখানে হাতি আসা প্রায় রোজকার ব্যাপার। কিন্তু তাঁরা বুঝতে পারেননি যে হস্তীশাবকের মৃত্যু হয়েছে। আরেকটু সকাল হলে শ্রমিকরা ওই এলাকায় গিয়ে দেখতে পান, মাটি চাপা দেওয়া হস্তীশাবকের একটি পা বের হয়ে আছে। তারপরেই তাঁরা বন দপ্তরে খবর দেন। এরপর দেহটি উদ্ধার করে নিয়ে যান বনকর্মীরা।

বনকর্তারা জানাচ্ছেন, বক্সার জঙ্গল থেকে বেরিয়ে ওই চা বাগানে এসেছিল একপাল হাতি। এত ছোট শাবকটি কোনওভাবে বাগানের নালায় পড়ে যায় এবং গুরুতর আঘাত পায়। এরপর অন্য হাতিরা সেটিকে তোলার আপ্রাণ চেষ্টা করে। কিন্তু আঘাতপ্রাপ্ত শাবকটি মৃত্যুর কোলে ঢলে পড়ে। এরপর সেটিকে মাটি চাপা দিয়ে জঙ্গলে ফিরে যায় দলের অন্যরা। বক্সা ব্যাঘ্র-প্রকল্পের পূর্ব বিভাগের ক্ষেত্র উপ অধিকর্তা দেবাশিস শর্মা বলেন, 'নালায় পড়ে গিয়ে ওই মর্দা হস্তীশাবকটির মৃত্যু হয়েছে। সেটির বয়স আনুমানিক তিন মাস। দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে।'

এদিকে, শাবকটির এমন মৃত্যুতে বাগানবাসী ব্যথিত। এলাকার বাসিন্দা বাবুচন্দ বলেন, 'আমরা হাতির ডাক শুনেছিলাম। কিন্তু এমন ঘটনা ঘটেছে, কেউ বুঝতে পারিনি। আর শাবকের মৃত্যুর পর মাটি চাপা দেওয়ার বিষয়টি আমদের অবাক করছে।' পরিবেশপ্রেমী জীবনকৃষ্ণ রায়ের মন্তব্য, 'ভারত সহ আফ্রিকার নানা জায়গায় এ ধরনের অনেক ঘটনা ঘটেছে। মৃত হাতিকে কবর দিয়ে সমাধিস্থ করার রীতি ওদের মধ্যে রয়েছে।'


মৃত হস্তীশাবক। শামুকতলার কার্তিকা চা বাগানে। রবিবার।



জলদাপাড়ায় সাফারির রাস্তা সাফাই। (ডানে) গরুমারায় সাফারির রাস্তা সংস্কার।

# কাল খুলছে তিন জঙ্গল, বাড়ছে না খরচ

উত্তরবঙ্গ ব্যুরো

১৪ সেপ্টেম্বর : মঙ্গলবার ১৬ সেপ্টেম্বর থেকে পর্যটকদের জন্য খুলে যাচ্ছে ডুয়ার্সের জঙ্গল। বর্ষা এবং বন্যপ্রাণীদের প্রজননকালে প্রতিবছর ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত সাধারণ মানুষের জঙ্গলে প্রবেশ নিষিদ্ধ থাকে। সেই সময়কাল শেষে মঙ্গলবার থেকে দরজা খুলবে গরুমারা ও জলদাপাড়া জাতীয় উদ্যান এবং বক্সা ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র। তার আগে শেষমুহূর্তের প্রস্তুতি সারতে তুঙ্গে তোড়জোড়। পর্যটকরা যাতে দূর থেকে বন্যপ্রাণীদের নির্বিঘ্নে দেখতে পারেন, তাই বেড়ে ওঠা আগাছার জঙ্গল সাফাই করার কাজ প্রায় শেষ। এছাড়া জলদাপাড়ায় পাঁচটি হাতিকে রাইডিংয়ের জন্য নির্ধারণ করা হয়েছে। বসানো হয়েছে নতুন সাইনবোর্ড।

জলদাপাড়া জাতীয় উদ্যানের বিভাগীয় বনাধিকারিক পারভিন কাশোয়ান বলেন, 'পর্যটকদের নিরাপত্তা বাড়াতে জলদাপাড়া টাওয়ারের চারদিকে নতুন তারের বেড়া দেওয়া হয়েছে। এছাড়া টাওয়ারের চারদিকে গভীর খাদ তৈরি করা হয়েছে। হাতি রাখার শেডগুলি আরও দূরে সরানো হয়েছে। এর ফলে পর্যটকদের সাফারির গাড়ি পার্কিংয়ের সুবিধা হবে। লবণাক্ত এলাকা পরিষ্কার করা হয়েছে।' তিনি জানালেন, এছাড়াও ১৯৯১ থেকে ২০২৫ সাল পর্যন্ত ২৪ জন বনকর্মী হাতি, গন্ডার, বাইসন ও কাঠ মাফিয়াদের হাতে মারা গিয়েছেন। তাঁদের স্মৃতিতে একটি স্মৃতিসৌধ তৈরি করা হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রীর নির্দেশে গতবছর থেকে বিনা টিকিটে গরুমারা জাতীয় উদ্যানে ঢুকতে পারছেন পর্যটকরা। লাটাগুড়ির জঙ্গলে সাফারির জন্য পর্যটকদের মাথাপিছু ২৫ টাকা টিকিট লাগলেও চলতি বছর লাটাগুড়ি ও গরুমারার জঙ্গলে অপরিবর্তিত থাকছে জিপসির ভাড়া ও গাইড খরচ। জঙ্গল খোলার আগে লাটাগুড়ির পাশাপাশি গরুমারা জঙ্গলে রাস্তা সংস্কারে উদ্যোগী হয়েছে বন দপ্তর। এতে খুশি পর্যটন ব্যবসায়ীরা। তবে পর্যটকদের স্বার্থে স্বল্পমূল্যে অনলাইন টিকিট চালুর দাবি জানিয়েছে পর্যটন ব্যবসায়ী সংগঠনগুলি।

গত জানুয়ারি মাসে আলিপুরদুয়ারে প্রশাসনিক বৈঠকে, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পর্যটকদের কাছ থেকে জঙ্গলে প্রবেশের টিকিট না নেওয়ার নির্দেশ দেন। পাশাপাশি জিপসির ও গাইডের খরচ না বাড়ায় অনেকটা স্বস্তিতে পর্যটকরা। সারাই করা হয়েছে জঙ্গলের ভেতরে বেহাল পথ। লাটাগুড়ি জিপসি ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক সমীর দেব বলেন, 'জঙ্গলে রাস্তাঘাট বেহাল থাকলে সেই বেহাল রাস্তায় পর্যটকদের নিয়ে জিপসি গাড়ি চালানো ঝুঁকিপূর্ণ হয়ে যেত। রাস্তা সাফাই হওয়ায় পর্যটকদের জঙ্গলে নিয়ে যাওয়া সহজসাধ্য হবে।' ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ফোরামের সাধারণ সম্পাদক বিপ্লব দে বলেন, 'অনলাইনে জঙ্গলে প্রবেশে টিকিট চালু করুক বন দপ্তর। না হলে অনেকে দ্বিধায় থাকেন, তাঁরা জঙ্গলে প্রবেশ করতে পারবেন কি না?' একই দাবি জানিয়েছেন ডুয়ার্সের পর্যটন ব্যবসায়ী উজ্জ্বল শীল। উত্তরবঙ্গ বন্যপ্রাণী বিভাগের বনপাল ভাস্কর জেভি জানান, আপাতত কোনও খরচই বাড়ছে না জঙ্গলে প্রবেশের ক্ষেত্রে।

মঙ্গলবার থেকে শুরু হচ্ছে বক্সা টাইগার রিজার্ভে জিপসি সাফারি। রাজাভাতখাওয়া ও জয়ন্তী থেকে সাফারি করা যায়। এই দু'জায়গা থেকেই সাফারি করা যাবে। নতুন কোনও জায়গা থেকে সাফারি চালু হচ্ছে না বলে বন দপ্তর সূত্রে খবর। এদিন বক্সা টাইগার রিজার্ভের ডিএফডি হরিকৃষ্ণন পিজে বলেন, 'আশা করি, পর্যটকদের কোনও সমস্যা হবে না'। তবে বক্সা টাইগার রিজার্ভে হাতি সাফারির কথা থাকলেও বিষয়টি নিশ্চিত হয়নি বলে জানাচ্ছেন বনকর্তারা।

## সোমবার বোনাস না পেলে ১৮-য় পথে বিটিডব্লিউইউ

**বীরপাড়া, ১৪ সেপ্টেম্বর :** বোনাস নিয়ে রাজ্য সরকারের ওপর চাপ বাড়াতে শুরু করল ভারতীয় টি ওয়ার্কার্স ইউনিয়ন (বিটিডব্লিউইউ)। শ্রমমন্ত্রী মলয় ঘটক চা বাগানের মালিকপক্ষের সংগঠনগুলিকে শ্রমিকদের ২০ শতাংশ হারে পুজোর বোনাস দেওয়ার পরামর্শ দেন। ১৫ সেপ্টেম্বরের মধ্যে বোনাস দেওয়ার কথা। এখনও অনেক চা বাগানে বোনাস মেটানো হয়নি। সোমবারের মধ্যে বোনাস দেওয়া না হলে ১৮ সেপ্টেম্বর শিলিগুড়ির অতিরিক্ত শ্রম কমিশনারকে ঘেরাও করবে বিটিডব্লিউইউ। রবিবার বীরপাড়ায় এক বৈঠকে এই সিদ্ধান্ত নিয়েছে সংগঠন।

আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ তথা বিটিডব্লিউইউ-এর চেয়ারম্যান মনোজ টিগ্গা বলেন, '২০ শতাংশ হারে বোনাস দেওয়ার কথা শ্রম দপ্তর ঘোষণা করেছে। তাই শ্রমিকদের ওই হারে বোনাস পাইয়ে দেওয়া শ্রম দপ্তরের দায়িত্ব। সোমবারের মধ্যে প্রত্যেকটি চা বাগানে বোনাস দেওয়া না হলে ১৮ সেপ্টেম্বর অতিরিক্ত শ্রম কমিশনারকে ঘেরাও করা হবে।' এদিনের বৈঠকে ছিলেন নাগরাকাটার বিধায়ক পুনা ভেংরা সহ অনেকে।






# রাস্তার ধারে ত্রিপল টাঙিয়ে ভোলা'র চিকিৎসা

বাবাই দাস

**তুফানগঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** কারও কাছে ধর্মের প্রতীক, আবার কারও কাছে শিবঠাকুরের বাহন। তবুও সবার এখন চিন্তা ভোলার জন্য। শরীরে বেশ হৃষ্টপুষ্ট, দেখলেই তাক লেগে যায়। ৬ বছরে প্রায় ৩৫০ কেজি ওজনের ষাঁড় ভোলা। দিন পাঁচেক আগেই ন্যাশনাল ক্লাব সংলগ্ন ১৭ নম্বর জাতীয় সড়কে পিকআপ ভ্যানের ধাক্কায় গুরুতর আহত হয় সে। এরপরেই রাস্তার ধারে কাতরাতে থাকে সে। ভোর হওয়ার পরেই অসুস্থ অবস্থায় ভোলাকে পড়ে থাকতে দেখে উদ্ধারকাজে হাত বাড়ান স্থানীয় মানুষজন।

ষাঁড়টি স্থানীয় মানুষের কাছে ভোলা নামেই পরিচিত। কাঠফাটা রোদ হোক বা কনকনে শীত, সকাল ও দুপুর হলেই সে হাজির হত বিভিন্ন দোকানে। এরপর মুখে খাবার তুলে দিলেই চুপচাপ বিদায় নিত সে। আচমকাই তার এই অসুস্থতাকে কোনওমতে মেনে নিতে পারছেন না এলাকার মানুষজন। চামটা মোড় এলাকার পান ব্যবসায়ী সমীর সাহার কথায়, 'সকালবেলা ভোলাকে পড়ে থাকতে দেখে প্রথমে একটি নিরাপদ স্থানে নিয়ে আসা হয়। এরপর আহত ভোলার চিকিৎসার জন্য রাস্তার ধারে তড়িঘড়ি ত্রিপল টাঙিয়ে তৈরি করা হয়েছে অস্থায়ী ঘর।



পরবর্তীতে চিকিৎসার জন্য আমরা পশু হাসপাতালের দ্বারস্থ হই।' তবে চিকিৎসক একবার এসেই, আর তাঁর কোনও পাত্তা নেই বলে অভিযোগ করেন তিনি। বর্তমানে কোচবিহারের একটি এনজিও ভোলার চিকিৎসা চালিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন তিনি।

হাসপাতালের চিকিৎসকের প্রতি ক্ষোভ প্রকাশ করেন ওই এলাকার অন্য ব্যবসায়ী গণেশ অধিকারী, পিনাকী দাসেরা। তাঁদের প্রশ্ন, সরকারি হাসপাতাল যদি মুখ ফিরিয়ে নেয়, তাহলে পাশে দাঁড়াবেটা কে? বর্তমানে বাধ্য হয়ে তাঁরা বেসরকারি সংস্থার সঙ্গে যোগাযোগ করেছেন। কেউ ওষুধ জোগাড় করে দিচ্ছেন, আবার কেউ মশারিও দিয়েছেন।

যদিও এ ব্যাপারে তুফানগঞ্জ পশু হাসপাতালের চিকিৎসক শক্তিপদ কর্মকারের বক্তব্য, 'ইতিমধ্যে আমরা চিকিৎসা চালিয়েছি। গোরুটির সামনের পা, চোয়াল ও শিং বিপজ্জনকভাবে ভেঙে গিয়েছে। শরীরের ভিতরে রক্ত জমাটের সম্ভাবনাও রয়েছে। বর্তমানে ২৪ ঘণ্টা চিকিৎসা চালানোর জন্য যে পরিকাঠামো প্রয়োজন, তা এই হাসপাতালে নেই। তারপরেও গোরুটিকে যাতে বাঁচানো যায় সেই চেষ্টাই চালিয়ে যাওয়া হচ্ছে।'

শনিবার গিয়ে দেখা গেল, স্থানীয় দোকানদাররাই ভোলার দেখভাল চালিয়ে যাচ্ছেন। মানুষের এই সহমর্মিতা সমাজে এক বিরল নজির বলেই মনে করছেন অনেকে।

## আজ টিভিতে


ভোলে বাবা পার করেগা বিকেল ৫.৩০ স্টার জলসা

**জি বাংলা সোনার :** বেলা ১১.০০ সংঘর্ষ, দুপুর ২.০০ অভিমন্যু, বিকেল ৪.৩০ পিতা মাতা সন্তান, রাত ১১.০০ হুব্বা

**জলসা মুভিজ :** সকাল ১০.৪৫ কীর্তন, দুপুর ১.৩০ ঘাতক, বিকেল ৪.৩০ অগ্নি, রাত ৮.০০ মিস কল, রাত ১০.৪৫ জামাইবাবু জিন্দাবাদ

**কালার্স বাংলা সিনেমা :** সকাল ৯.৪৫ নাচ নাগিনী নাচ রে, দুপুর ১.০০ শ্বশুরবাড়ি জিন্দাবাদ, বিকেল ৪.০০ মিনিস্টার ফাটাকেষ্ট, সন্ধে ৭.০০ অন্নদাতা, রাত ১০.৩০ কেঁচো খুঁড়তে কেউটে

**কালার্স বাংলা :** দুপুর ২.০০ আপন হল পর

**আকাশ আট :** বিকেল ৩.০৫ তুমি কত সুন্দর

**জি অ্যাকশন :** বেলা ১১.২৭ মেরা ভাই বিগ ব্রাদার, দুপুর ১.৫৯ শেষনাগ, বিকেল ৪.৪০ অন্তিম : দ্য ট্রুথ, সন্ধে ৭.২৮ ইচ্ছাধারী কিং কোবরা, রাত ৯.৪০ নরসিমহা রেড্ডি

**জি বলিউড :** সকাল ১০.৪৫ হমারা দিল আপকে পাস হ্যায়, দুপুর ১.২৮ নসীব, বিকেল ৪.৫২ ফুল বনে অঙ্গারে, রাত ৮.০০ রাম তেরি গঙ্গা মইলি, রাত ১১.১৫ মেরা হক

**অ্যান্ড পিকচার্স :** দুপুর ১২.১৭ গাঙ্গুবাই কাথিয়াওয়াড়ি, বিকেল ৩.০১ দবং, ৫.২৮ কালীবীরা, সন্ধে ৭.৩০ তিরাঙ্গা, রাত ১০.১২ ফুকরে-থ্রি


প্রাণের উৎসব সন্ধে ৭.৩০ সান বাংলা


রাম তেরি গঙ্গা মইলি রাত ৮.০০ জি বলিউড

**অ্যান্ড এক্সপ্লোর এইচডি :** দুপুর ১২.২৫ ব্ল্যাক অ্যান্ড হোয়াইট, ২.৩৭ মিলি, বিকেল ৪.৪৫ ফিরাক, সন্ধে ৬.২৮ জনহিত মে জারি, রাত ৯.০০ মাডগাঁও এক্সপ্রেস, ১১.২৮ ইংলিশ ভিংলিশ



মাটন কালা ভুনা তৈরি শেখাবেন মিতা দাস। রাঁধুনি দুপুর ১.৩০ আকাশ আট

## আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ : কর্মপ্রার্থীরা ভালো খবর পেতে পারেন। সম্পত্তি নিয়ে মামলার নিষ্পত্তি হতে পারে। চোখের অসুখে ভোগান্তি বাড়বে। বৃষ : বাড়িতে আত্মীয়স্বজনের আগমনে আনন্দ। বহুদিনের কোনও পড়ে থাকা কাজ ফের শুরু করতে পারেন। অর্থিক সমস্যা কাটবে। মিথুন : কর্মক্ষেত্রে কোনও উচ্চপদস্থ ব্যক্তির সুপারিশে পদোন্নতি। নিকট আত্মীয়ের কুট চালে সংসারে অশান্তি। কর্কট : বাড়িঘর নির্মাণের আগে গুরুজনদের সঙ্গে পরামর্শ করে নিন। ভ্রমণের পরিকল্পনায় শারীরিক সমস্যা বাধা হতে পারে। সিংহ : যেচে কাউকে উপকার করতে দিয়ে সমস্যায় পড়তে পারেন। ঘরের কোনও জটিল বিষয় নিয়ে পারিবারিক আলোচনা। কন্যা : ফেলে রাখা কোনও সামগ্রী ফের কাজে লাগতে পারে। ব্যবসার জন্য ভিনরাজ্যে যাওয়ার সম্ভাবনা। তুলা : স্বামী-স্ত্রীর যৌথ প্রচেষ্টায় ব্যবসায় শ্রীবৃদ্ধি ঘটবে। পথেঘাটে খুব সাবধানে চলাফের করবেন। বৃশ্চিক : অলসতার কারণে কোনও হওয়া কাজ পণ্ড হতে পারে। দামি সামগ্রী চুরি যেতে পারে। ধনু : সংসারের কাজে দায়িত্ব বাড়বে। অংশীদারি ব্যবসায় নজর না দিলে সমস্যা হতে পারে। প্রেমে দোলাচল থাকবে। মকর : জমি কেনাবেচা নিয়ে অইনজ্ঞের সঙ্গে পরামর্শ করুন। কর্মক্ষেত্রে কাজের দায়িত্ব বাড়বে। লটারিতে অর্থপ্রাপ্তির দেখা। কুম্ভ : বাকপটুতার জন্য সামাজিক সম্মান বাড়বে। বন্ধুর পরামর্শে কর্মক্ষেত্রে অশান্তি দূর হবে। মীন : কোনও আত্মীয়ের কারণে ব্যবসায় প্রচুর ক্ষতি হতে পারে। গুরুজনদের সঙ্গে তর্কবিতর্ক থেকে সাবধান।

## দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ২৯ ভাদ্র, ১৪৩২, ভাঃ ২৪ ভাদ্র, ১৫ সেপ্টেম্বর, ২০২৫, ২৯ ভাদ, সংবৎ ৮/৯ আশ্বিন বদি, ২২ রবিঃ আউঃ। সূঃ উঃ ৫।২৬, অঃ ৫।৪০। সোমবার, অষ্টমী দিবা ৬।৩৬ পরে নবমী শেষরাত্রি ৪।৩৪। মৃগশিরানক্ষত্র দিবা ১১।৪৭। অসৃকযোগ দিবা ৯।৫৯। কৌলবকরণ দিবা ৬।৩৬ গতে তৈতিলকরণ সন্ধ্যা ৫।৩৫ গতে গরকরণ শেষরাত্রি ৪।৩৪ গতে বণিজকরণ। জন্মে- মিথুনরাশি শূদ্রবর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ দেবগণ অষ্টোত্তরী রবির ও বিংশোত্তরী মঙ্গলের দশা, দিবা ১১।৪৭ গতে নরগণ অষ্টোত্তরী চন্দ্রের ও বিংশোত্তরী রাহুর দশা। মৃতে- দোষ নাই। যোগিনী- ঈশানে, দিবা ৬।৩৬ গতে পূর্বে, শেষরাত্রি ৪।৩৪ গতে উত্তরে। কালবেলাদি- ৬।৫৮ গতে ৮।৩০ মধ্যে ও ২।৩৬ গতে ৪।৮ মধ্যে। কালরাত্রি- ১০।৫ গতে ১১।৩৩ মধ্যে। যাত্রা- নাই। শুভকর্ম- দীক্ষা। বিবিধ (শ্রাদ্ধ)- নবমীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমৃতযোগ- দিবা ৭।৩ মধ্যে ও ১০।১৯ গতে ১১।৪৭ মধ্যে এবং রাত্রি ৬।২৯ গতে ৮।৪৯ মধ্যে ১১।১০ গতে ২।১৭ মধ্যে। মাহেন্দ্রযোগ- দিবা ৩।১৪ গতে ৪।৫৩ মধ্যে।

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনও এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের সত্যতা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনও প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।

## ছন্দে ফিরছে পানিট্যাঙ্কি সীমান্ত

**খড়িবাড়ি, ১৪ সেপ্টেম্বর :** নেপালে রাজনৈতিক পালাবদলের আবহে রবিবার অনেকটাই স্বাভাবিক ছিল পানিট্যাঙ্কি সীমান্ত এলাকা। পানিট্যাঙ্কি স্থলবন্দরে আটকে থাকা নেপালগামী পণ্যবাহী ট্রাকগুলি ছাড়া শুরু করেছে শুল্ক দপ্তর। এদিন সন্ধ্যা পর্যন্ত প্রায় দেড়শোটি পণ্যবাহী ট্রাককে নেপালে যাওয়ার অনুমতি দিয়েছে শুল্ক দপ্তর। পানিট্যাঙ্কি কাস্টমস হাউস এজেন্ট পান্নালাল চক্রবর্তী বলেন, 'সবজি ও ফলের ২০টি গাড়ি, পেট্রোপণ্যের ১৫টি গাড়ি ছাড়া হয়েছে। ১১৫টি গাড়িকে শুল্ক দপ্তর ছেড়েছে। তবে সীমান্তে মোতায়েন এসএসবি জওয়ানদের কড়া নজরদারির জন্য গাড়িগুলি ছাড়তে অপেক্ষাকৃত দেরি হচ্ছে।'

এদিকে নেপালের কাঁকরভিটা, বিত্তা মোড় সহ বিভিন্ন এলাকায় দোকানপাট খুলে গিয়েছে। নেপালে যাত্রীবাহী গাড়ি চলাচল শুরু করেছে। তবে ভারত-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি-কাঁকরভিটা বর্ডার দিয়ে কোনও যাত্রীবাহী গাড়ি চলাচল এখনও শুরু হয়নি। গত চারদিনের মতো এদিনও নেপালের নাগরিকদের সেদেশে যেতে দেওয়া হচ্ছে। অপরদিকে নেপালে আটকে থাকা ভারতীয় পর্যটক ও নাগরিকদের এদেশে ঢুকতে দেওয়া হচ্ছে। জরুরিভিত্তিতে নেপালের নাগরিকদেরও উপযুক্ত প্রমাণপত্র দেখানোর পর ভারতে প্রবেশের অনুমতি দেওয়া হচ্ছে বলে এসএসবির তরফে জানানো হয়েছে।

## পরীক্ষা

**বাগডোগরা, ১৪ সেপ্টেম্বর :** চোখের রোগে ভুগছেন। তবুও উত্তরপ্রদেশের গাজিয়াবাদ থেকে বাগডোগরা কালীপদ ঘোষ তরাই মহাবিদ্যালয়ে এসএসসি পরীক্ষা দিতে এসেছেন এক তরুণী। তিনি পরীক্ষা হলে বসার পরে হলের টিউবলাইটের সাদা আলোয় রং দেখতে ও চিনতে সমস্যা হয়। শেষপর্যন্ত কলেজের অধ্যক্ষের ঘরের সামনে বারান্দায় বসে পরীক্ষা নেওয়া হয়। কলেজের অধ্যক্ষ মীনাক্ষী চক্রবর্তী বলেন, 'এই পরীক্ষার্থীর চোখের সমস্যা রয়েছে। সাদা আলোয় দেখতে অসুবিধা হওয়ার জন্য আমার ও সিসি ক্যামেরার নজরদারিতে পরীক্ষা নেওয়া হয়।'

দুর্নীতির কারণে ২০১৬ সালের গোটা প্যানেল বাতিল করেছে সুপ্রিম কোর্ট। যোগ্য হয়েও অনেকে চাকরি হারিয়েছেন। নতুন করে পরীক্ষা নেওয়া হলেও, কতটা স্বচ্ছভাবে নিয়োগ হবে, তা নিয়ে উঠছে প্রশ্ন।

# 'এসএসসির উপর ভরসা নেই'

## ফের পরীক্ষায় বসে অশ্রুসজল ববিতা

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** তাঁর করা মামলাতেই চাকরি গিয়েছিল রাজ্যের প্রাক্তন মন্ত্রী পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতা অধিকারীর। শিক্ষক নিয়োগ দুর্নীতির পর্দা ফাঁস হয়েছিল সেখান থেকেই। সেই ববিতা সরকারই ফের শিক্ষক হওয়ার পরীক্ষায় বসলেন। রবিবার এসএসসির একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষায় বসেছিলেন তিনি। ববিতার পরীক্ষার সিট পড়েছিল শিলিগুড়ির বরদাকান্ত বিদ্যাপীঠে। পরীক্ষা শেষে ববিতা জানালেন, একসময় তিনি নিজেই পরীক্ষা নিয়েছেন, এদিন তাই পরীক্ষা হলে ঢুকে কান্না পাচ্ছিল তাঁর। তবুও মনকে কিছুটা বুঝিয়ে যতটা পেরেছেন ভালোমতো পরীক্ষা দেওয়ার চেষ্টা করেছেন। কিন্তু এসএসসির উপর যে তাঁর বিন্দুমাত্র ভরসা নেই, তা এদিন আরও একবার স্পষ্ট করে দেন ববিতা। পরীক্ষার পর মেধাতালিকা কতটা স্বচ্ছভাবে তৈরি হবে, তা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

শিলিগুড়ির ববিতা সরকারের দায়ের করা মামলাতেই রাজ্যে শিক্ষাক্ষেত্রে নিয়োগ দুর্নীতির মুখোশ খুলে গিয়েছিল। চাকরি হারাতে হয়েছিল মন্ত্রী-কন্যা অঙ্কিতাকে। আদালতের নির্দেশে সেই চাকরি পান ববিতা। যদিও তথ্যগত ভ্রান্তির কারণে সেই চাকরি তিনিও ধরে রাখতে পারেননি। পরে ববিতার চাকরি পান শিলিগুড়িরই অনামিকা রায়। সুপ্রিম কোর্ট পুরো প্যানেল বাতিল করলে চাকরি যায় অনামিকারও।

৭ সেপ্টেম্বর নবম ও দশম শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষায় ববিতা অংশগ্রহণ করেননি। এদিন পরীক্ষা দিয়ে বেরিয়ে তিনি প্রথমে সংবাদমাধ্যমের মুখোমুখি হতে চাননি। পরে অবশ্য বলেন, 'পরীক্ষা দিলেও এসএসসির উপর আর ভরসা নেই। ইন্টারভিউ প্রক্রিয়ায় এসএসসি কাকে কী নম্বর দেয়, তার কোনও ঠিক থাকে না। সবটাই আগে ভুলে ভরা ছিল। সেখানে ২০ নম্বরের ইন্টারভিউতে কী হবে, তা নিয়ে সংশয় থেকে যাচ্ছে। তবুও আশায় বুক বেঁধেই এদিন পরীক্ষা দিয়েছি।'

এসএসসির ওপর ক্ষোভ উগরে ববিতার সংযোজন, 'ওএমআর শিট হাতে পেতে তথ্য জানার অধিকার আইনে আবেদন করেছিলাম। কিন্তু তারপরও এসএসসি আমার ওএমআর দেয়নি। সেকারণে আমার ওএমআর শিটে কারচুপি করেছে কি না, তা প্রমাণ করতে পারিনি। যারা দুর্নীতি করল তাদের হাতেই নতুন করে পরীক্ষার দায়িত্ব দেওয়া হয়েছে।'

দুর্নীতির কারণে ২০১৬ সালের গোটা প্যানেল বাতিল করেছে সুপ্রিম কোর্ট। যোগ্য হয়েও অনেকে চাকরি হারিয়েছেন। নতুন করে পরীক্ষা নেওয়া হলেও, অনেকেই সেভাবে প্রস্তুতি নিতে পারেননি বলে এদিন জানিয়েছেন। স্বচ্ছতা বজায় রাখতে এবছর ওএমআর শিটের কার্বন কপি পরীক্ষার্থীদের দিয়ে দেওয়া হচ্ছে।



পরীক্ষা দিয়ে বেরিয়ে আসছেন ববিতা সরকার। রবিবার। ছবি : সূত্রধর

**চাকরি-বৃত্তান্ত**

- ববিতা সরকারের দায়ের করা মামলাতেই শিক্ষাক্ষেত্রে নিয়োগ দুর্নীতির মুখোশ খুলে গিয়েছিল
- চাকরি হারাতে হয়েছিল মন্ত্রী-কন্যা অঙ্কিতাকে
- আদালতের নির্দেশে সেই চাকরি পান ববিতা
- যদিও তথ্যগত ভ্রান্তির কারণে সেই চাকরি তিনি ধরে রাখতে পারেননি
- পরে ববিতার চাকরি পান শিলিগুড়িরই অনামিকা রায়
- সুপ্রিম কোর্ট পুরো প্যানেল বাতিল করলে চাকরি যায় অনামিকারও

## বাইক চুরির তদন্তে অন্তরায় ক্যামেরা

**নকশালবাড়ি, ১৪ সেপ্টেম্বর :** হাসপাতালকর্মী মায়ের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন ছেলে। জরুরি বিভাগের সামনে রেখেছিলেন তাঁর মোটরবাইক। কিছুক্ষণ পর ফিরে এসে দেখেন বাইকটি উধাও! এদিকে বিকল সিসিটিভি ক্যামেরা। ফলে তদন্তে নেমে সমস্যায় পুলিশ। নকশালবাড়ি থানার ওসি পুলক রায়ের কথায়, 'কিছুদিনের মধ্যে হাসপাতালে তিনবার চুরি হল। কর্তৃপক্ষকে উপযুক্ত পদক্ষেপ করতে হবে।' সঙ্গে তিনি এ-ও বলেন, 'হাসপাতাল চত্বর পার্কিংয়ের জায়গা নয়। অথচ বিএমওএইচ অনুমতি দিচ্ছেন। সিসিটিভি ক্যামেরা ঠিক নেই। কর্তৃপক্ষের সঙ্গে কথা হয়েছে। আমরা তদন্ত শুরু করেছি।'

ঘটনাটি ঘটে শনিবার রাতে। রায়পাড়ার বাসিন্দা বিশাল বাসফোর নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালের জরুরি বিভাগের সামনে বাইক রেখে ওপর তলায় নিজের মায়ের সঙ্গে দেখা করতে যান। কিছুক্ষণ পর ফিরে এসে বাইকটি খুঁজে পাননি। এরপর তিনি নকশালবাড়ি থানায় অভিযোগ জানান।

বিশাল বলেন, 'আমার মা হাসপাতালের কর্মী। কিছুদিন আমিও হাসপাতালে অস্থায়ী কর্মী হিসেবে কাজ করেছি। এখন অন্য জায়গায় কাজ করি।'

সম্প্রতি নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালে পরপর চুরি হচ্ছে। রোগীদের মোবাইল, সাইকেল থেকে শুরু করে টোটো পর্যন্ত চুরি হয়েছে। কিন্তু চুরির কিনারা করতে তদন্তে নেমে বারবারই সমস্যায় পড়েছে পুলিশ। কারণ সিসিটিভি ক্যামেরা বিকল। নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালে মোট ১৬টি ক্যামেরা রয়েছে। জরুরি বিভাগের সামনে রয়েছে ২টি। আর ওই ২টি ক্যামেরাই দীর্ঘদিন ধরে খারাপ।

রোগীদের আত্মীয়পরিজন হাসপাতালের বিএমওএইচের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন। অভিযোগ, তিনি বেশিরভাগ দিন গ্রামীণ হাসপাতালে না এসে শিলিগুড়ির এক বেসরকারি ক্লিনিকে রোগী দেখেন।

বিশাল জানান, তিনি জরুরি বিভাগের সামনে বাইক রাখার সময় ক্যামেরা দেখেছিলেন। কিন্তু তাঁর জানা ছিল না সেটি বিকল। এদিকে হাসপাতালে বাইক পার্কিং করা নিয়ে পালটা বিতর্ক শুরু হয়েছে।



টানা বৃষ্টিতে মহানন্দায় জল বেড়েছে। এই সুযোগে নদীতে জাল ফেলে মাছ ধরার ব্যস্ততা। রবিবার। ছবি : সূত্রধর

# জুতো হাতে ঝুঁকি নিয়ে পারাপার

**ফাঁসিদেওয়া, ১৪ সেপ্টেম্বর :** প্রশাসনের তরফে আশ্বাসই সার। অথচ ফাঁসিদেওয়া ব্লকের ঘোষপুকুর গ্রাম পঞ্চায়েতের ভালোমানসি হাট সংলগ্ন গঙ্গারামের টুনা নদীর ওপর পাকা কালভার্ট তৈরি না হওয়ায় বিপাকে সাধারণ মানুষ। হাতে জুতো নিয়ে নদী পারাপার করছে আট থেকে আশি। স্থানীয়রা সরাসরি আঙুল তুলেছেন ফাঁসিদেওয়ার বিধায়ক দুর্গা মুর্মুর দিকে। অভিযোগ, তিনি কালভার্ট তৈরির প্রতিশ্রুতি দিলেও তা বাস্তবায়িত করেননি।

এদিকে, ফাঁসিদেওয়া পঞ্চায়েত সমিতির সভাপতি রিনা এক্কা বলছেন, 'কালভার্ট তৈরি করতে অনেক টাকার প্রয়োজন। আমাদের পক্ষে তা করা সম্ভব হয়ে উঠছে না। ওয়েস্ট বেঙ্গল স্টেট রুরাল ডেভেলপমেন্ট অথরিটিকে কালভার্ট তৈরির আর্জি জানানো হয়েছে।'

২০২৩ সালের বর্ষায় নদীর জলের তোড়ে কাছে থাকা ওই কালভার্টটি ভেঙে পড়ে। পরে গ্রাম পঞ্চায়েত বেডমিশালি ফেলে যাতায়াতের জন্য অস্থায়ী ব্যবস্থা করে। কিন্তু ২০২৪ সালের বর্ষায় ফের ভাঙা কালভার্টের বাকি অংশও ভেসে যায়। এরপর থেকে সমস্যা আরও বেড়েছে। আগে কালভার্ট থাকলেও স্থানীয়রা বর্তমানে সেতু তৈরির দাবি জানিয়েছেন। কারণ নদীটি চওড়ায় অনেকটাই।

গঙ্গারাম, ভালোমানসি সহ সংলগ্ন আরও আটটি গ্রামের মানুষের যাতায়াতের রাস্তা ওই কালভার্ট। গঙ্গারাম প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার রাস্তাও ওটাই। দৈনিক কয়েক হাজার মানুষ যাতায়াত করেন। এখন কার্যত ঝুঁকি নিয়ে পেরোতে হচ্ছে নদী। জল হাঁটুসমান হলেও স্রোত বেড়েছে। জামাকাপড় গুটিয়ে জুতো খুলে পার হতে হচ্ছে নদী। কাজে সময়ও ব্যয় হচ্ছে বেশি।

কালভার্ট ভেঙে পড়ার ফলে সাপ্তাহিক রবিবারের হাটে ক্রেতা-বিক্রেতাদেরও যাতায়াতে সমস্যা হচ্ছে। স্থানীয় প্রকাশ সিংয়ের ক্ষোভ, 'গ্রাম পঞ্চায়েত প্রধান ও স্থানীয় বিধায়ক এসে আমাদের ভয়াবহ পরিস্থিতি দেখে গিয়েছেন। নতুন কালভার্ট তৈরি হবে বলে আশ্বাসও দেওয়া হয়েছিল। তিনটি বর্ষা পেরিয়ে গেল। অনেকবার বলেও কোনও কাজ হল না।'

> গ্রাম পঞ্চায়েত প্রধান ও স্থানীয় বিধায়ক এসে আমাদের ভয়াবহ পরিস্থিতি দেখে গিয়েছেন। নতুন কালভার্ট তৈরি হবে বলে আশ্বাসও দেওয়া হয়েছিল। তিনটি বর্ষা পেরিয়ে গেল। অনেকবার বলেও কোনও কাজ হল না।
>
> **প্রকাশ সিং,** *বাসিন্দা*

স্থানীয় ব্যবসায়ী পিংকি শা আবার জানান, একাধিকবার কালভার্ট কিংবা সেতু তৈরির জন্য গ্রাম পঞ্চায়েত বৈঠক করেছে। কিন্তু কথা রাখা হয়নি। দ্রুত পাকা কালভার্ট অথবা সেতু নির্মাণের দাবি জোরালো হচ্ছে।



এভাবেই জুতো হাতে নদী পার হতে হয় গঙ্গারামে।

## সমস্যায় জর্জরিত অঙ্গনওয়াড়ি

**চোপড়া, ১৪ সেপ্টেম্বর :** মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েতের হুলাসুগছ অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি নানান সমস্যায় ধুঁকছে। ঘরের দেওয়ালে একাধিক জায়গায় ফাটল ধরেছে। মেঝেতেও সমস্যা রয়েছে। অন্যদিকে, কেন্দ্রটিতে পানীয় জলের জন্য ভোগান্তিও চরমে। রান্নার জন্য অন্যের বাড়ি থেকে জল আনতে হয়। স্থানীয়রা জানাচ্ছেন, বেশ কিছুদিন আগে জলের কল ও বিদ্যুৎ সংযোগের তার চুরি হওয়ার পর থেকে নতুন করে আর সেসব কাজ করা হয়নি। কেন্দ্রের সহায়িকা শিবা বিশ্বাস বললেন, 'কেন্দ্রে তালিকাভুক্ত পড়ুয়া মোট ৬০ জন। তার মধ্যেও কেন্দ্রটির বেহাল দশায় আমরা উদ্বিগ্ন।' এব্যাপারে মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েত প্রধান কাইয়ুম আলম অবশ্য বলেন, 'অঙ্গনওয়াড়ি কেন্দ্রটিতে শীঘ্রই পানীয় জলের ব্যবস্থা করা হবে। ঘরের সমস্যা রয়েছে। ব্লক প্রশাসনের সঙ্গে কথা বলে ঘর মেরামতির উদ্যোগও নেওয়া হবে।'

## খুনের অভিযোগ

**নকশালবাড়ি, ১৪ সেপ্টেম্বর :** অস্বাভাবিক মৃত্যুতে খুনের অভিযোগ দায়ের হল থানায়। রবিবার নকশালবাড়ি থানায় স্বামীকে খুনের লিখিত অভিযোগ দায়ের করেন রকমজোতের বাসিন্দা রিনা ওরাওঁ। তিনি ঘটনার সঠিক তদন্ত চালিয়ে দোষীকে খুঁজে বের করে শাস্তি নিশ্চিতের দাবি জানিয়েছেন। বৃহস্পতিবার রাতে নকশালবাড়ির রকমজোতের বাসিন্দা রাজেন ওরাওঁয়ের মৃত্যু ঘিরে প্রশ্ন উঠতে শুরু করেছে। রাজেনের দেহ উঠোনে পড়েছিল। মাথায় গভীর আঘাতের চিহ্ন দেখা গিয়েছে। রাজেনের ছোট ভাই জয়রামের দাবি, 'দাদা বাড়ির ছাদ থেকে পড়ে মারা গিয়েছে।' ঘটনার সময় রাজেন বাড়িতে একাই ছিলেন। সবার আগে জয়রাম দেহটি দেখেন এবং স্থানীয়দের ডেকে তাঁকে হাসপাতালে নিয়ে যান।

এদিকে স্থানীয়দের একাংশের অভিযোগ, রাতে দুই ভাইয়ের মধ্যে জমি নিয়ে ঝামেলা বেধেছিল। পরবর্তীতে তা হাতাহাতির পর্যায়ে পৌঁছায়। রাজেনের স্ত্রী রিনা কর্মসূত্রে দিল্লিতে ছিলেন। এলাকাবাসী রোশন মিঞ্জ রিনাকে ঘটনাটি জানান। রিনা শুক্রবার বাড়ি ফেরেন। অভিযোগ, খবর পেয়েও ঘটনার পর পুলিশ ব্যবস্থা নেয়নি। পুলিশের পালটা দাবি, অভিযোগ দায়ের হয়নি বলেই পদক্ষেপ করা হয়নি। অবশেষে এদিন নকশালবাড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করলেন রিনা।



বাতাসি পিএসএ ক্লাবের মণ্ডপের কাজ চলছে জোরকদমে।

# ওরা কাজ করে নগরে প্রান্তরে

**খড়িবাড়ি, ১৪ সেপ্টেম্বর :** কথায় আছে, ধর্ম যার যার, উৎসব সবার। কিন্তু সত্যিই কি উৎসব সবার? প্রশ্নটা আবার একবার প্রাসঙ্গিক, কারণ দুর্গাপুজো আসন্ন। কারও কাছে পুজো মানে প্যান্ডেল হপিং, কারও কাছে ভূরিভোজ, আবার কারও কাছে পুজো মানে প্রেম কিংবা বন্ধুদের সঙ্গে জমিয়ে আড্ডা।

আবার সেই পুজোতেই দেখা যায়, অনেকে সকাল থেকে রাত পর্যন্ত মাথার ঘাম পায়ে ফেলে মণ্ডপের বাইরে স্টল দিয়ে বাড়তি টাকা আয়ের চেষ্টা করছেন। এমন অনেক পেশার মানুষ রয়েছেন, যাঁদের কাছে পুজোটা কেবল উৎসব নয়, উপার্জনের উৎস। বিশেষ করে যাঁরা মণ্ডপ, প্রতিমা কিংবা আলোকসজ্জার কাজ করেন। সাধারণ মানুষের জন্য উৎসবের আবহ যাঁরা তৈরি করেন, তাঁদের পুজো কাটে কীভাবে?

৫৭তম বর্ষে মণ্ডপশিল্পীদের অক্লান্ত পরিশ্রমের কথা দর্শকদের স্মরণ করিয়ে দিতে বাতাসি পিএসএ ক্লাবের অভিনব থিম– 'ওরা কাজ করে'। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের সেই অবিস্মরণীয় কবিতা, 'যুগ যুগান্তর হতে মানুষের প্রয়োজনে জীবনে মরণে...ওরা কাজ করে নগরে প্রান্তরে।' পুজোর বাজেট ৩০ লক্ষ টাকা। পঞ্চমীতে পুজোর উদ্বোধন করবেন শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ।

পেটের টানে পুজোর অন্তত মাস দুয়েক আগে থেকে পরিবার-পরিজন ছেড়ে মণ্ডপ তৈরির কাজ শুরু করে দেন শিল্পীরা। বাতাসি পিএসএ ক্লাবের মণ্ডপ তৈরি করছেন শিলিগুড়ির শিল্পী রাজীব দাস। সঙ্গে রয়েছেন আরও ২০ জন সহশিল্পী। রাজীব জানালেন, খুব পরিশ্রমের কাজ। সম্পূর্ণ বাঁশের বাতা দিয়ে নকশার কাজ হচ্ছে। সঙ্গে ব্যবহার করা হচ্ছে প্লাইউড ও আয়না। মনীষী ও মণ্ডপশিল্পীদের কাজের ছবি, মডেল দিয়ে এক অনন্য পরিবেশ তৈরির চেষ্টা করছেন তিনি।

আলোকসজ্জার দায়িত্বে রয়েছেন শিলিগুড়ির শিল্পী গৌরাঙ্গ সাহা। তিনি মণ্ডপের ভেতরে আলোর কাজ করছেন। বাইরের আলোকসজ্জার দায়িত্বে পানিট্যাঙ্কির আলোকশিল্পী মিঠুন পোদ্দার। বাতাসি বাজার সংলগ্ন

এল এল পুজো এল

৩২৭ নম্বর জাতীয় সড়কে তৈরি হচ্ছে সুদৃশ্য তোরণ। রাস্তার পাশে লাগানো হচ্ছে কলকার বোর্ড। থিমের সঙ্গে সাযুজ্য রেখে বাঁশের নকশার ওপর দেবী দুর্গার মৃন্ময়ী রূপ ফুটিয়ে তুলেছেন বাতাসির প্রতিমাশিল্পী সুরঞ্জন পাল।

পিএসএ ক্লাব কমিটির যুগ্ম সম্পাদক অনুপম ভট্টাচার্য জানালেন, মণ্ডপের পাশে পৃথক মঞ্চে পরিবেশিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। দুঃস্থদের জন্য বস্ত্র বিতরণ, রক্তদান শিবির ও গুণীজন সংবর্ধনার পরিকল্পনা রয়েছে। দর্শকদের সুবিধার্থে শৌচালয় ও কোলের শিশুদের মাতৃদুগ্ধ পানের জন্য বিশেষ কক্ষ তৈরি করা হবে।

অপর যুগ্ম সম্পাদক বাপ্পা হাজরা বলেন, 'ভিড় নিয়ন্ত্রণের জন্য ক্লাবের তরফে স্বেচ্ছাসেবক থাকবে। এছাড়াও এনসিসি ও স্কাউট মোতায়েন করা হবে। শিলিগুড়ি সহ পার্শ্ববর্তী নেপাল ও বিহার থেকে বহু দর্শনার্থী পুজো দেখতে ভিড় করেন।'

## বৃষ্টিতে ভুক্তভোগী হাজারখানেক পরিবার

**জলপাইগুড়ি ব্যুরো**

**১৪ সেপ্টেম্বর :** পাহাড়ে ও সমতলে লাগাতার বৃষ্টি। তার জেরে জলপাইগুড়ি জেলার বিস্তীর্ণ এলাকায় নদীর জল উপচে ঢুকল লোকালয়ে। জল জমে রবিবার ভোগান্তির শিকার হলেন জেলার বিভিন্ন প্রান্তের হাজারখানেক বাসিন্দা। কোনও কোনও জায়গায় গ্রাম পঞ্চায়েতের তরফে দুর্গতদের জন্য ব্যবস্থা করা হয়। আবার কোথাও কোথাও গ্রামবাসীরা নিজেরাই জল থেকে বাঁচতে নিরাপদ স্থানে আশ্রয় নেন। গোটা পরিস্থিতির ওপর নজর রয়েছে বলে প্রশাসন জানিয়েছে।

শনিবার রাত থেকেই জলপাইগুড়ি জেলার পাশাপাশি পাহাড়জুড়ে শুরু হয় বৃষ্টিপাত। কোথাও ভারী আবার কোথাও অতিভারী বৃষ্টিপাত হয়। এর জেরে জেলার তিস্তা, মাল ব্লকের জুরন্তি সহ বিভিন্ন নদীর জলস্তর বাড়তে শুরু করে। কালিঝোরা তিস্তা লো ড্যাম প্রোজেক্ট ও তিস্তা ব্যারেজ থেকে জল ছাড়ায় চাঁপাডাঙ্গা ও চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের প্রায় ৩৫০ পরিবার জলবন্দি হয়ে পড়ে। চাঁপাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের মাস্টারপাড়া, বাসুসুবা, কেরানিপাড়া, রায়পাড়ার পাশাপাশি দক্ষিণ চ্যাংমারি, পশ্চিম সেঙ্গপাড়া সহ বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে পড়ে। জল এতটাই বেড়ে যায় যে, বাসুসুবা থেকে ক্রান্তি যাওয়ার রাজ্য সড়ক পুরোপুরি জলের তলায় চলে যায়। চাঁপাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের প্রধান নন্দিতা রায় মল্লিক জানান, গ্রাম পঞ্চায়েত এলাকার তিনশোরও বেশি পরিবার জলবন্দি হয়ে পড়ে এদিন। চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের সাহেববাড়ি ও দোলাইগাঁও এলাকার প্রায় ৮০টি পরিবার জলবন্দি হয়ে পড়ে। চ্যাংমারি গ্রাম পঞ্চায়েত প্রধান আবদুল সামাদ জানান, এনিয়ে চলতি বছর এই এলাকা প্রায় সাতবার জলবন্দি হল। জলবন্দি মানুষদের শুকনো খাবার দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায়।

গ্রামীণ এলাকার পাশাপাশি এদিন ভারী বৃষ্টির ফল ভুগতে হয়েছে জেলা সদর জলপাইগুড়িকেও। জলমগ্ন হয়ে পড়ে শহরের পান্ডাপাড়ার কংগ্রেসপাড়া, বাতাসার গলি, ২-৩ নম্বর রেল গুমটি, মহামায়াপাড়া, পানপাড়া, কদমতলা, নিউটাউনপাড়া, গোমস্তপাড়া সহ একাধিক এলাকা।

# ক্রেতার ভিড়ে প্রাণ পেল হাট

**জলপাইগুড়ি ব্যুরো**

**১৪ সেপ্টেম্বর :** এখনও পর্যন্ত বোনাস হয়েছে ৫০ শতাংশ বাগানে। ফলে বৃষ্টি মাথায় নিয়েও ডুয়ার্সের রবিবাসরীয় হাট ছিল এককথায় জমজমাট। প্রথম রবিবারের বেচাকেনার মধ্যে বোনাস নিয়ে যেটুকু অনিশ্চিয়তা ছিল, তা অনেকটাই কেটেছে এদিন। দিনশেষে ব্যবসায়ীদের ঠোঁটে দেখা গিয়েছে চওড়া হাসি।

মালবাজার হাট ব্যবসায়ী সমিতির সম্পাদক কমল দত্ত বলেন, 'তৃতীয় রবিবারের হাট আরও গুরুত্বপূর্ণ হতে চলেছে। এদিন তো সকালের দিকে বৃষ্টির জন্য বেশি খদ্দের ছিল না। তবে দিনের দ্বিতীয়ার্ধের ভালো আবহাওয়া সেই ক্ষতি অনেকটাই পুষিয়ে দিয়েছে।'

শনিবার রাত থেকে শুরু হওয়া একটানা বৃষ্টি রবিবার দুপুর থেকে কমতেই জমজমাট হয়ে ওঠে ওদলাবাড়ি হাট। আশপাশের পাথরঝোরা, ওয়াশাবাড়ি সহ আরও কয়েকটি চা বাগানে বোনাস হয়ে গিয়েছে। এদিন ধনমায়া ছেত্রী নামে পাথরঝোরা চা বাগানের এক শ্রমিককে পরিবারের সবার জন্য জমিয়ে নতুন জামাকাপড় কেনাকাটা করতে দেখা গেল।বৃষ্টির জন্য সকাল থেকে হাতেগোনা খদ্দের ছিল ওদলাবাড়ি হাটে। তবে বিকেল গড়াতেই হাটের জামাকাপড়, জুতো, মনিহারি সামগ্রীর দোকানগুলিতে ভিড় উপচে পড়ে।

মালবাজারে দুপুরের দিকেও ইলশেগুঁড়ি বৃষ্টি পড়ছিল। তার মধ্যেই ধীরে ধীরে ভিড় জমতে শুরু করে সাপ্তাহিক হাটে। মেটেলির সাপ্তাহিক হাট এদিন গমগম করেছে ক্রেতা-বিক্রেতাদের ভিড়ে।





ভেঙে টুকরো গিরিয়া ডাইভারশন। রবিবার মেজবিলে। ছবি : সুভাষ বর্মন

# ডাইভারশন ভেঙে চরম ভোগান্তি

**আলিপুরদুয়ার ব্যুরো**

**১৪ সেপ্টেম্বর :** রবিবার এসএসসি'র শিক্ষক নিয়োগ পরীক্ষা দিতে পারলেন না ফালাকাটার ভুটনিরঘাটের বাসিন্দা সমীর রায়। তাঁর সিট পড়েছিল আলিপুরদুয়ার শহরের একটি স্কুলে। পরীক্ষা শুরুর প্রায় আধ ঘণ্টা পর তিনি পরীক্ষাকেন্দ্রে পৌঁছান। তাঁকে আর ঢুকতে দেওয়া হয়নি। ভূগোলের ছাত্র সমীরকে হতাশ হয়ে বাড়ি ফিরে যেতে হয়। আক্ষেপ করছিলেন, আবার কবে পরীক্ষা হবে, আবার কবে সুযোগ পাবেন।

পরীক্ষা দিতে গিয়ে ব্যাপক ভোগান্তি পোহাতে হল সমীরের মতো অনেককেই। কারণ, পলাশবাড়ির সনজয় নদীর ডাইভারশন আর মেজবিলের গিরিয়া নদীর ডাইভারশন এদিন জলের তোড়ে ভেঙে যায়। ফালাকাটা-আলিপুরদুয়ারের সড়ক যোগাযোগ বিপর্যস্ত হয়ে পড়ে। ঘুরপথে যেতে হয় জেলা সদরে। চলতি বর্ষায় এদিন প্রথম দুই ডাইভারশন ভেঙে মহাসড়ক বন্ধ হল।

পশ্চিম কাঁঠালবাড়ির বিকাশ রায়ের কথাই ধরা যাক। তাঁর এসএসসি'র পরীক্ষাকেন্দ্র ছিল আলিপুরদুয়ার মহিলা মহাবিদ্যালয়। দশটার মধ্যে রিপোর্টিং টাইম। বাড়ি থেকে বেরিয়ে বিপাকে পড়েন। তখন তো বৃষ্টিও হচ্ছিল। তার মধ্যেই বিকাশকে গ্রামীণ রাস্তা ধরে ঘুরপথে ফালাকাটা যেতে হয়। সেখান থেকে ঘোকসাডাঙ্গা, পুণ্ডিবাড়ি, সোনাপুর হয়ে অনেকটা ঘুরপথে বাসে চেপে আলিপুরদুয়ারে পৌঁছাতে হয়। দুই ডাইভারশন ভাঙায় যোগাযোগ বন্ধ হয়ে যায় নির্মীয়মাণ মহাসড়কে।

পলাশবাড়ির সনজয় ডাইভারশনে শনিবার সকালেই বড় গর্ত তৈরি হয়। সেদিন দেড় ঘণ্টা মহাসড়ক অবরুদ্ধ ছিল। শনিবার রাতের ভারী বৃষ্টিতে সনজয় নদীর জলস্তর অনেকটা বেড়ে যায়। রাতেই ডাইভারশন ভাঙতে শুরু করে। এদিন সকালে ডাইভারশনের উপর দিয়ে জল যেতেই যানবাহন ও মানুষের যাতায়াত পুরোপুরি বন্ধ হয়ে যায়। মেজবিল এলাকাতেও গিরিয়া নদীর উপর পাকা সেতুর কাজ চলছে। সেখানেও রয়েছে ডাইভারশন। জলের তোড়ে সেই ডাইভারশন কয়েক টুকরো হয়ে যায়।

রবিবার হওয়ায় অফিসযাত্রীদের ভোগান্তি হয়নি। তবে এদিন ছিল এসএসসি'র একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের পরীক্ষা। ফালাকাটার পরীক্ষার্থীদের কেন্দ্র আলিপুরদুয়ারের স্কুল, কলেজগুলিতে পড়েছে। সকালের দিকেই রাস্তায় এসে পরীক্ষার্থীদের সমস্যায় পড়তে হয়।

**বৃষ্টিই কাল**

- শনিবার রাতের ভারী বৃষ্টিতে সনজয় নদীর জলস্তর অনেকটা বেড়ে যায়
- রাতেই ডাইভারশন ভাঙতে শুরু করে
- ডাইভারশনের উপর দিয়ে জল যেতেই যানবাহন ও মানুষের যাতায়াত পুরোপুরি বন্ধ হয়ে যায়
- ফালাকাটার পরীক্ষার্থীদের কেন্দ্র আলিপুরদুয়ারের স্কুল, কলেজগুলিতে পড়েছিল
- সকালে রাস্তায় এসে পরীক্ষার্থীরা সমস্যায় পড়েন

সনজয় নদীতে একটি পাকা সেতুর ৯০ শতাংশ কাজ সম্পন্ন। পুরোপুরি সেই কাজ না করেই দ্বিতীয় সেতুর কাজ চলছে। জাতীয় সড়ক কর্তৃপক্ষের সাইট ইঞ্জিনিয়ার নকুল রাভার কথায়, 'যতটা দ্রুত সম্ভব একটি সেতু চালু করা হবে। রাতেই মেজবিলের গিরিয়া ডাইভারশনও সংস্কার করা হবে। আর ভারী বৃষ্টি না হলে সোমবার থেকে যান চলাচল স্বাভাবিক হয়ে যাবে।'

# দরজার দিকে তাকাই, স্যর কখন আসবেন

## পড়ুয়া ১১০০, শিক্ষক তিন ● ক্লাস নেন স্বেচ্ছাসেবক ও রাঁধুনিরা

**মনজুর আলম**

**চোপড়া, ১৪ সেপ্টেম্বর :** প্রথম থেকে দ্বাদশ পর্যন্ত মোট বারোটি শ্রেণি মিলিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ুয়া সংখ্যা প্রায় ১১০০। তাদের সামলাতে হিমসিম খেতে হচ্ছে চোপড়া ব্লকের মদনগছ সিনিয়ার মাদ্রাসা কর্তৃপক্ষের। ভারপ্রাপ্ত শিক্ষক সহ স্থায়ী শিক্ষক রয়েছেন মাত্র তিনজন। ভরসা পাঁচজন স্বেচ্ছাসেবী শিক্ষক। লেখাপড়া লাটে ওঠার জোগাড়। পরিস্থিতি কতটা উদ্বেগজনক, স্পষ্ট হল ওই মাদ্রাসার একাদশ শ্রেণির এক পড়ুয়ার মন্তব্যে। তার দাবি, 'বেশিরভাগ দিন এক-দুটোর বেশি ক্লাস হয় না। বাকি সময় আমরা বসেই থাকি। গল্প করি। প্রায় সবক'টি শ্রেণির এক অবস্থা।'

অভিযোগ, যেদিন স্বেচ্ছাসেবী শিক্ষকদের একাংশ কোনও কারণে বিদ্যালয়ে আসতে পারেন না, সেদিন আসরে নামতে হয় মিড-ডে মিল রাঁধুনিদের। পাঁচজন রাঁধুনির মধ্যে দুজন ক্লাসরুমে ঢোকেন। বাকিরা রান্নাবান্না করেন। বিষয়টি জানাজানি হতেই বিতর্ক শুরু হয়েছে। টিআইসি মহম্মদ আজিমুদ্দিনের সাফাই, 'তেমন ব্যাপার নয়। স্বেচ্ছাসেবী শিক্ষকদের আসতে দেরি হলে রাঁধুনিদের মধ্যে দুজন নিজেরাই হয়তো প্রাথমিক স্তরের ছাত্রছাত্রীদের পড়া দেখিয়ে দেন। তাছাড়া তো উপায় থাকে না।'

শিক্ষকরা যে নিরুপায়, তা প্রকাশ পেল যোগেশ বর্মনের কথাতেও। বললেন, 'প্রতিটি শ্রেণির জন্য দিনে অন্তত সাতটি করে ক্লাস নেওয়ার কথা। সেই হিসেবে রুটিন তৈরি করতে হয়। কিন্তু মাত্র তিনজন শিক্ষক হওয়ায় সেটা সম্ভব হচ্ছে না।'

এই মাদ্রাসায় শিক্ষাকর্মীর সংখ্যা মাত্র এক। অফিসের কাজকর্মের চাপ সামলাতে গিয়ে তাঁর নাজেহাল অবস্থা। প্রশাসনিক কাজ সামলে সবসময় ক্লাস নেওয়া হয় না ভারপ্রাপ্ত শিক্ষকের। তিনি



শিক্ষক সংকটে ভুগছে মদনগছ সিনিয়ার মাদ্রাসা।

ফিওলজি পড়ান। বাকি দুজনের মধ্যে একজন যোগেশ বর্মন জীবনবিজ্ঞান বিষয়ক এবং মহম্মদ আলমের বিষয় আরবি। অর্থাৎ বাকি বিষয়ের জন্য একজনও স্থায়ী শিক্ষক নেই মাদ্রাসায়। অভিভাবকদের মধ্যে ব্যাপক অসন্তোষ রয়েছে এই নিয়ে। মহম্মদ জালালউদ্দিন নামে এক অভিভাবকের কথায়, 'আমার দুই মেয়ে মাদ্রাসায় পড়ে। একসময় পড়ুয়া কম ছিল, পর্যাপ্ত শিক্ষক ছিলেন। এখন ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেলেও শিক্ষকের অভাব। অনেকে অবসর নিয়েছেন। নতুন করে আর নিয়োগ নেই। এতে তো বাচ্চাদের ক্ষতি হচ্ছে। অথচ দেখার কেউ নেই।'

১৯৮২ সালে স্থাপনের পরই মিলেছে সরকারি অনুমোদন। ২০১২ সাল থেকে সুপারিন্টেন্ডেন্টের পদ খালি। ২০১৩ সালে মেলে ফাজিলের অনুমতি। তবে শত আর্জিতেও এখন শিক্ষক পাওয়া যাচ্ছে না। ষষ্ঠ শ্রেণির পড়ুয়া জেসমিনা খাতুনের অভিজ্ঞতা, 'একটা ক্লাসের পর আর হবে কি না, তার ঠিক থাকে না। দরজার দিকে তাকিয়ে বসে থাকতে হয়।' শিক্ষকরা বলছেন, 'কোনওরকমে জোড়াতালি দিয়ে সামলাতে হচ্ছে। পরীক্ষার দিন একজন শিক্ষক দু'-তিনটে রুমে নজরদারি চালান। প্রশাসনিক কর্তা থেকে জনপ্রতিনিধি, সকলেই আমাদের সমস্যা জানেন। কবে সুরাহা হবে, জানা নেই।'

মদনগছ সিনিয়ার মাদ্রাসার অ্যাডমিনিস্ট্রেটর তথা চোপড়া সার্কেলের স্কুল পরিদর্শক (প্রাইমারি) বরুণ শিকদারের সাফাই, 'মাদ্রাসায় শিক্ষকের সমস্যা রয়েছে। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনা হয়েছে।'

আশ্বাসবাণী শুনতে নারাজ অভিভাবকদের একাংশ। তাঁদের গলায় ক্ষোভের সুর, 'নজরে তো কতকিছুই আসে প্রশাসনের। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে তারপর আর তৎপরতা চোখে পড়ে না। প্রান্তিক এলাকার আর্থিকভাবে পিছিয়ে পড়া পরিবারের বাচ্চারা কতটা কী শিখছে, তা নিয়ে মাথা ঘামানোর প্রয়োজনও হয়তো বোধ করেন না কর্তারা।'

**টুকরো খবর**

### সম্মেলন

**চোপড়া, ১৪ সেপ্টেম্বর :** কৃষকসভার চোপড়া ব্লক কমিটির ২৪তম সম্মেলন অনুষ্ঠিত হয় রবিবার। দাসপাড়া প্রাইমারি স্কুলে আয়োজিত এদিনের সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের উত্তর দিনাজপুর জেলা কমিটির সম্পাদক সুরজিৎ কর্মকার, সহ সভাপতি পরিতোষ রায়, সিপিএম চোপড়া ২ নম্বর এরিয়া কমিটির সম্পাদক বিদ্যুৎ তরফদার সহ স্থানীয় নেতৃত্ব। ৩১ জন সদস্যের নতুন কমিটিতে আফজল হুসেন সম্পাদক মনোনীত হয়েছেন। অন্যদিকে, নজরুল ইসলাম পুনরায় সভাপতির আসন পেয়েছেন। আগামী ১৬ ও ১৭ অক্টোবর ইটাহারে জেলা সম্মেলন অনুষ্ঠিত হবে।

### প্রতিবাদ

**চোপড়া, ১৪ সেপ্টেম্বর :** চোপড়া ব্লক তৃণমূল মহিলা কংগ্রেসের ডাকে রবিবার কালাগছ এলাকায় একটি প্রতিবাদ মিছিল বের হল। এলাকার বিধায়ক হামিদুল রহমান এদিন মিছিলে উপস্থিত ছিলেন। প্রতিবাদ নিয়ে তৃণমূল মহিলা কংগ্রেসের ব্লক সভাপতি আসমাতারা বেগম বলেন, 'এসআইআর ও ভিনরাজ্যে বাঙালি পরিযায়ী শ্রমিকদের বিভিন্নভাবে হেনস্তার প্রতিবাদে সংগঠনের রাজ্য নেতৃত্বের নির্দেশে এদিন এলাকায় প্রতিবাদ মিছিল বের করা হয়।'

# দেবযানীর ছুটি, অসুস্থ অরুণও

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** সেবা সপ্তাহের প্রস্তুতি বৈঠক। কিন্তু প্রস্তাবিত কর্মসূচি কীভাবে পালন করা হবে, তা নিয়ে আলোচনা নেই। বরং শনিবারের ঘটনাই দলীয় নেতা-কর্মীদের চর্চায়। জেলা সভাপতি অরুণ মণ্ডল ও সহ সভাপতি দেবযানী সেনগুপ্ত, কীভাবে বিরোধে জড়িয়ে পড়লেন, নেপথ্যে কোন ঘটনা, তা নিয়েই রবিবার বেশি আগ্রহ ছিল শিলিগুড়ি বিজেপির দলীয় কার্যালয় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ভবনে।

শনিবারের ঘটনায় অসুস্থ হওয়ায় প্রধাননগরের একটি নার্সিংহোমে ভর্তি হতে হয় দেবযানীকে। যা নিয়ে শোরগোল পড়ছে দলীয় নেতা-কর্মীদের মধ্যে। রবিবার সেবা সপ্তাহ পালনের বৈঠক থাকলেও গরহাজির ছিলেন জেলা সভাপতি অরুণ। তিনিও নাকি অসুস্থ হওয়ায় শিবমন্দিরের বাড়িতে রয়েছেন। যে কারণে এদিন বৈঠকটি পরিচালনা করেন দলের শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটির সাধারণ সম্পাদক নান্টু পাল। তিনি বলছেন, 'জেলা

**বিজেপির চর্চায় নেতা-নেত্রীর বিরোধ**

সভাপতির অসুস্থতার জন্য বৈঠকটি আমাকে করতে হচ্ছে। সেবা সপ্তাহ উপলক্ষ্যে জনহিতকর নানান কর্মসূচি নেওয়া হয়েছে।' উল্লেখ্য, সেবা সপ্তাহ পালন কমিটির কনভেনার ছিলেন দেবযানী। যথারীতি চিকিৎসাধীন থাকায় বৈঠকে তিনি ছিলেন না। তবে এদিনই বিকেলে নার্সিংহোম থেকে ছুটি মেলায় তাঁকে জলপাইগুড়িতে নিয়ে গিয়েছেন তাঁর আত্মীয়রা।

কেন ঘটনার নিন্দা করছেন, কেউ আবার বলছেন, এটাই হওয়ার কথা ছিল। শনিবার অরুণ ও দেবযানীর কাজিয়াকে বিজেপির নেতা-কর্মীরা এভাবেই দেখছেন। ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন হওয়ায় দেশজুড়ে জনসেবামূলক কর্মসূচির জন্য সেবা সপ্তাহ পালনের সিদ্ধান্ত নিয়েছে বিজেপি। সপ্তাহ বলা হলেও ১৭ সেপ্টেম্বর থেকে কর্মসূচি চলবে ২ অক্টোবর পর্যন্ত। রবিবার তারই প্রস্তুতি বৈঠক ছিল শিলিগুড়ির দলীয় কার্যালয়ে।

স্বাভাবিকভাবে এমন বৈঠকে, কর্মসূচির বিভিন্ন দিক নিয়ে আলোচনা হওয়ার কথা। কিন্তু এমন বৈঠকের পরিবর্তে শনিবার ঘটে যাওয়া ঘটনা নিয়েই বেশি সময় ব্যয় করেছেন এদিন দলীয় কার্যালয়ে উপস্থিত নেতা-কর্মীরা। এদিকে দলের একটি সূত্রে জানা গিয়েছে, সোমবার ঘটনা নিয়ে জেলা নেতৃত্বের সঙ্গে আলোচনায় বসতে চলেছেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট। ঘটনার সময় দলীয় কার্যালয়ে উপস্থিত কয়েকজনের সঙ্গে ইতিমধ্যে তিনি কথা বলেছেন বলে খবর।



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

মিলেমিশে।। গোয়ালপোখরে ছবিটি তুলেছেন শেখ ফরিদ আলম।

# সরকারি আবাসনে নেশার আসর

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** শিলিগুড়ির ২৫ নম্বর ওয়ার্ডের জলপাই মোড় সংলগ্ন এলাকায় রয়েছে পোস্টাল এবং টেলিকম দপ্তরের সরকারি কোয়ার্টার চত্বর, যা বেশি পরিচিত পিঅ্যান্ডটি কলোনি নামে। বহু পুরোনো এই সরকারি আবাসন চত্বর এক সময় পরিচিত ছিল এর সুপরিবেশ, সরকারি সুযোগসুবিধার জন্য। রক্ষণাবেক্ষণের অভাবে এই আবাসনটির বেহাল দশা। অনেক বিল্ডিংয়েরই দেওয়ালের ফাটলে জন্মেছে আগাছা, খসে পড়েছে পলেস্তারা।

বেশিরভাগ বিল্ডিংই এখন আর বসবাসযোগ্য নয়। যে বিল্ডিংগুলোয় মানুষ থাকেন সেগুলোর অবস্থাও তথৈবচ। মাঝেমধ্যে বিভিন্ন অংশ ভেঙে পড়ছে। এই বিষয়ে হাউজিং ওয়েলফেয়ার কমিটির সেক্রেটারি হরেরাম সিং বলেন, 'আমরা কমিটির তরফে বিভিন্ন সময়ে বিএসএনএলের জেনারেল ম্যানেজার, স্থানীয় কাউন্সিলার এবং পুলিশ প্রশাসনকে এই আবাসন চত্বরের বিভিন্ন সমস্যা সম্পর্কে লিখিতভাবে জানিয়েছি।

**নাগরিক সমস্যা**

তাঁরা আশ্বাস দিয়েছেন বিষয়গুলি নিয়ে পদক্ষেপ করার।'

এখানেই শেষ নয়। নাম প্রকাশে অনিচ্ছুক সেখানের এক স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, 'সন্ধ্যা হলেই এখানে অসামাজিক ক্রিয়াকলাপ শুরু হয়ে যায়। অধিকাংশ ক্ষেত্রেই বহিরাগতরা এর সঙ্গে যুক্ত থাকছে।' আরেক বাসিন্দা বললেন, 'প্রতিবাদ করতে গেলে আমাদেরকেই হেনস্তার শিকার হতে হয়। তাই বাধ্য হয়ে মুখ বুজে সব সহ্য করতে হয়।'

দুষ্কৃতীরা এসে প্রায়শই আবাসনগুলি থেকে জানলার গরাদ বা বাথরুমের কল, বেসিন চুরি করে নিয়ে যাচ্ছে। এই কোয়ার্টার চত্বরে প্রবেশ করলে দেখা যাবে, কার্যত ভেঙে পড়ে আছে প্রবেশপথের লোহার গেটগুলি। এই কোয়ার্টার চত্বরেই আছে শিলিগুড়ি বাজার পোস্ট অফিস। পোস্ট অফিসে আসা আরতি সাহা বলেন, 'অনেক বছর ধরেই এই পোস্ট অফিসে আসছি। মাঝেমধ্যেই মদ্যপ ব্যক্তিদের দেখতে পাই।

নিরাপত্তা নিয়ে আশঙ্কা হয়।' শুধু আরতি নন, এই পোস্ট অফিসে আসা বাকি উপভোক্তা এবং বাসিন্দারাও আতঙ্কিত এই পরিবেশ এবং মদ্যপদের দৌরাত্ম্যে। বাসিন্দারা জানান, কয়েক বছর আগে একটি লাশ পড়ে থাকতে দেখা গিয়েছিল এই কোয়ার্টার চত্বরে। সেই সময় বিষয়টি নিয়ে খুব হইচই হয়েছিল।

# শীঘ্রই পাহাড় সমস্যার সমাধান

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** পাহাড়ের স্থায়ী রাজনৈতিক সমাধান নাকি শীঘ্রই ঘোষণা করা হবে। রবিবার দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট এমনই মন্তব্য করেছেন। যা নিয়ে পাহাড়ের রাজনীতিতে নতুন করে বিতর্ক শুরু হয়েছে। বিরোধী রাজনৈতিক দলগুলি সাংসদের দাবিকে কটাক্ষ করতে ছাড়ছে না। বিরোধীদের বক্তব্য, ২০ বছর ধরে বিজেপি পাহাড় সমস্যার সমাধান করেই যাচ্ছে।

ভোট আসে আর এই মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে ভোট নিয়ে চলে যায়। আবার ভোট আসছে, সেই জন্যই সাংসদ এমন মন্তব্য করছেন। সাংসদ অবশ্য বলেছেন, 'আমি যখন বলেছি, তাহলে নিশ্চয়ই আমার কাছে নির্দিষ্ট খবর রয়েছে। অপেক্ষা করুন, সমস্ত কিছু জেনে যাবেন।'

২০০৯ সালের লোকসভা নির্বাচনের সময় থেকেই বিজেপি ক্ষমতায় এলে পাহাড় সমস্যার স্থায়ী সমাধানের আশ্বাস দিয়েছে। গোর্খাল্যান্ডের দাবি সহানুভূতির সঙ্গে খতিয়ে দেখার আশ্বাসও বারবার দিয়েছে বিজেপি। কিন্তু এখনও পর্যন্ত পাহাড় সমস্যার সমাধান অধরাই থেকে গিয়েছে। ফলে বিজেপির ওপর থেকে মানুষের বিশ্বাস অনেকটাই ফিকে হয়ে গিয়েছে বলে বিরোধীদের দাবি।

রবিবার দার্জিলিংয়ে দলের এক কর্মসূচিতে যোগ দিয়েছিলেন দার্জিলিংয়ের সাংসদ। সেখানেই তিনি বলেন, 'পাহাড় সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধান বিজেপিই করবে। সেই স্থায়ী রাজনৈতিক সমাধানের (পিপিএস) ঘোষণা আর

**রাজুর মন্তব্যে চর্চা**

- স্থায়ী রাজনৈতিক সমাধানের (পিপিএস) ঘোষণা ১৫ দিন বা এক মাসে হতে পারে, দাবি রাজুর
- বিজেপি পাহাড়ের মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে, দাবি ইন্ডিয়ান গোর্খা জনশক্তি ফ্রন্টের কেন্দ্রীয় নেতা মহেন্দ্র ছেত্রীর
- ভোট এলেই বিজেপির পিপিএসের কথা মনে পড়ে, অভিযোগ বিজিপিএমের মুখপাত্র শক্তিপ্রসাদ শর্মার

কিছুদিনের মধ্যেই হয়ে যাবে। সেটা ১৫ দিনও হতে পারে, এক মাসও হতে পারে। কিন্তু পাহাড় সমস্যা এবার মিটছেই।'

এবিষয়ে ইন্ডিয়ান গোর্খা জনশক্তি ফ্রন্টের কেন্দ্রীয় নেতা মহেন্দ্র ছেত্রীর বক্তব্য, 'বিজেপি ২০০৯ সাল থেকে গোর্খাল্যান্ড করে দেবে বলে আশ্বাস দিয়ে যাচ্ছে। এখনও পর্যন্ত একচুলও কাজ করেনি। অথচ পাহাড়ের মানুষ বিজেপির ওপরে এতদিন ভরসা রেখে লোকসভা এবং বিধানসভা ভোটে বারবার ঢেলে ভোট দিয়েছেন। কিন্তু বিজেপি এখানকার মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। এখন পাহাড়বাসী বুঝতে পারছেন যে, বিজেপি মিথ্যা কথা বলা ছাড়া আর কিছুই করে না। তাই বিজেপির থেকে এখানকার মানুষের বিশ্বাসও সরছে।'

একই সুর শোনা গেল ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চার (বিজিপিএম) মুখপাত্র শক্তিপ্রসাদ শর্মার কথাতেও। তিনি বলেছেন, 'সামনের বছরই বিধানসভা ভোট রয়েছে। তার আগে সাংসদ আবার পাহাড় সমস্যা সমাধানের ললিপপ নিয়ে এসেছেন। ভোট এলেই বিজেপির পিপিএসের কথা মনে পড়ে। সাংসদের এসব বস্তাপচা আশ্বাসে আর পাহাড়বাসী বিশ্বাস করেন না।'

অন্যদিকে জিএনএলএফের মহাসচিব তথা দার্জিলিংয়ের বিধায়ক নীরজ জিম্বার বক্তব্য, 'সাংসদ পিপিএস দ্রুত ঘোষণা হবে বলে থাকলে সেটা আমাদের বিশ্বাস করতে হবে। কেননা সাংসদ দিল্লিতে স্বরাষ্ট্রমন্ত্রকের সঙ্গে সম্পর্ক রেখে কাজ করছেন। আমরা দিল্লিতে আলোচনায় গেলে সাংসদই আমাদের নেতৃত্ব দেন। পাহাড়বাসীর দীর্ঘদিনের দাবি মেনে কেন্দ্রীয় সরকার দ্রুত পিপিএস ঘোষণা করুক এটা আমাদেরও দাবি।'

# চক্ষু পরীক্ষা ও রক্তদান

**নকশালবাড়ি ও খড়িবাড়ি, ১৪ সেপ্টেম্বর :** সিপিএমের নকশালবাড়ি বাবুপাড়া শাখা কমিটির তরফে রবিবার শিলিগুড়ির গ্রেটার লায়ন্স ভিশন সেন্টারের সহযোগিতায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির আয়োজন করা হয়। উদ্বোধন করেন দলের পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সদস্য গৌতম ঘোষ। উপস্থিত ছিলেন নকশালবাড়ি এরিয়া কমিটির সম্পাদক বিকাশ চক্রবর্তী, শাখা কমিটির সম্পাদক বিপদ ঘোষ, এরিয়া কমিটির সদস্য তরুণ চৌধুরী, মহিলা সমিতির সম্পাদিকা বেবি রায়, শিখা ঘোষ, হেমেন্দ্র সরকার সহ অন্যরা। ৬০ জনের চোখ পরীক্ষা করা হয়।

এদিনই লায়ন্স ক্লাব অফ সোনাপুরের উদ্যোগে রক্তদান ও চক্ষু পরীক্ষা শিবির হল খড়িবাড়িতে। খড়িবাড়ি সবুজ মুক্তমঞ্চে আয়োজিত শিবিরে ৩০ ইউনিট রক্ত সংগ্রহ করে পাঠানো হয়েছে লায়ন্স ব্লাড ব্যাংকে। একইদিনে ১১৬ জনের চোখ পরীক্ষার পাশাপাশি যাঁদের প্রয়োজন, তাঁদের বিনামূল্যে ওষুধ ও চশমা দেওয়া হয়। আয়োজকদের মধ্যে অবদেশ জয়সওয়াল জানালেন, জেলার বিভিন্ন ব্লকে ৫০টি ক্যাম্পের মাধ্যমে মোট ১০০০ ইউনিট রক্ত সংগ্রহের পরিকল্পনা নেওয়া হয়েছে।

# সাধারণ সভা

**চোপড়া, ১৪ সেপ্টেম্বর :** চোপড়া থানা প্রাইমারি টিচার্স এমপ্লয়িজ কোঅপারেটিভ ক্রেডিট সোসাইটির ৩২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হল রবিবার। চোপড়া গার্লস হাইস্কুলে অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন চোপড়ার বিডিও সমীর মণ্ডল, চোপড়া গ্রাম পঞ্চায়েত প্রধান জিয়ারুল রহমান প্রমুখ। সোসাইটির সম্পাদক সমসের আলি বলেন, 'সম্মেলনে এক বছরের আয়ব্যয় সংক্রান্ত হিসাব তুলে ধরা হয়। সদস্যপদ বাড়াতে জোর দেওয়া হচ্ছে।'

# পুজোয় জান কবুল মুন্নিদের

**বলো দুগ্গা মাইকি**

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** কুমোরটুলির এপ্রান্ত থেকে ওপ্রান্ত ঘুরছিলেন গীতা গুপ্ত, মঞ্জু গুপ্তরা। কারখানাগুলিতে ঢুকে কপালে চিন্তার ভাঁজ নিয়ে প্রশ্ন, 'পাঁচ ফুটের কোনও প্রতিমা আছে?' দরদাম করে তাঁরা চেষ্টা করছিলেন সাধ্যের মধ্যে সবকিছু রাখার। হতাশার সুরেই গীতা বলে উঠলেন, 'চার বছর আগেও আমরা এত হিসেবনিকেশ করতাম না। দশ ফুটের প্রতিমা নিয়ে যেতাম। তিস্তার বিপর্যয় সবকিছু কতটা বদলে দিয়েছে!'

বছর দুয়েক আগের বিপর্যয় এখনও ক্ষত হয়ে আছে তাঁদের জীবনযাত্রায়। সিকিমে বৃষ্টি বাড়তেই তিস্তাবাজারে জল উঠে আসায় মঞ্জু গুপ্তকে বলতে শোনা গেল, 'কখন যে জল আমাদের বাড়িতে ঢুকে যাবে, সেটা কেউই জানি না। মাঝেমধ্যেই আমাদের বাড়িতে জল ঢুকে যায়। কতদিন আর এই পুজোটা করতে পারব তাও জানা নেই।'

তিস্তাবাজারের রাধাকৃষ্ণ শিব মন্দিরে আয়োজিত এই পুজো এবারে সতেরো বছরে পা দিচ্ছে। একসময় রাধাকৃষ্ণ মন্দিরের সামনেই প্যান্ডেল তৈরি করে প্রতিমা নিয়ে এসে পুজো করতেন গ্রামের বাসিন্দারা। বছর দুয়েক আগের বিপর্যয়ে মন্দিরের সামনের সেই জায়গাটাই চলে গিয়েছে। বর্তমানে মন্দিরের ভেতরেই পুজো করছেন তাঁরা।

ওই বিপর্যয়ের পর কতটা বদলে গিয়েছে পুজো? প্রশ্ন করতেই মুন্নি গুপ্তর গলা শুকিয়ে এল। বলছিলেন, 'সরকারি অনুদান আমরা প্রথম থেকেই পাই না। বিপর্যয়ের কারণে আমাদের এলাকার বহু মানুষের বাড়ি ভেসে গিয়েছে। সামান্য মুদির দোকানই আমাদের এলাকার বাসিন্দাদের সংসারের ভরসা। নতুন করে বাড়ি বানাব নাকি সংসার চালাব। অনেকেই এখন আর পুজোর জন্য চাঁদা দিতে পারেন না। যাঁরা দেন, তাঁদের মধ্যেও কেউ এখন এগারো টাকা দেন। কেউ দেন একশো টাকা। তাই বেশিকিছু আর ভাবাই যায় না।' বাজেটও এখন ষাট হাজার টাকা থেকে কমে তিরিশ হাজার টাকা হয়ে গিয়েছে। বাজেটের উচ্চতার সঙ্গে কমেছে প্রতিমার উচ্চতাও। এর মধ্যে গাড়ির খরচ বেড়ে যাওয়াটা অভিশাপ হয়ে দাঁড়িয়েছে ওই মহিলা উদ্যোক্তাদের কাছে। সঙ্গে করে নিয়ে আসা টাকা বারেবারেই গুনে দেখছিলেন জ্ঞানতি দেবী। তিনি বলছিলেন, 'বছর তিনেক আগেও আড়াই হাজার টাকায় আমরা প্রতিমা নিয়ে চলে যেতাম। রাস্তা খারাপ থাকায় এখন সাড়ে তিন হাজার টাকার কমে প্রতিমা নিয়ে যেতেই চায় না।'

তবে এতকিছুর মধ্যেও পুজো যাতে কোনওমতেই বন্ধ না হয়, সে ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ সকলেই। মুন্নিদের কথায়, 'মহালয়া থেকেই আমাদের ন'দিনের পুজো হয়। পুজোয় আগের মতো ভোগ প্রসাদের আয়োজন না হলেও গ্রামের সকলে মিলে আমরা আনন্দ করে থাকি। মায়ের কাছে প্রার্থনা একটাই, আর জল বাজারে ঢুকিও না। রক্ষা করো মা।'

# পাঘালুপাড়া যুবক সংঘে ইসকন মন্দির

**এল এল পুজো এল**

**অনিকেত রায়**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** আশিঘর পেরিয়ে নেপালি বস্তি হয়ে সাহুডাঙ্গি যাওয়ার রাস্তাতেই পড়ে পাঘালুপাড়া। এই পাঘালুপাড়া যুবক সংঘের পুজোর এই বছর সপ্তম বর্ষ। এই পুজোর একটি অন্যতম বৈশিষ্ট্য এই পুজো পরিচালনা করেন স্থানীয় মহিলাবৃন্দ। সপ্তম বর্ষের এই পুজোর এবারের বাজেট ১৬ লক্ষ টাকা।

১৬ লাখি পুজোর এই বছরের থিম মায়াপুরের ইসকন মন্দির। প্রতিবারই এই পুজোতে থিমের চমক থাকে। গতবারের থিম ছিল তাইওয়ানের বৌদ্ধ মন্দির। এই পুজোর মণ্ডপসজ্জা এবং শিল্প ভাবনার দায়িত্বে আছেন শিবমন্দির এলাকার বাসিন্দা শিল্পী পল্টন



পাঘালুপাড়া যুবক সংঘের নির্মীয়মাণ প্যান্ডেল।

সরকার। পল্টন বলেন, 'উত্তরবঙ্গের বিভিন্ন জেলার শিল্পীরা এই পুজোর মণ্ডপসজ্জার কাজ করছেন। মোট পনেরোজন সহযোগী শিল্পী আমার সঙ্গে কাজ করছেন। তাঁদের অক্লান্ত পরিশ্রমে মায়াপুরের ইসকন মন্দিরের বাহ্যিক অবয়ব সহ অন্দরমহলের কারুকার্যগুলিও ফুটে উঠবে পাঘালুপাড়ার এই পুজোমণ্ডপে।'

গত ৬ বছর ধরে তাঁদের পাড়ায় এরকম একটি বড় দুর্গাপুজো আয়োজিত হওয়ায় অত্যন্ত খুশি এই এলাকার বাসিন্দা স্বর্ণালি বর্মন। তিনি বলেন, 'শেষ কয়েক বছর ধরে পুজোর দিনগুলি খুব আনন্দে কাটে। আমরা সব মহিলারা পুজোর আয়োজনের দায়িত্বে থাকি। পুজোর কর্মব্যস্ততায় ক'টা দিন কেটে যায়।'

> এই জীবনে কখনও মায়াপুরের ইসকন মন্দির দেখার সুযোগ হয়নি। বড় ইচ্ছে ছিল জীবনে একটিবার ইসকনের মন্দির দর্শন করার। আমাদের পাড়ার ক্লাব আমার সেই আশা কিছুটা হলেও পূরণ করল।
>
> **শেফালি রায়**
> *পাঘালুপাড়ার বাসিন্দা*

তিনি যোগ করেন, 'আমাদের সবার মিলিত উদ্যোগে পাড়ায় এত বড় করে দুর্গাপুজো হয় এটা ভেবেই ভীষণ আনন্দ হয়।'

পুজোর চারদিনের পরিকল্পনা নিয়ে কথা বলতে গিয়ে ক্লাবের সম্পাদক প্রফুল্ল রায় বলেন, 'পুজোর চারটে দিনেই পুজো প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। স্থানীয় শিল্পীদের পাশাপাশি বিশিষ্ট ভাওয়াইয়া সংগীতশিল্পীদের গানের আসরের আয়োজন করা হবে। এছাড়া থাকবে অন্যান্য সাংস্কৃতিক অনুষ্ঠানও।' এই পুজোয় উত্তরবঙ্গের সংস্কৃতিকে উদযাপন করা হবে বলে জানিয়েছেন প্রফুল্ল।

শেফালি রায় এই পাড়ার এক প্রবীণ বাসিন্দা। তিনি বলেন, 'এই জীবনে কখনও মায়াপুরের ইসকন মন্দির দেখার সুযোগ হয়নি। বড় ইচ্ছে ছিল জীবনে একটিবার ইসকনের মন্দির দর্শন করার। আমাদের পাড়ার ক্লাব আমার সেই আশা কিছুটা হলেও পূরণ করল।'

ভারত সরকার



# বিকশিত বিহার বিকশিত ভারত

## বিদ্যুৎ, রেলপথ, বিমানবন্দর, আবাসন ও নগর বিষয়ক, জলশক্তি, গ্রামীণ উন্নয়ন, কৃষি, পশুপালন এবং দুগ্ধ খাতে বিহারের জনগণের জন্য ৩৬০০০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উপহার

### প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন

- ভাগলপুরের পীরপৈন্তিতে 3X৮০০ মেগাওয়াট তাপবিদ্যুৎ প্রকল্প
- কোশি-মেচি আন্তঃরাজ্য নদী সংযোগ প্রকল্পের ফেজ-১
- বিক্রমশিলা-কটরিয়ার মধ্যে নতুন রেললাইন (26 কিমি)
- ইন্টারসেপশন অ্যান্ড ডাইভারশন (I&D) এবং স্যুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (STP) সুপৌল এবং কাটিহার জেলায় নির্মিত
- দ্বারভাঙ্গা, কাটিহার এবং ভাগলপুরে জল সরবরাহ প্রকল্প

### আনুষ্ঠানিক উদ্বোধন

- পূর্ণিয়া বিমানবন্দরে অন্তর্বর্তীকালীন টার্মিনাল ভবন
- আরারিয়া - গলগলিয়া (ঠাকুরগঞ্জ) নতুন রেল লাইন (111 কিমি)
- পয়ঃনিষ্কাশন শোধনাগার (STP) এবং ইন্টারসেপশন এবং ডাইভারশন (I&D), ভাগলপুর নমামি গঙ্গে কর্মসূচির অধীনে
- পূর্ণিয়ায় দেশীয় গবাদিপশুর শুক্রাণু সংরক্ষণের সুবিধা

### পতাকা নেড়ে সূচনা

- পূর্ণিয়া বিমানবন্দর থেকে প্রথম বাণিজ্যিক বিমান
- আরারিয়া-গলগলিয়া নতুন রেললাইন হয়ে কাটিহার-শিলিগুড়ি এক্সপ্রেস
- যোগবাণী - দানাপুর বন্দে ভারত এক্সপ্রেস
- সহরসা - ছেহার্তা (অমৃতসর) অমৃত ভারত এক্সপ্রেস
- যোগবাণী - ইরোড অমৃত ভারত এক্সপ্রেস

### গৃহ প্রবেশ

- প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) (বিহারের 35600 সুবিধাভোগী)
- প্রধানমন্ত্রী আবাস যোজনা (শহরে) (বিহারের 5920 সুবিধাভোগী)

### NRLM-এর অধীনে সুবিধা বণ্টন

- বিহারে জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (NRLM)-এর অধীনে সব স্তরের ফেডারেশনগুলিকে ₹ 500 কোটির কমিউনিটি বিনিয়োগ তহবিল (CIF) এবং পাঁচটি CLF-কে চেক হস্তান্তর

### শুভ সূচনা

- জাতীয় মাখানা বোর্ড

### প্রকল্পের সুবিধা

- পূর্ণিয়া বিমানবন্দরে নতুন সিভিল এনক্লেভের উন্নয়ন এই অঞ্চলে বিমান ভ্রমণের চাহিদা পূরণ করবে
- যাত্রী ও মালবাহী পরিবহণের জন্য সংযোগ বৃদ্ধির জন্য নতুন লাইন এবং ট্রেন দক্ষ এবং সাশ্রয়ী মূল্যের রেল ভ্রমণের মাধ্যমে চলাচল
- নতুন তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে অধিক বিদ্যুৎ উৎপাদন নিশ্চিত করবে গার্হস্থ্য ও শিল্পে ব্যবহারের জন্য বিদ্যুতের চাহিদা মেটাতে
- নতুন জল সরবরাহ নেটওয়ার্কগুলি টেকসই জল ব্যবস্থাপনা বৃদ্ধি করবে এবং জল জীবন মিশনের অধীনে নলের জল সংযোগের ব্যবস্থা ত্বরান্বিত করবে
- ইন্টারসেপশন অ্যান্ড ডাইভারশন (I&D) এবং নতুন পয়ঃনিষ্কাশন শোধনাগার (STP) নদীর দূষণ কমাবে এবং গঙ্গার পুনরুজ্জীবনে সহায়তা করবে
- প্রধানমন্ত্রী আবাস যোজনার (গ্রামীণ ও নগর) আওতায় ৪১,৫২০টি পরিবার বাড়ির মালিক হবে
- গবাদি পশুর শুক্রাণু সংরক্ষণের সুবিধা দুগ্ধ খামারিদের আয় বৃদ্ধি করবে এবং তাদের অর্থনৈতিক বোঝা কমাবে
- জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (NRLM) এর অধীনে তহবিল বিতরণ আর্থিক অন্তর্ভুক্তির দিকে পরিচালিত করবে এবং গ্রামীণ দরিদ্র পরিবার / স্বনির্ভর গোষ্ঠীর ক্ষমতায়ন করবে
- মাখানা উৎপাদনে উল্লেখযোগ্য বৃদ্ধি, এই ক্ষেত্রে বিশ্ব মানচিত্রে বিহারের উপস্থিতি আরও জোরদার করবে

## শ্রী নরেন্দ্র মোদি

মাননীয় প্রধানমন্ত্রীর

দ্বারা

সোমবার, ১৫ সেপ্টেম্বর, ২০২৫ | বিকাল ০৩.৩০ | পূর্ণিয়া, বিহার

### সম্মাননীয় অতিথিদের উপস্থিতি

**শ্রী আরিফ মোহাম্মদ খান**
রাজ্যপাল, বিহার

**শ্রী নীতীশ কুমার**
মুখ্যমন্ত্রী, বিহার

**শ্রী মনোহর লাল**
কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন; এবং বিদ্যুৎ মন্ত্রী

**শ্রী শিবরাজ সিং চৌহান**
কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ; এবং গ্রামোন্নয়ন মন্ত্রী

**শ্রী রাজীব রঞ্জন সিং ওরফে লালন সিং**
কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও ডেয়ারি মন্ত্রী; এবং পঞ্চায়েতিরাজ

**শ্রী কিঞ্জরাপু রামমোহন নাইডু**
কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী

**শ্রী অশ্বিনী বৈষ্ণো**
কেন্দ্রীয় রেলমন্ত্রী; তথ্য ও সম্প্রচার; এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী

**শ্রী সি. আর. পাতিল**
কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী

**শ্রী সম্রাট চৌধুরী**
উপ-মুখ্যমন্ত্রী, বিহার

**শ্রী বিজয় কুমার সিনহা**
উপ-মুখ্যমন্ত্রী, বিহার

**শ্রী রাজেশ রঞ্জন**
সাংসদ (লোকসভা)

**শ্রী বিজয় কুমার খেমকা**
বিধায়ক, পূর্ণিয়া



CBC 03111/15/0011/2526

DD NEWS ডিডি নিউজে অনুষ্ঠানটির সরাসরি সম্প্রচার দেখুন

■ ৪৬ বর্ষ ■ ১১৯ সংখ্যা, সোমবার, ২৯ ভাদ্র ১৪৩২

## কণ্টকিত পদ্ম

ছাব্বিশের বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে বিজেপি যাতে সসম্মানে উত্তীর্ণ হতে পারে, তার জন্য দলের কেন্দ্রীয় নেতৃত্বের চেষ্টায় এতটুকু ফাঁকি নেই। দিল্লির নেতাদের নিয়মিত আনাগোনা ইতিমধ্যে শুরু হয়েছে। মেট্রোর অনুষ্ঠানে হালে কলকাতা এসেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সে যাত্রায় মোদি জনসভাও করেছিলেন। সেনাবাহিনীর অনুষ্ঠান উপলক্ষ্যে প্রধানমন্ত্রী ফের কলকাতায় এসেছেন। এ যাত্রায় দলীয় অনুষ্ঠান না থাকলেও প্রধানমন্ত্রী রাজভবনে রাজ্য নেতাদের সঙ্গে বৈঠক করেন। এরপর একে একে আসবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। ভোটমুখী পশ্চিমবঙ্গে ঠাসা কর্মসূচি বিজেপির শীর্ষ নেতাদের।

এর পাশাপাশি বাঙালি আবেগে শান দিয়ে তৃণমূল কংগ্রেসের সরকারের দেখাদেখি রাজ্য বিজেপিও এবার বাংলার জেলায় জেলায় বিভিন্ন পুজো কমিটিকে আর্থিক সাহায্য করবে। বিজেপি শাসিত বিভিন্ন রাজ্যে বাঙালি শ্রমিকদের হেনস্তা নিয়ে তৃণমূল যখন আন্দোলন করছিল, তখন গেরুয়া শিবিরের পালটা কোনও কর্মসূচি ছিল না। উলটে শুভেন্দু অধিকারীর মতো কেউ কেউ বেফাঁস মন্তব্য করায় দলের ক্ষতি হয়েছে বলে ধারণা তৈরি হয়েছে। দুর্গাপুজোর ক্ষেত্রে অবশ্য দল কৌশল বদলাচ্ছে। দলের দেওয়া অর্থ সরাসরি পুজো কমিটির হাতে তুলে দেবেন মহাতারকা তথা বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী। আবার তৃণমূলের স্বামী বিবেকানন্দ কাপের পালটা নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করছে বিজেপি।

রাজ্য নেতৃত্ব বড় বেশি হাইকমান্ড নির্ভর হয়ে পড়েছে। শোনা যাচ্ছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা নাকি ভোট উপলক্ষ্যে কলকাতায় ঘাঁটি গেড়ে মাস কয়েক থাকবেন। মাঝেমধ্যে দিল্লি যাবেন। জুলাইয়ে গোটা রাজ্যের বুথভিত্তিক সমীক্ষার একটি রিপোর্ট শা'র কাছে জমা পড়ে। জেলায় জেলায় কোন বুথ কতটা শক্তিশালী, কোন বুথ কতটা দুর্বল, কোথায় কোথায় বিজেপি প্রার্থীর জয়ের সম্ভাবনা- এসবের উল্লেখ ছিল সেই রিপোর্টে। এবার শা'র কলকাতায় ঘাঁটি গেড়ে পড়ে থাকার পরিকল্পনা। তাই এমন একটি বাড়ির খোঁজ চলছে, যার ছাদ হেলিপ্যাড হিসেবে ব্যবহৃত হবে। এতদিন স্বরাষ্ট্রমন্ত্রী কলকাতায় এলে নিউটাউনের একটি হোটেলের বত্রিশতলায় থাকতেন।

কিন্তু বঙ্গ বিজেপি কি নির্বাচনের জন্য পুরোপুরি তৈরি? সদ্যসমাপ্ত বিধানসভার বিশেষ অধিবেশনে বিরোধী দল হিসেবে বিজেপির পারফরমেন্স তুলনায় ভালো ছিল। কিন্তু এত বড় রাজ্যে প্রধান বিরোধী দলের যে ভূমিকা থাকার কথা, তা অদৃশ্য। শমীক ভট্টাচার্য রাজ্য সভাপতি হওয়ার পর আশা করা হচ্ছিল, এবার হয়তো বাংলার নেতারা ঐক্যবদ্ধভাবে আন্দোলনে নামবেন। কোথায় কী? শুভেন্দু অধিকারী, সুকান্ত মজুমদার, দিলীপ ঘোষ নিজের নিজের মতো করে কর্মসূচি স্থির করেন।

দিলীপ ঘোষের আবার অন্য সমস্যা। কোনও অনুষ্ঠানেই আমন্ত্রণ পান না প্রাক্তন রাজ্য সভাপতি। সেই সময়গুলো কাটানো তাঁর পক্ষে কঠিন হয়ে পড়ে। কখনও দলের কাজ দেখিয়ে দিল্লি ছুটতে হয় আবার কখনও দ্বারস্থ হতে হয় ধর্মগুরু রবিশঙ্করের। কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদারকে ঘিরে অন্য বিতর্ক। সম্প্রতি একটি মঞ্চে তিনি ভাষণ দিচ্ছিলেন, যেখানে তাঁর পায়ের কাছে রবীন্দ্রনাথ ও বঙ্কিমচন্দ্রের ছবি ছিল। বিজেপি নেতারা বাংলার মনীষীদের অসম্মান করেন বলে অভিযোগ এনেছে তৃণমূল। আবার শমীককে রাজ্য সভাপতি হিসেবে ততটা সক্রিয় ভূমিকায় দেখা যাচ্ছে না। আসলে শমীক নিজে একরকম মানুষ, দলে তাঁর সঙ্গীসাথিরা আরেকরকম। খাতায়-কলমে রাজ্য সভাপতি হলেও খুব কিছু করার উপায় শমীকের নেই। একুশের বিধানসভায় বিজেপি জিতেছিল ৭৭ আসন। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যে ভবিষ্যদ্বাণী করেছেন, তৃণমূলকে হটানো অনেক পরের কথা, এবারে পদ্ম শিবিরের আসন গতবারের থেকেও কমে যাবে। নেতাদের কাণ্ডকারখানা দেখে বিজেপির সাধারণ কর্মী-সমর্থকদের মধ্যেও এখন এই আশঙ্কা ছড়াচ্ছে। সেই আশঙ্কা তাঁদের মনোবল ভেঙে দিলে গোটা দলের পক্ষে সমস্যার।

## অমৃতধারা

সংসারের বিষয়ের মধ্যে দাসীর মতো থাকো। সবকিছুর মধ্যে থেকেও কোনও কিছুর মধ্যে থেকো না। সময়মতো তারা চলে যায়। যতই কাজ থাকুক না কেন তাদের আটকানো যায় না। তুমি সংসারে থাকো কিন্তু সংসার যেন তোমাতে না থাকে। দুঃখ! দুঃখ কোথায়? আমরা তো সেই ব্রহ্ম। দুঃখ মনে। আমরা এক মিনিটে নিজেদের মন ঠিক করে নিতে পারি। কী নিয়ে দুঃখ করব? সেই আনন্দ তো ভেতরে। তুমি আমায় পদ্মের কুঁড়ি দিয়েছিলে। আমি তোমায় পদ্ম ফুটিয়ে দিলাম। তোমাদের মধ্যেও কুঁড়ি রয়েছে। আমার কাছে এসে তোমরা একে ফুটিয়ে নাও। প্রত্যেকটা কাজ নিষ্ঠাসহকারে করতে হবে। আমার অতীত আমার বর্তমান তৈরি করে। আমি যদি সারাবছর খাটি তবেই আমি পরীক্ষায় ভালো ফল পাব।

-ভগবান

# রাহুলের যাত্রা বনাম বিহারের বাস্তব

ঠিক ছিল, কংগ্রেস এবার ৫০টির বেশি আসনে লড়বে। কিন্তু রাহুলের যাত্রায় উন্মাদনা দেখে আবার কংগ্রেস আবদার জুড়েছে তারা ৭০-এর নীচে লড়বে না।

**প্রসূন আচার্য**





১

বিহারে রাহুল গান্ধি, তেজস্বী যাদব, দীপঙ্কর ভট্টাচার্যদের ১৬ দিনের ভোটার অধিকার যাত্রা সাধারণ মানুষের মধ্যে সাড়া ফেলায় চর্চা চলছে, তাহলে কি ২০ বছরের নীতীশ জমানার অবসান আসন্ন? ক্রমে শতাংশের হারে জনপ্রিয়তা খোয়ানো নীতীশ কুমারকে এবার কি গদি ছাড়তে হচ্ছে? এবারও যে নীতীশকে মুখ্যমন্ত্রী হিসেবে তুলে ধরে বিজেপি ভোটে যাচ্ছে। নীতীশ ক্ষমতা হারালে তো বিজেপির বিহার বিজয় আগামী ১০-১৫ বছরের জন্য গল্প হয়ে যাবে।

২

পাঁচ বছর আগে বিহারের ভোট ছিল সমানে সমানে। ফলাফল ছিল নীতীশের নেতৃত্বে এনডিএ ১২৫। তেজস্বী-কংগ্রেস-বামেদের জোট ১১০। অন্যরা ৮টি। বিহারে বিধানসভা আসন ২৪৩। অর্থাৎ হাফওয়ে মার্ক ১২৩। মাত্র কয়েকটি আসন তেজস্বী, রাহুলরা বেশি জিতলে গতবারই নীতীশ হেরে যেতেন। যে কারণে ভোটের পর একবার নীতীশ পালটি মেরেও ছিলেন। পরে আবার মোদির হাত ধরেন।

২০২০ সালে নীতীশের খারাপ ফলের অন্যতম কারণ ছিল রামবিলাস পাসোয়ানের পুত্র চিরাগ। ভোট কেটে নীতীশকে হারিয়ে দেওয়ার লক্ষ্যেই তিনি নেমেছিলেন। কিন্তু ২০২৪ সালের লোকসভা ভোটে সবাই একজোট হয়ে লড়ায় বিধানসভাভিত্তিক ফল দাঁড়ায় এনডিএ ১৭৪ এবং মহাগঠবন্ধন ৬২। ব্যবধান বিস্তর। এই পরিস্থিতিতে এবার ভোটের তিন মাস আগে রাহুলদের ভোটার অধিকার যাত্রা।

ভোটার তালিকার স্পেশাল ইনটেনসিভ রিভিশন (এসআইআর)-কে কেন্দ্র করে শুধু বিহারে নয় গোটা দেশে হইচই পড়ে, সংসদ অচল হয়, সুপ্রিম কোর্টে মামলা হয়, প্রাথমিক খসড়া তালিকায় বাদ যায় ৬৫ লাখ ভোটারের নাম এবং রাহুলের নেতৃত্বে 'ইন্ডিয়া' জোট বিজেপির ভোট চুরিকে ইস্যু করে। এর ফলে ভোটার অধিকার যাত্রা অন্য মাত্রা পেয়ে যায়।

৩

এবার দেখে নিই এনডিএ'র ঘরের অবস্থা। নীতীশ এবং বিজেপির মধ্যে খুব বড় সমস্যা হওয়ার আশঙ্কা নেই। কিন্তু এবারও চিরাগ ফ্যাক্টর আছে। বিশেষ করে রাহুলের যাত্রার পর দলিতদের একাংশ যেমন মুশাহার, মাল্লা জনগোষ্ঠীগুলি কংগ্রেস-আরজেডি জোটের দিকে ঝুঁকে যাওয়ায় চিরাগ ফ্যাক্টর আরও বড় হয়ে উঠেছে। ইতিমধ্যে চিরাগ শতাধিক আসনে প্রার্থী দেওয়ার কথা ঘোষণা করেছেন।

পাসোয়ানরা দলিতদের মধ্যে সবথেকে প্রভাবশালী জনগোষ্ঠী। চিরাগের মুখ্যমন্ত্রী হওয়ার স্বপ্ন আছে। সেই হিসেবে চিরাগ ৪০-৫০ আসনের কমে সমঝোতায় যাবেন না। তাঁর লোক জনশক্তি পার্টি ২০২০ সালে ১৩৭টি আসনে প্রার্থী দিয়ে জিতেছিল মাত্র একটিতে। চিরাগের কারণে এনডিএ ২৭টি আসনে হেরেছিল। ১০টি আসনে চিরাগের দল দ্বিতীয় হয়েছিল। প্রায় ৬ শতাংশ ভোট পেয়েছিল।

যে কারণে ২০২৪ সালে চিরাগকে তড়িঘড়ি জোটসঙ্গী করে নেন অমিত শা এবং চিরাগ ৫টি লোকসভা আসন জেতেন। সেই ভোটের হিসাব ধরলে ২৯টি বিধানসভা কেন্দ্রে চিরাগের দল এগিয়ে এবং এবার নাম না করে নীতীশকেই টার্গেট করছেন রামবিলাস-পুত্র। বিহারের আইনশৃঙ্খলা নিয়ে প্রশ্ন তুলছেন। এনডিএ জোটের আরেক শরিক উপেন্দ্র কুশওয়াহা। তিনিও নানা আবদার করছেন। কৈরী নেতা। এই জাতের ভোট আছে ৪ শতাংশের বেশি। বিগত ভোটে তাঁর দল ভালো করতে পারেনি বলে অমিত শা'র পক্ষে তাঁকে ম্যানেজ করা মুশকিল হবে না। শেষপর্যন্ত বিজেপি যত আসনই ছাড়ুক, নীতীশকে মেনে নিতেই হবে মুখ্যমন্ত্রী পদে থাকার জন্য।

৪

এবার 'ইন্ডিয়া' জোটের দিকে তাকাই। গতবার বিহারে কংগ্রেসের স্ট্রাইক রেট ছিল সব থেকে খারাপ। ৭০টি আসনে প্রার্থী দিয়ে জিতেছিল মাত্র ১৯টি। সিপিআই(এমএল)-লিবারেশন ১৯টি আসনে প্রার্থী দিয়ে ১২টি জিতেছিল। আরজেডি ১৪৪টি আসনে প্রার্থী দিয়ে ৭৫টি জেতে। বিজেপির থেকে একটি বেশি। তখনই বিরোধী শিবিরের বক্তব্য ছিল, গ্রাউন্ডে কংগ্রেস নেই। বুথে কংগ্রেস কর্মী নেই। অধিকাংশ জায়গায় বুথ কমিটিই নেই। শুধু হাওয়া আর রাহুলের ভরসা। এই পরিস্থিতিতে কংগ্রেসের আরও কম আসনে লড়া উচিত ছিল। তাহলে নীতীশ-বিজেপি হেরে যেত।

কংগ্রেসের একাংশ সেকথা মানেননি, এমনটা নয়। ঠিক ছিল, কংগ্রেস এবার ৫০টির বেশি আসনে লড়বে। কিন্তু রাহুলের যাত্রায় উন্মাদনা দেখে আবার কংগ্রেস আবদার জুড়েছে তারা ৭০-এর নীচে লড়বে না। জোটসঙ্গী হিসেবে দুটি লোকসভা আসন জেতায় লিবারেশন তাদের দাবি বাড়িয়েছে। তাঁদের নেতা দীপঙ্কর ভট্টাচার্য জানিয়েছেন, তাঁরা ৪০টির কমে লড়বেন না। পুরো যাত্রাপথ সঙ্গে থাকা পিছড়ে বর্গের নেতা মুকেশ সাহানি জানিয়েছেন, তাঁকে শুধু বেশি আসন দিলেই হবে না, উপমুখ্যমন্ত্রী ঘোষণা করে ভোটে যেতে হবে।

আরজেডি আর লিবারেশন ছাড়া ভোটের দিন বুথ আগলে পড়ে থাকার মতো কর্মী এই জোটের অন্য দলগুলির নেই। তা সত্ত্বেও তারা বেশি আসন চাইছে। সিপিআই ও সিপিএম কম নেবে, এমন ভাবার কারণ নেই। তার উপর ওই যাত্রার সময় অখিলেশ যাদব আগাম ঘোষণা করেছিলেন, তেজস্বী হবেন মুখ্যমন্ত্রী মুখ। কিন্তু দিল্লিতে খাড়গের সঙ্গে বৈঠকের পর সেকথা খারিজ করে দিয়েছে কংগ্রেস। তাদের মতে, যা হবে ভোটের পর। ফলে স্বস্তিতে নেই বিরোধী শিবির।

৫

এবার দেখা যাক, 'এসআইআর'-এর খেলা কতটা কার্যকর করতে পারল নির্বাচন কমিশন এবং এই কাজে যুক্ত নীতীশ সরকারের কর্মীরা। কারণ সরকারি কর্মীরা স্কুল শিক্ষক হোন বা পঞ্চায়েত বা পুরসভার কর্মী, তাঁরাই স্পেশাল ইনটেনসিভ রিভিশনের কাজ করেছেন। প্রশাসন যা বলেছে, তাঁদের সেটাই শুনতে হয়েছে। এই কাজে যে দুর্নীতি হয়েছে, সেটা গোটা দেশ জেনে গিয়েছে।

কিন্তু শেষপর্যন্ত কী হল? যে ৬৫ লাখ ভোটারের নাম বাদ গিয়েছে, তার মধ্যে ২০-২২ লাখ মৃত হলে বাকি ৪৫ লাখের কতজনের নাম উঠল? পরিযায়ী শ্রমিকদের নাম কি উঠল? মহিলাদের নাম বেশি করে বাদ গিয়েছিল। তাঁদের মধ্যে বৈধদের কি নাম উঠল? খোঁজ নিয়ে দেখেছি, সাকুল্যে কয়েক লাখের নাম উঠেছে। সংখ্যাটি বাদ পড়া নামের ১০-১২ শতাংশের বেশি নয়। অন্যদিকে, ৩ লাখ ভোটারকে চিঠি দিয়ে নাগরিকত্বের প্রমাণ দিতে বলা হয়েছে।

কংগ্রেসের অভিযোগ, তাদের বুথ লেভেল এজেন্টরা যে প্রায় ৫০ লাখ আবেদন নিয়ে গিয়েছিলেন, সেগুলি গ্রাহ্য করা হয়নি। সুপ্রিম কোর্টের নির্দেশে ভোটার তালিকায় নাম তোলার ক্ষেত্রে আধার কার্ড বৈধ হয়েছে বটে, কিন্তু তাতে খুব বেশি লোকের নাম উঠবে, তা নয়। অর্থাৎ, তর্কের খাতিরে যদি ধরে নেওয়া যায় বিরোধী দলের ভোটারদেরই নাম বাদ দেওয়া হয়েছে, তাহলে সেটাই ফাইনাল তালিকায় থেকে যাচ্ছে। অর্থাৎ রাহুল-তেজস্বীদের ভোটার অধিকার যাত্রায় সাড়া পড়লেও, ভোট চুরির প্রাথমিক ধাপে বিজেপি কিন্তু এগিয়ে গেল।

৬


লক্ষ্মীর ভাণ্ডার মমতা বন্দ্যোপাধ্যায়ের মহিলাদের একাংশের ভোট নিশ্চিত করায় সেই পথে সবাই হাঁটছে। বিজেপি একই কায়দায় মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, ওডিশায় জিতেছে। হেমন্ত সোরেন জিতেছেন ঝাড়খণ্ডে। এবার নীতীশ সেই পথ ধরলেন। এমনিতেই শরাব বন্দি অর্থাৎ মদ বন্ধ করে নীতীশ মহিলাদের ভোটের বড় অংশ পেয়েছেন। এবার তিনি ২ কোটি ৭৭ লাখ মহিলার জন্য ২৭ হাজার কোটি টাকার প্রকল্প ঘোষণা করেছেন। দেওয়ালির আগেই প্রায় ২ কোটি মহিলার ব্যাংক অ্যাকাউন্টে ১০ হাজার করে টাকা ঢুকে যাচ্ছে।

স্কিম হচ্ছে, নানা ধরনের স্বনির্ভর কর্মসূচি দেখিয়ে মহিলাদের জীবিকা প্রকল্পে নথিভুক্ত হতে হবে। 'যোগ্য' হলে তাঁরা ব্যবসা করার জন্য ২ লাখ টাকা পাবেন। তার মধ্যে আপাতত ১০ হাজার ভোটের আগে। আশাকর্মীদের ভাতা এক থেকে বাড়িয়ে তিন হাজার করে দেওয়া হয়েছে। কংগ্রেস-আরজেডি'ও বলছে, ক্ষমতায় এলে তারা মহিলাদের মাসে আড়াই হাজার টাকা দেবে। সঙ্গে ৫০০ টাকায় গ্যাস। কিন্তু জিতলে তো! তার আগেই যে হাতেগরম নীতীশের টাকা।

সব মিলিয়ে বিহারি খেল জমেছে। তবে পাল্লা কিঞ্চিৎ নীতীশের পক্ষেই ভারী। অন্তত আজ পর্যন্ত।

*(লেখক সাংবাদিক)*

## আজ



**১৮৭৬**
কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম হয় আজকের দিনে।



**১৯৩৯**
রাজনীতিবিদ তথা পরিসংখ্যানবিদ সুব্রহ্মণিয়ান স্বামীর আজকের দিনে জন্ম।

## আলোচিত



যে পাকিস্তানি জঙ্গিরা ২৬ জন নাগরিককে ধর্ম জিজ্ঞেস করে করে মারল তাদের সঙ্গে খেলতেই হবে? প্রধানমন্ত্রী বলেছিলেন, রক্ত ও জল একসঙ্গে বইতে পারে না। এই ম্যাচ থেকে বিসিসিআই কত টাকা পাচ্ছে? ২ হাজার কোটি, ৩ হাজার কোটি? সেটা কি ২৬টা প্রাণের চেয়েও মূল্যবান? বিজেপিকে এর জবাব দিতেই হবে।

**- আসাদউদ্দিন ওয়াইসি**

## ভাইরাল/১



লিওনার্দো দ্য ভিঞ্চির মোনালিসা এবার অমলেটে। ডিমের কুসুমের মধ্যে তুলি ডুবিয়ে গরম তাওয়ায় আঁকিবুকি কাটেন শিল্পী। কিছুক্ষণ বাদে সাদা অংশটি তার ওপর ঢেলে দেন। অমলেটটি প্লেটে তুলতেই অবিকল মোনালিসার ছবির রূপ নেয়।

## ভাইরাল/২



মেট্রোর মাধ্যমে মানব হৃৎপিণ্ড এক জায়গা থেকে অন্যত্র নিয়ে যাওয়ার ভিডিও ভাইরাল। স্পর্শ হাসপাতাল থেকে হৃৎপিণ্ডটি প্রতিস্থাপনের জন্য নিয়ে যাওয়া হচ্ছিল অ্যাপোলোতে। কয়েকজন ডাক্তারকে হৃৎপিণ্ডের বাক্সটি নিয়ে যশবন্তপুর মেট্রোতে উঠতে দেখা গিয়েছে।

জনমন
জনমত

## সামসী ও হরিশ্চন্দ্রপুর স্টেশনে দূরপাল্লার ট্রেন কবে দাঁড়াবে?

অসমের বাসুগাঁও স্টেশন থেকে শুরু করে বিহার-বাংলা সংলগ্ন কুমেদপুর, আজমনগর রোড স্টেশনে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের নতুন স্টপ ঘোষিত হয়েছে। কিন্তু এই স্টপে বাসুগাঁও স্টেশনের যাত্রীদের কোনও সুবিধাই হবে না। কারণ রাত তিনটেতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস বাসুগাঁও স্টেশন ছাড়বে। বিহার-বাংলা ঘেঁষা স্টেশনের যাত্রীরা সচরাচর তিস্তা-তোর্ষা এক্সপ্রেসেই কলকাতা যাত্রা করেন। কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস তাঁদের কতটা কাজে আসবে বলা মুশকিল। এখানকার সংখ্যাগরিষ্ঠ যাত্রীদের প্রধান গন্তব্য কাজের খোঁজে ভারতের রাজধানী শহরগুলোতে পৌঁছে যাওয়া। বাসুগাঁও স্টেশনে এই ট্রেনটির স্টপ অর্থহীন। এত দীর্ঘ যাত্রাপথের এই ট্রেনের অকার্যকরী স্টপ দূরের যাত্রীদের বিরক্তিই বাড়াবে।

কিন্তু উত্তরবঙ্গ এক্সপ্রেসকে দেওয়ানহাট স্টেশনে স্টপ দেওয়াটা রেল বোর্ডের অতি উল্লেখযোগ্য পদক্ষেপ। যাত্রীদের ট্রেন ধরতে ২০ কিমি দূরের নিউ কোচবিহার এবং কলকাতা থেকে ফেরার সময় ১০ কিমি দূরের দিনহাটায় পৌঁছানোর পর নানা ঝক্কি সামলে দেওয়ানহাটে ফিরে আসতে হবে না। এই স্টপে অসংখ্য যাত্রীর অর্থকষ্ট, হয়রানি ও ঝক্কি লাঘব হবে।

কিন্তু বড় প্রশ্ন রয়ে গেল কোচবিহার স্টেশন নিয়ে, যেখানে এই ট্রেনটি দাঁড়াচ্ছে না। এক অদ্ভুত পরিস্থিতি! ২০ বছর ধরে এটা চলছে। ৭০-৭৫ শতাংশ যাত্রীদের প্রায় ৭/৮ কিমি দূরের নিউ কোচবিহার স্টেশনে গিয়ে ট্রেন ধরতে হচ্ছে। নিউ কোচবিহার স্টেশন থেকে কোচবিহার সদরে পৌঁছানোর গাড়িভাড়াও অনেক। ২ মিনিট এই ট্রেনটিকে স্টপ দেওয়া যায় না?

মোটামুটি একই পরিস্থিতি মালদার সামসী এবং হরিশ্চন্দ্রপুর স্টেশনের। কোটি কোটি টাকা খরচ করে ভয়ানক আপগ্রেডেশন অর্থাৎ নতুন নির্মাণ হচ্ছে এই দুই স্টেশনের। এর উপর দিয়েই জনশতাব্দী, বন্দে ভারত, রাজধানী এক্সপ্রেস সহ অন্তত ৩৫ জোড়া ট্রেন ভারতের নানা প্রান্তে চলে যাচ্ছে। প্রায় কোনও ট্রেনই দাঁড়ায় না। দক্ষিণ ভারতে যাওয়ার অন্তত ছয় জোড়া ট্রেন চলে। অথচ স্টপের অভাবে ওই দুই স্টেশন ও পার্শ্ববর্তী এলাকার কয়েক লক্ষ মানুষ চিকিৎসার জন্য দক্ষিণ ভারতে যেতে পারেন না। যেতে পারেন না পুরী, দিঘা, গুজরাট।


ট্রেন বলতে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। হরিশ্চন্দ্রপুর থেকে ৭০/৭৫ কিমি দূরের মালদা টাউন স্টেশনে জনপ্রতি ১০০-১২৫ টাকা খরচ করে পৌঁছে এক্সপ্রেস ট্রেন ধরতে হয়। বিগত ৭০ বছর ধরে এটাই চলছে। কোভিড অতিমারির সময়ে মৃত্যুপথযাত্রীকে মালদা সদরে নিয়ে চিকিৎসা করাতে গেলে ট্যাক্সিওয়ালারা ২০০০-২৫০০ টাকা ভাড়া হাঁকতেন। মালদার এই অঞ্চল থেকেই লাখো লাখো পরিযায়ী শ্রমিক ভারতের রাজধানী শহরগুলোতে পৌঁছাতে গিয়ে ট্রেনের অভাবে হোঁচট খান। কোনও সুরাহা নেই। রেলমন্ত্রী একটু দেখুন, বিবেচনা করুন।

**শান্তনু বসু,**
**চাঁচল, মালদা।**

# স্ট্যাটাস আপডেটেও চিরনূতনের ডাক

পুজোর দিনগুলি সবার কাছে হিরের মতো। হিরে পুরোনো হলেও তার ঔজ্জ্বল্য কখনও ম্লান হয় না।

**সুপ্রিয় দেব রায়**





ভাদ্দর মাসের তাল পাকা আর অভদ্র প্যাচপেচে গরম সইবার সাহস যেন দেখায় শরতের নীল আকাশে পেঁজা পেঁজা শুভ্র তুলোর মতো ভেসে থাকা মেঘের ভেলা, নদীর তীরে, মাঠে-প্রাঙ্গণে শুভ্রসাদা কাশফুলের খিলখিল হাসি আর শরতের ভোরে উঠোনে বিছানো মাদকতাভরা ম-ম সুগন্ধে শিউলি ফুলের শামিয়ানা। হৃদয়ে ভেসে বেড়ায় তিরতিরে সুখ-বাতাসের অনুভূতি।

ঘুমকাতুরে কন্যাটি ভোরের আলো ফুটতে না ফুটতে একছুটে সাজি নিয়ে চলে যায় শিউলি গাছের তলায়। স্মৃতির পর্দায় বধূ দেখতে পান নিজেকেই। দ্বিপ্রহরে সংসারের জাঁতাকলে ঘেমেনেয়ে ব্যতিব্যস্ত বধূটি নিঃশ্বাস নিতে ছাদে গিয়ে দাঁড়ালে মাথার ওপর বেখেয়ালে উড়ে যাওয়া মেঘের খেয়া ফিরিয়ে নিয়ে যায় শৈশবের পুজোয়।

মেঘের কোল ঘেঁষে ভেসে আসে সুখময় শৈশবের স্মৃতি খেয়া, 'আজ ধানের ক্ষেতে রৌদ্রছায়ায় লুকোচুরি খেলা রে ভাই, লুকোচুরি খেলা / নীল আকাশে কে ভাসালে সাদা মেঘের ভেলা রে ভাই, লুকোচুরি খেলা...।' অফিসের কাজের ফাঁকে বাবুটিরও চোখ চলে যায় আকাশের দিকে জানলার কাচ ভেদ করে। ভুলে যান ল্যাপটপে অসমাপ্ত ফাইলটির কথা, কিবোর্ডে অজান্তে থেমে যায় আঙুলগুলো।

মনে পড়ে যায়, বাবা-মায়ের আঙুল ধরে হেঁটে যাওয়া এক মণ্ডপ থেকে আরেক মণ্ডপে। পায়ে ফোসকা নিয়ে। নতুন জুতো পরার কল্যাণে। ফোসকা পায়েই আবার ছোটা পুজোমণ্ডপে পরেরদিন সকাল হতে না হতে। হিসেব দিতে হবে যে বন্ধুদের, কে ক'টা ঠাকুর দেখেছে কাল। আজকের খোকা-খুকিরা অবশ্য বেশি উৎসাহী প্রতিমার সঙ্গে সেলফি তুলতে। প্রতিমা দর্শনের চেয়ে স্ট্যাটাস আপডেটেই বেশি আগ্রহ।

আনন্দটা বড্ড হিসেব করে আসে। লাগামছাড়া গলা জড়াজড়ি ভালোবাসার অভাব। অফিসফেরতা ট্রেনে গাদাগাদি ভিড় আর ঘর্মাক্ত শরীরে কিন্তু ক্লান্তি নেই পুজোর বোনাসের আলাপচারিতায়। সারা ট্রেনজুড়ে যেন পুজো পুজো গন্ধ। বাদাম-ছোলার ফেরিওয়ালাদেরও ক্লান্তি নেই। সকাল থেকে গভীর রাতের লাস্ট লোকাল পর্যন্ত টহল। পৌঁছোতে হবে যে তাঁদের নিজের তৈরি লক্ষ্যে। বাচ্চাদের পুজোর জামা কিনে দেওয়ার লক্ষ্য।

পথের ধারের ফুচকা, আলুকাবলি আর এগরোল বিক্রেতাদের মনে কাশফুলের মতো খুশির দোলাদুলি। আর তো কয়েকটা দিন, বিক্রি হবে কয়েকগুণ। গৃহকর্মীদের মুখে খিলখিল হাসি, পুজোর বোনাস আর নতুন শাড়ি প্রাপ্তিতে। কর্তা-গিন্নি-ছেলেপুলে সবাই মিলে খাবেন ভোগখিচুড়ি। আর রাতে নামী দোকানে অর্ডার দিয়ে বিরিয়ানি কিংবা কষা মাংস আর রুমালি রুটি।

এসেই গেল প্রায় পুজোর ছুটি। প্রাণে পুলক। যে পুলক শুধু প্রতিমা দর্শন, পুষ্পাঞ্জলি, নতুন জামা কিংবা নতুন শাড়ির জন্য নয়। এই আনন্দের সঙ্গে জড়িয়ে আছে প্রবাসী বাঙালির ঘরে ফেরা, আত্মীয়স্বজন, শৈশবের বন্ধুবান্ধবদের সঙ্গে সময় কাটানোর লোভ। এই টান, এই আকুতির জন্য দুর্গাপুজোর সঙ্গে জুড়ে থাকে পার্বণের উচ্ছ্বাস।

আজও যে টিকে আছে মণ্ডপে নতুন শাড়িতে কিশোরীদের কলতান, পাটভাঙা পাঞ্জাবি আর নতুন শাড়ির খসখস আওয়াজে পুষ্পাঞ্জলি। যতই আজকালের বাচ্চারা, কিশোর-কিশোরীরা সারা বছর নতুন জামাকাপড় আর উপহার পাক, পুজোর কাপড় আর উপহারে আলাদা আকর্ষণ আর উত্তেজনা। তাই শিউলির মাদকতাভরা পুজোর সকাল, পুষ্পাঞ্জলি, ভোগখিচুড়ি, বালখিল্য খিলখিল হাসি আর ছোটাছুটিতে উদ্ভাসিত হয় মণ্ডপ প্রাঙ্গণ।

বয়স অনুযায়ী ভাগ হয়ে দলে দলে আড্ডা, সন্ধ্যায় প্রতিমা দর্শনের সঙ্গে এগরোল আর ফুচকা খাওয়া- এসব চিরন্তন, যার তফাত হয় না কালে কালে। পুজোর দিনগুলি সবার কাছে হিরের মতো। হিরে পুরোনো হলেও তার ঔজ্জ্বল্য কখনও ম্লান হয় না। একটু ঘষলেই, পালিশ করলেই চিরনূতন। চিরনূতন অনুভূতি।

*(লেখক প্রাবন্ধিক, বারাসতের বাসিন্দা)*

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে। ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান। মেল—ubsedit@gmail.com**

## শব্দরঙ্গ ■ ৪২৪৪

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ★ | ৩ | ★ | ★ | ★ |
| | ★ | ৪ | | | ★ | ৫ | ৬ |
| ৭ | | | ★ | | ★ | ★ | |
| ★ | ★ | ★ | ★ | ৮ | | | |
| ৯ | | | ১০ | ★ | ★ | ★ | ★ |
| | ★ | ★ | | ★ | ১১ | | ১২ |
| ১৩ | | ★ | ১৪ | | | ★ | |
| ★ | ★ | ★ | | ★ | ১৫ | | |

**পাশাপাশি** : ১। বাংলা বছরের একটি মাস ৪। আঁকার কাজে লাগে ৫। গৃহ, আবাস, তীর্থস্থান ৭। শত প্রকার, শত দিকে ৮। পলাশ গাছ ৯। ধনুকের সামনের দিক ১১। বোধ, জ্ঞান, ধারণা ১৩। শাঁখ, শঙ্খ ১৪। মেয়েদের কপালে পরার গয়নাবিশেষ, কপালের তিলক ১৫। যোগ্য, লায়েক, উপযুক্ত।

**উপর-নীচ** : ১। আগুন, আগুনের ঝাঁঝ, উত্তাপ ২। নয় রকমে, নয়বার, নয়দিকে ৩। চ্যাঁচামেচি, জোরগলায় ঝগড়া, ডাকাডাকি ৬। মহামারি ৯। ভর্ৎসনা, ভয় প্রদর্শন, দাবড়ানি ১০। মিটমিট, ক্ষীণভাবে অস্তিত্ব বজায় রাখার ভাব ১১। ক্ষুদ্রমালা ১২। সুন্দর, সুদৃশ্য, মনোহর।

### সমাধান ■ ৪২৪৩

**পাশাপাশি** : ১। আধাআধি ৩। তনিমা ৫। রংতামাশা ৭। কবরী ৯। মমতা ১১। বকধার্মিক ১৪। মন্দর ১৫। কাণ্ডজ্ঞান।

**উপর-নীচ** : ১। অনধিক ২। ধিক্কার ৩। তলতা ৪। মালশা ৬। মালুম ৮। বণিক ১০। তাড্যমান ১১। বঙ্কিম ১২। ধামার ১৩। কলিকা।

## বিন্দুবিসর্গ




সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012 and Postal Regn. No. WB/DE/010/2024-26. E.Mail : uttarbanga@hotmail.com,
Website : http://www.uttarbangasambad.in



### হাতাহাতি

দলীয় কার্যালয়ে হাতাহাতিতে জড়ালেন বিজেপি কাউন্সিলার ও বিজেপি নেতা। পশ্চিম মেদিনীপুরের খড়্গপুরের এই ঘটনায় রীতিমতো শোরগোল পড়ে গিয়েছে।



### কালো দিবস

হিন্দি আগ্রাসন প্রতিরোধের ডাক দিয়ে 'কালো দিবস' পালন করল বাংলা পক্ষ। যাদবপুর থেকে গড়িয়াহাট পর্যন্ত মিছিল করে তারা। তাদের দাবি, বাঙালিদের সমান অধিকার দেওয়া হোক।



### দেহ উদ্ধার

বাসন্তী হাইওয়েতে এক মহিলার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হল। স্থানীয়দের নজরে বিষয়টি আসে। পুলিশ দেহ উদ্ধার করে। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে দুষ্কৃতীদের চিহ্নিত করার চেষ্টা করছে পুলিশ।



### মেট্রো বিভ্রাট

রোজ মেট্রো বিভ্রাট। বেশিরভাগ স্টেশনে রবিবার বন্ধ থাকল ডিসপ্লে বোর্ডে ট্রেনের সময় দেখানো। ভোগান্তিতে যাত্রীরা। ১০ মিনিট করে স্টেশনে দাঁড়িয়ে থাকার অভিযোগ।

## নেপাল নিয়ে কাল ভার্চুয়াল বৈঠক পরিবহণ মন্ত্রীর

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** 'অস্থির' নেপালের সঙ্গে উত্তরবঙ্গের যোগাযোগের সর্বশেষ পরিস্থিতি জানতে ৬ জেলাকে নিয়ে বৈঠক ডাকলেন পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। উত্তরবঙ্গ থেকে ফিরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এ ব্যাপারে বিশেষ তৎপর হতে পরিবহণমন্ত্রীকে নির্দেশ দেওয়ার পরই মঙ্গলবার ওই বৈঠক ডাকার ব্যাপারে উদ্যোগী হয়েছেন স্নেহাশিস। রবিবার নবান্ন সূত্রে এই খবর জানা গিয়েছে।

উত্তরবঙ্গের সঙ্গে নেপালের সরাসরি পরিবহণ যোগাযোগ কয়েকদিন ধরেই বিঘ্নিত। মঙ্গলবার উত্তরবঙ্গের ৬টি জেলার সঙ্গে 'ভার্চুয়াল' বৈঠক করতে চলেছেন পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। ওই বৈঠকে রাজ্যের পরিবহণ প্রতিমন্ত্রী দিলীপ মণ্ডলেরও থাকার কথা। এছাড়াও থাকবেন রাজ্যের পরিবহণ সচিব সৌমিত্র মোহন সহ দপ্তরের শীর্ষ আধিকারিকরা।

ওই বৈঠকে কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দার্জিলিং ও কালিম্পং জেলার পরিবহণ কর্তাদের উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। বহু মানুষ উত্তরবঙ্গ হয়েই নেপালে যান। নেপালে বিক্ষোভ শুরুর পরেই বিপাকে পড়েন পর্যটকরা।

# পুজোর পর ফল প্রকাশ

## ভিনরাজ্যের পরীক্ষার্থীদের নিয়ে তর্জা ব্রাত্য-শমীকের

**নয়নিকা নিয়োগী**

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** দুর্গাপুজোর পরেই নভেম্বর মাসে হবে স্কুল সার্ভিস কমিশন পরীক্ষার ইন্টারভিউ। রবিবার লিখিত পরীক্ষার শেষে এমনটাই জানিয়ে দিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। একাদশ-দ্বাদশের মডেল উত্তরপত্র ওয়েবসাইটে আপলোড করে দেওয়া হবে ২০ সেপ্টেম্বরের মধ্যে। নবম-দশমের মডেল উত্তরপত্র আপলোড হবে ১৬ সেপ্টেম্বর অর্থাৎ মঙ্গলবার। ওই উত্তরপত্রকে চ্যালেঞ্জ করতে পারবেন যে কোনও পরীক্ষার্থী। সেক্ষেত্রে সময় দেওয়া হবে ৫ দিন। তারপর বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করে ফের চূড়ান্ত উত্তরপত্র আপলোড করা হবে। প্রায় ৯ বছর পর ৫ লক্ষ ৬৬ হাজার পরীক্ষার্থীদের নিয়ে পরীক্ষার আয়োজন করার ক্ষেত্রে এসএসসির কাছে সবথেকে বড় চ্যালেঞ্জ স্বচ্ছতা বজায় ও দুর্নীতিমুক্ত মূল্যায়ন। তাই সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে কমিশনের সিদ্ধান্ত, ৩১ ডিসেম্বরের মধ্যেই নিয়োগ সম্পূর্ণ করা হবে।

এদিন ব্রাত্য ফের মনে করিয়ে দিয়েছেন, পরীক্ষার মডেল উত্তরপত্র সংরক্ষিত থাকবে ২ বছর পর্যন্ত। যদিও এবার নজর কেড়েছে ভিন রাজ্যের পরীক্ষার্থীদের উপস্থিতি। নবম-দশমের পরীক্ষায় সেই সংখ্যা ছিল ৩১,৩৬২ জন। রবিবারের পরীক্ষায় সেই সংখ্যা ১৩,৫১৭ জন। ব্রাত্যর কটাক্ষ, 'ভিন রাজ্যের পরীক্ষার্থীদের মধ্যে একটা বড় অংশ এসেছেন উত্তরপ্রদেশ ও বিহার থেকে। কারণ, সেখানে কোনও চাকরি নেই। তথাকথিত বহু ঢক্কানিনাদে শোনা, বহু আড়ম্বরের শব্দ ডবল ইঞ্জিন। সেই সরকারের সাফল্য বা ব্যর্থতার খতিয়ান আসলে কত তার হিসেব আন্দাজ করতে পারছেন?' পালটা বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের যুক্তি, 'আমাদের রাজ্যের ছেলেমেয়েরাও তো ভিন রাজ্যে পরীক্ষা দিতে যাচ্ছেন। সেই সংখ্যাটা কত? ব্রিটিশরা চলে যাওয়ার পর আমাদের বাণিজ্যে কন্ট্রিবিউশন ছিল ২৭ শতাংশ। আর সেখানে এখন আমাদের রাজ্যে এফডিআই ০.৬ শতাংশ। আর বাংলাকে গুজরাট হতে দেব না যাঁরা বলেন, তাঁরা জেনে রাখুন, গুজরাটের এফডিআই ৩৯.৬ শতাংশ।' এদিন মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ, আশুতোষ কলেজ ও যাদবপুর বিদ্যাপীঠ সহ কেন্দ্রগুলিতে পরীক্ষা দিতে এসে ভিন রাজ্যের পরীক্ষার্থীদের সিংহভাগ স্পষ্ট জানিয়েছেন, যোগ্যতা থাকা সত্ত্বেও তাঁদের রাজ্যে ৪-৫ বছর ধরে চাকরির সুযোগ মিলছে না। তাই শেষ সম্বল হিসেবে বাংলাকেই বেছে নিলেন তাঁরা।



*পরীক্ষাকেন্দ্রে যাওয়ার আগে সন্তানকে আদর। -রাজীব মণ্ডল।*

দীর্ঘ আন্দোলনের পরেও পরীক্ষায় বসতে পারলেন না পাঁশকুড়ার চাকরিহারা শিক্ষক সন্তোষকুমার মণ্ডল। শনিবার রাতে তাঁর মৃত্যু ফিরিয়ে দিল সুবল সোরেনের স্মৃতি। গত রবিবার নবম-দশমের পরীক্ষায় বসার পর বৃহস্পতিবার আচমকা পেটব্যথায় তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়। পরিবারের দাবি, চাকরি হারানোর পর মানসিক অবসাদে ভোগার কারণে আজ এই ঘটনা ঘটেছে। পরীক্ষায় বসার আগে চিন্ময় মণ্ডল, রাসমণি পাত্র ও শর্মিষ্ঠা দুয়ারি সহ চাকরিহারাদের আক্ষেপ, 'রাজ্য সরকারের দুর্নীতির জন্যই আবার পরীক্ষা দিতে হচ্ছে।' হাইকোর্টের নির্দেশ মেনে এসএসসি ভবনে পরীক্ষা দিলেন হাবিবা খাতুন ও উত্তম ঘোষ। পরীক্ষা দিয়ে বেরিয়ে তৃণমূলের যুবনেত্রী রাজন্যা হালদার বললেন, 'পরীক্ষা ভালো হয়েছে। প্রথমবারের প্রয়াস। আশা করছি ফলাফল ভালো হবে।' যদিও চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাসের কথায়, 'যত দুর্নীতির ঘুঘুর বাসা এসএসসি। একজনও যোগ্য বাদ গেলে লড়াই চলবে।' চাকরিহারাদের উদ্দেশে এদিন ব্রাত্য বলেন, 'ওঁরা অনেক কষ্ট সহ্য করেছেন। আমি চাইব, ওঁরা সফল হোন।'

দুর্নীতির প্রশ্নে তাঁর স্পষ্ট বক্তব্য, 'বিরোধী দলের মামলা করার গণতান্ত্রিক অধিকার আছে। আমরা চাই আপনারা মামলা করুন। আমি বলছি, পরীক্ষা নির্ভুল হয়েছে।' এসএসসির পরিসংখ্যান অনুযায়ী, নবম-দশমের পরীক্ষায় উপস্থিতির হার ৯১.৬২ শতাংশ। একাদশ-দ্বাদশে উপস্থিতি ৯৩ শতাংশ। নতুন নিয়োগবিধি অনুযায়ী, ওয়েবসাইটে পার্সোনালিটি টেস্টের জন্য নম্বর সহ তালিকা প্রকাশ করা হবে। এদিন পরীক্ষা শেষের পর বিকাশভবনে বিস্তারিত রিপোর্ট জমা দেন এসএসসির চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার। শিক্ষা দপ্তর সূত্রে খবর, এই রিপোর্ট শীঘ্রই নবান্নে পৌঁছে যাবে।



*লাল-নীল-সবুজের মেলা বসেছে...* *রবিবার কলকাতায়। -রাজীব মণ্ডল*

## মিমিকে তলব ইডি'র

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি'র নজরে এবার টলিউড ও বলিউডের দুই অভিনেত্রী। বেটিং অ্যাপ কাণ্ডে টলিউডের মিমি চক্রবর্তী ও বলিউডের ঊর্বশী রউতেলাকে তলব করল ইডি। ১৫ সেপ্টেম্বর দিল্লিতে ইডির সদর দপ্তরে মিমিকে হাজিরা দিতে বলা হয়েছে। ১৬ সেপ্টেম্বর ডাকা হয়েছে ঊর্বশীকে। এর আগে এই কাণ্ডে নাম জড়িয়েছিল টলিউড অভিনেতা অঙ্কুশ হাজরার।

ইডির ধারণা, বেটিং অ্যাপগুলির প্রচার চালিয়ে অভিনেতা-অভিনেত্রীরা তা থেকে প্রচুর আর্থিক সুবিধা পেয়ে থাকেন। কয়েক কোটি টাকা অবৈধভাবে উপার্জন করেছেন তাঁরা। সেই সূত্রে তাঁদের তলব করা হচ্ছে। এর আগেও বেটিং অ্যাপ প্রচারের জেরে বলিউড ও দক্ষিণী সিনে দুনিয়ার একাধিক তারকাকে আইনি জটিলতায় পড়তে হয়েছে। বিজয় দেবেরেকোন্ডা, প্রকাশ রাজ, রানা ডাগ্গুবতী, হরভজন সিং, সুরেশ রায়নার নাম জড়িয়েছে। সুরেশ, হরভজন সহ একাধিক তারকার বয়ান রেকর্ড করেছে ইডি। তারপর টলিউডের অভিনেতা-অভিনেত্রীরাও ইডির আতশকাচের নীচে এসেছেন। জানা গিয়েছে, বেটিং অ্যাপ সংক্রান্ত



মামলায় মাসখানেক আগে ২৯ জনের বিরুদ্ধে মামলা রুজু করেছে ইডি। তদন্তকারীদের ধারণা, এই বেআইনি বেটিং অ্যাপগুলি থেকে উপার্জিত হওয়া কোটি কোটি টাকা হাওয়ালার মাধ্যমে ঘোরানো হয়েছে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই এই অনলাইন গেমিং অ্যাপগুলির মধ্যে কিছু কিছু অ্যাপ নিষিদ্ধ করা হয়েছে। এই মুহূর্তে মিমি ব্যস্ত রয়েছেন তাঁর আগামী ছবির প্রচার নিয়ে। তার মাঝেই তাঁকে ডাকা হয়েছে।

আপাতত এই অ্যাপের প্রচারে যাঁরা অংশ নিয়েছেন, তাঁদের ব্যাংক লেনদেন ও চুক্তি খতিয়ে দেখা হবে। এই বিষয়ে মিমি ও ঊর্বশীর কী ভূমিকা ছিল, তা জানতে চাইছেন তদন্তকারীরা। এই মামলার তদন্তে আরও বেশ কয়েকজন তারকার নাম উঠে আসতে পারে বলে জানা গিয়েছে।

## পুজোর থিমে পুরোনো সেই দিনের কথা

**রিমি শীল**

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** কোথাও চলত নাটকের মহড়া, কোথাও কুস্তির আখড়া। এই ছিল পুরনো কলকাতার পরিচিত ছবি। বর্তমান প্রজন্ম কলকাতার নদীঘাটগুলির ঐতিহ্য ভুলতে বসেছে। শুধু তাই নয়, পুরোনো কলকাতার রকে বসে আড্ডা, ছাপাখানার ঘটাং ঘটাং শব্দ, কাঁসা-পিতলের বাসনের ঠুং-ঠাং – সবই ভুলতে বসেছে ওয়াই জেনারেশন। সোঁদা মাটির ঘ্রাণে গ্রাম্য সমাজের প্রতিচ্ছবিও ফিকে হয়েছে। এবছর তাই কলকাতার একাধিক পুজোমণ্ডপে ফুটে উঠবে 'পুরানো সেই দিনের কথা'। তাতে যেমন থাকবে পুরোনো কলকাতার ইতিহাস, তেমন পরিবেশ সচেতনতা।

উত্তর কলকাতার অন্যতম বিখ্যাত পুজো পাথুরিয়াঘাটা পাঁচের পল্লির ৮৬ তম বর্ষে থিম 'এই শহর সেই সময়'। সভাপতি ইলোরা সাহা বলেন, 'তখনকার দিনের স্থাপত্য, বাড়ির নকশা সমস্ত কিছুই লিথোগ্রাফির মাধ্যমে ফুটিয়ে তোলা হয়েছে।' হাতিবাগান সর্বজনীনে এবছরের থিম 'অথ ঘাট কথা'। ফরাসি শিল্পী থমাস হেনরিয়টের হাতের কারুকার্য ২২ ফুট বাই ৪ ফুটের ক্যানভাসে সুতোয় ফুটিয়ে তোলা হয়েছে গঙ্গা পাড়ের এক নিখুঁত ছবি। পুজো কমিটির সদস্য শাশ্বত বসু বলেন, '২০ হাজার সোনালি সুতোয় কলকাতার গঙ্গার পাড়ের জীবনযাত্রার ছবি ফুটিয়ে তোলা হয়েছে।'

বোসপুকুর শীতলা মন্দিরের থিম 'কাল রক্ষণ'। সম্পাদক কাজল সরকার বলেন, 'এমনকিছু ধানের বীজ, নানা রকমের মাটি, কিছু প্রাণী যা মিউজিয়ামে গিয়ে দেখতে হয়, তা বাস্তবে এখানে দেখা যাবে।' পোড়ামাটির মাধ্যমে পুরোনো দিন ও মানুষের আত্মচেতনা জাগাতে এবার মুদিয়ালির থিম 'আত্ম শুদ্ধি'। শান্তনু বন্দ্যোপাধ্যায় বলেন, 'প্রাকৃতিক উপাদান মাটি দিয়ে সমস্ত কারুকার্য করা হয়েছে। ইটের গাঁথনি দিয়ে সমগ্র মণ্ডপের কাজ করা হয়েছে।'

### যাদবপুরে ষড়যন্ত্রের অভিযোগ, কাটছে না নেশার অন্ধকার

## মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশা

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের তৃতীয় বর্ষের পড়ুয়া অনামিকা মণ্ডলের মৃত্যুর ঘটনায় তিনদিন কেটে গেলেও এখনও পর্যন্ত আসল কারণ স্পষ্ট হয়নি। এই পরিস্থিতিতে ছাত্রীর মৃত্যুতে স্বতঃপ্রণোদিত পদক্ষেপ করল জাতীয় মহিলা কমিশন। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মাকে চিঠি দিয়ে তিনদিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। ওই পড়ুয়ার মা-বাবা এই ঘটনায় রীতিমতো শোকস্তব্ধ। ঘটনার নেপথ্যে ষড়যন্ত্রের ছায়া দেখছেন পড়ুয়ার বাবা। কান্নায় ভেঙে পড়েছেন তাঁর মা। তবে তদন্তকারীরা ইতিমধ্যেই ঘটনাসংক্রান্ত সমস্ত যোগসূত্র খোঁজার চেষ্টা করছেন। অনুষ্ঠানের মাঝে ঝিল লাগোয়া বাথরুমে গিয়েছিলেন অনামিকা। তারপর আর ফেরেননি।

খানিকক্ষণ পর তাঁর দেহ ভাসতে দেখা যায় ঝিলের জলে। দুটি ঘটনার মাঝের ১৯ মিনিট ভাবিয়ে তুলছে তদন্তকারীদের। ইতিমধ্যেই সিসিটিভি ফুটেজ দেখে রবিবার যাদবপুর থানায় বেশ কয়েকজন পড়ুয়াকে তলব করা হয়েছিল। তাঁদের জিজ্ঞাসাবাদও করেছেন তদন্তকারীরা। সূত্রের খবর, সোমবার ঘটনাস্থলে ফরেন্সিকের একটি দল যাবে। তবে এই ঘটনা নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ফের প্রশ্নের মুখে পড়েছে। এই ব্যাপারে সিপিএমকে কটাক্ষ করতে ছাড়েননি শ্রীরামপুরের তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

জাতীয় মহিলা কমিশনের তরফে এদিন সিপিকে চিঠি দিয়ে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা পরিস্থিতির ওপর নজর দিতে বলা হয়েছে। তিনদিনের মধ্যে পুলিশকে তাদের কাছে রিপোর্ট পাঠাতে বলা হয়েছে। কিন্তু মেয়ের মৃত্যুতে আগামী দিনে আইনি পথে হাঁটতে পারেন বলে জানিয়েছেন ওই পড়ুয়ার বাবা।

তাঁর দাবি, অনামিকা সাঁতার জানতেন না। ওকে নিশ্চয়ই কেউ ডেকেছিল। তারপরই তাকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়েছে। তাকে কেউ নিশ্চয়ই কোনও প্রস্তাব দিয়েছিল। তাতে রাজি হয়নি বলে এই কাজ করা হয়েছে বলে দাবি করেছেন তাঁর বাবা। তাঁর মেয়ে অন্ধকারে ভয় পেতেন। তাই শৌচালয়ে যাওয়ার জন্য ঝিল পাড়ে যাওয়ার বিষয়টিও বিশ্বাস করতে পারছেন না নিহত পড়ুয়ার বাবা। এদিন শোকে মূহ্যমান তাঁর মা বলেন, আর কারোর কোল যাতে এভাবে খালি না হয় তা দেখতে হবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে।

তদন্তকারীদের হাতে ইতিমধ্যেই যে তথ্য এসেছে তাতে তাঁরা বেশ কিছু বিষয় নিয়ে ধোঁয়াশায় রয়েছেন বলে সূত্রের খবর। ঝিল লাগোয়া বাথরুমে যাওয়া ও তারপর তাঁর দেহ ভেসে ওঠার মাঝের সময়ে কারা তাঁকে জীবিত দেখেছিলেন, কারা তাঁর দেহ ভেসে থাকতে দেখেছেন, কারা দেহ উদ্ধার করেছিলেন তা জানার চেষ্টা করছেন তদন্তকারীরা। তবে এদিন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে সিপিএমকে বিঁধে কল্যাণ বলেন, '১০ শতাংশ ছেলের জন্য যাদবপুরটা নষ্ট হয়ে গিয়েছে। সব হচ্ছে সিপিএম ও এসএফআইয়ের জন্য। যতদিন ওরা ওখানে আছে ততদিন যাদবপুরের কিছু হবে না। গাঁজাখোর, মাতাল, চরিত্রহীন সবগুলি ওখানে গিয়ে ভিড় করেছে।'

## প্রশ্ন সেই নিরাপত্তা নিয়ে

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** যাদবপুর কাণ্ডের আবহে পড়ুয়াদের নিরাপত্তা নিয়ে প্রশ্নের মুখে রাজ্যের প্রতিটি কলেজ-বিশ্ববিদ্যালয়। স্নাতক ও স্নাতকোত্তর স্তরের পড়ুয়াদের প্রশ্ন করলেই তাঁদের সিংহভাগ একবাক্যে স্বীকার করে নেন, কমবেশি প্রতিটি প্রতিষ্ঠানেই নেশাজাত দ্রব্য সেবন করা হয়। কোথাও আবার নামেই রয়েছে অ্যান্টি র‍্যাগিং সেলের উপস্থিতি। কাজের কাজ হয় না কিছুই। ইতিমধ্যেই কেন্দ্রীয় টাস্ক ফোর্স যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অ্যান্টি র‍্যাগিং, ইন্টারনাল কমপ্লায়েন্স কমিটি, অ্যান্টি র‍্যাগিং স্কোয়াড সহ একাধিক গুরুত্বপূর্ণ ক্ষেত্র খতিয়ে দেখে গিয়েছে। বছর বছর ধরে ঝিলপাড় এলাকায় জমে থাকা মদের বোতলের পাহাড় ইতিমধ্যেই পরিষ্কার করার কাজ শুরু হয়ে গিয়েছে। যাদবপুর থেকে শিক্ষা নিয়ে শহর কলকাতার অন্যান্য কলেজ-বিশ্ববিদ্যালয়ও কি কড়া নিরাপত্তার পথে হাঁটছে?

কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্তর উত্তর, '২০২৩ সালে আমি বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব নেওয়ার সময় দেখেছিলাম বিশ্ববিদ্যালয়ের অ্যান্টি র‍্যাগিং সেলের পরিস্থিতি খুব শোচনীয়। মাত্র এক-দু'বছর হল আমি কঠোরভাবে দায়িত্ব নিয়ে এই সেলের কাজ শুরু করেছি। ক্যাম্পাস সহ ১৬টি হস্টেলে সুপার ও বোর্ড অফ প্রেসিডেন্ট নজরদারি চালান।' অবশ্য হেরম্বচন্দ্র কলেজের অধ্যক্ষ নবনীতা চক্রবর্তীর স্বীকারোক্তি, 'কিছু ক্ষেত্রে নজরদারির খামতি তো থেকেই যায়। আসলে আমরা সব বিষয়ে হস্তক্ষেপ করতে পারি না। তাহলে গণতান্ত্রিক অধিকার খর্ব করা হবে। কলেজে ঢোকার সময় প্রতিটি পড়ুয়ার দেহ তল্লাশি কোনও প্রতিষ্ঠানের পক্ষেই সম্ভব নয়। তাই ৫০টির ওপর সিসিটিভি রয়েছে। কোথাও নেশাজাত দ্রব্য সেবন দেখতে পেলে সঙ্গে সঙ্গেই আমরা পদক্ষেপ করি।'

আশুতোষ কলেজের অধ্যক্ষ মানস কবির কথায়, 'তিন মাস অন্তর আমাদের অ্যান্টি র‍্যাগিং সেলের বৈঠক হয়। প্রথম বর্ষের পড়ুয়ারা কলেজে ঢুকলেই তাঁদের নোটিশ পাঠানো হয়, যাতে কোনওরকম অসুবিধায় পড়লে তাঁরা সঙ্গে সঙ্গে যোগাযোগ করেন। নেশাজাত দ্রব্যও ক্যাম্পাসে নিষিদ্ধ। সিসিটিভি ও নিরাপত্তা রক্ষীরা এবিষয়ে কড়া নজর রাখেন।' যাদবপুর বিশ্ববিদ্যালয়েও রয়েছে অ্যান্টি র‍্যাগিং সেল। তারপরও র‍্যাগিংয়ের বলি হতে হয়েছিল স্বপ্নদীপ কুণ্ডুকে। তবে ক্যাম্পাস চত্বরে নেশা করা কিংবা র‍্যাগিংয়ের মুক্তাঞ্চল কি শুধুমাত্র যাদবপুরই?

শান্তার উত্তর, 'কলকাতা বিশ্ববিদ্যালয়েও একবার ছাদে বসে নেশা করার অভিযোগ ওঠায় আমরা তৎক্ষণাৎ কেয়ারটেকারদের দিয়ে ছাদে প্রত্যেকটি দরজা বন্ধ করিয়েছিলাম। হাইকোর্টের অর্ডারের অনেক আগেই ইউনিয়ন রুম তালাবন্ধ করা হয়েছে। কারমাইকেল হস্টেলে একজন বিশেষভাবে সক্ষম পড়ুয়াকে র‍্যাগিংয়ের অভিযোগ যখন উঠেছিল তৎক্ষণাৎ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নোটিশ জারি করে দেওয়া হয়। স্পষ্ট বলা হয়েছিল, বেনিয়মের পুনরাবৃত্তি ঘটলে পড়ুয়ার ডিগ্রি বাতিল করে দেওয়া হবে। এভাবেই সমস্ত দুর্নীতি কড়া হাতে দমন করছি।' অর্থাৎ কলেজ-বিশ্ববিদ্যালয়ের প্রধানদের আশা, নিরাপত্তার কড়াকড়ির পথ অবলম্বন করলেই আর কোনও যাদবপুর বা আইসারের ঘটনার পুনরাবৃত্তি হবে না।

## ধৃত খাদান মালিক

**রামপুরহাট, ১৪ সেপ্টেম্বর :** পাথর খাদানে ধস নেমে ছয় শ্রমিকের মৃত্যুর ঘটনায় ওই খাদানের মালিক সঞ্জীব ঘোষ ওরফে ভুলুকে গ্রেফতার করল পুলিশ। শনিবার রাতে তাকে গ্রেফতার করে বীরভূমের নলহাটি থানার পুলিশ। রবিবার তাকে রামপুরহাট মহকুমার বিশেষ আদালতে তোলা হলে অতিরিক্ত মুখ্য ও দায়রা বিচারক তাকে পাঁচদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন।



*চিৎকার কর মেয়ে...* *অ্যাসিড আক্রান্তদের নিয়ে তৈরি হচ্ছে দুর্গাপুজোর থিম। কলকাতায়। -পিটিআই*

## সেনার বৈঠকে কলকাতায় মোদি

**অরূপ দত্ত**

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** নির্ধারিত সময়ের প্রায় আধঘণ্টা দেরিতে সন্ধ্যা সাড়ে ৬টা নাগাদ রবিবার অসম থেকে কলকাতায় পৌঁছোন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিকেল ৫টা নাগাদ পৌঁছোন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। কলকাতায় প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে এদিন বিমানবন্দরে উপস্থিত ছিলেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ রাজ্য বিজেপির একঝাঁক নেতৃত্ব।

রাজভবনের উদ্দেশে রওনা দেওয়ার পর বিমানবন্দরের ৪ নম্বর গেট থেকে বেরিয়ে দাঁড়িয়ে পড়ে মোদির কনভয়। প্রথমে নিজের আসনে বসেই অপেক্ষমান চিত্র সাংবাদিকদের উদ্দেশে হাত নাড়েন প্রধানমন্ত্রী। পরে আচমকাই গাড়ির দরজা খুলে বেরিয়ে এসে অপেক্ষমান জনতা ও দলীয় কর্মীদের উদ্দেশে কয়েক মিনিট ধরে হাত নাড়েন, প্রণাম জানান তিনি। এরপর দমদম বিমানবন্দর থেকে বেরিয়ে মা উড়ালপুল ধরে সোজা পৌঁছে যান রাজভবনে। রবিবার রাজভবনেই রাত্রিবাস করবেন তিনি।

সোমবার সকালে রাজভবন থেকে বেরিয়ে সড়কপথে ফোর্ট উইলিয়াম (বিজয় দুর্গ)-এ সেনাবাহিনীর তিনদিনব্যাপী কমবাইন্ড কমান্ড কনফারেন্সের উদ্বোধন করবেন মোদি। ২০২১ সালে তদানীন্তন সেনা প্রধান বিপিন রাওয়াত তিন বাহিনীর মধ্যে সমন্বয় বৃদ্ধি করতে এই সম্মেলনের প্রস্তাব দেন। পরের ২ বছর নানা কারণে সেই বৈঠক না হলেও, এবছর সেই বৈঠকের জন্য বেছে নেওয়া হল সেনাবাহিনীর পূর্বাঞ্চলের সদর দপ্তর ফোর্ট উইলিয়ামকে।

সোমবারের এই বৈঠকে প্রধানমন্ত্রী ছাড়াও উপস্থিত থাকবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, তিন বাহিনীর প্রধানরা, প্রতিরক্ষা সচিব, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল ও দেশের তিন বাহিনীর ১৭টি কমান্ডের শীর্ষ স্থানীয় আধিকারিকরা। বাংলাদেশ ও নেপালের রাজনৈতিক পালাবদলের পর উত্তর পূর্বাঞ্চলের সীমান্ত সুরক্ষায় চিকেনস নেকের গুরুত্ব বেড়েছে। সম্প্রতি চিনের সঙ্গে কৌশলগত সম্পর্কের আপাত উন্নতি হলেও, উত্তর-পূর্ব সীমান্তে চিনের আগ্রাসী মনোভাবের বিশেষ কোনও পরিবর্তন হবে না বলেই মনে করছেন সেনা কর্তারা। সেই নিরিখে কলকাতায় এই সেনা সম্মেলন খুবই গুরুত্বপূর্ণ হতে চলেছে। এদিন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, বাংলাদেশের সঙ্গে এরাজ্যের ২২০০ কিলোমিটার সীমানা রয়েছে। বাংলাদেশের বর্তমান ভূ-রাজনৈতিক পরিবর্তনের পর যা খুবই গুরুত্বপূর্ণ।

## সিপিএমে গুরুত্ব নবীন প্রজন্মে

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ও সিপিএমের প্রাক্তন সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ২০ সেপ্টেম্বর একটি কর্মসূচিতে বক্তার তালিকায় কোনও প্রবীণ নেতাকে রাখা হয়নি। ওইদিন প্রয়াত দুই প্রবীণ নেতা অর্থাৎ বুদ্ধদেব ভট্টাচার্য ও সীতারাম ইয়েচুরির স্মৃতিচারণা করবেন নবীন প্রজন্মের ১১ জন নেতা। কর্মসূচি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন পক্ককেশীরা। ওই বক্তা তালিকায় রয়েছেন মীনাক্ষী মুখোপাধ্যায়, দীপ্সিতা ধর, সৃজন ভট্টাচার্য, প্রণয় কার্জি, প্রতীকউর রহমান, সপ্তর্ষি দেবরা। এই দুই প্রয়াত প্রবীণ নেতা সম্পর্কে সম্যক ধ্যানধারণায় একাধিক বক্তাই সেভাবে অভিজ্ঞ নয়। মহম্মদ সেলিম বলেন, 'আমরা সারা বছর ধরে কর্মসূচিতে তরুণদেরকে সামনে রাখি। সামনে হুগলিতে কর্মসূচি রয়েছে। সেখানেও তরুণ মুখদের বক্তা হিসেবে রাখা হয়েছে।' রাজনৈতিক মহলের মতে, আইএসএফ-এর তরফে ইতিমধ্যেই সমঝোতার বার্তা এসেছে। এখনও পর্যন্ত উত্তর দেয়নি আলিমুদ্দিন স্ট্রিট। দ্বিতীয় দফায় চিঠিপত্র পাঠানোর প্রস্তুতিও সেরে রেখেছে আইএসএফ। কংগ্রেসের সাড়া না পেয়ে নিজেদের মতো করে ঘর গোছাচ্ছে সিপিএম। তাতে অধিকাংশ কেন্দ্রে প্রবীণদের পরিবর্তে বিশেষ করে নবীনদের গুরুত্ব দিতে চাইছে তারা।

# জাল শংসাপত্রের 'কারখানা' পাঠানখালি

**কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** পাঠানখালি যাবেন? কেন, জাল বার্থ সার্টিফিকেট লাগবে বুঝি?

দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এলাকার প্রত্যন্ত গ্রাম পাঠানখালি। গত কয়েক মাস ধরে তার নাম ছড়িয়েছে জাল কাগজ বানানোর গ্রাম হিসেবে। উপকূলবর্তী এই গ্রামের জেটিতে নামার পর মিনিট পাঁচেক হাঁটলেই একটা পুরোনো ক্ষয়ে যাওয়া দোতলা বাড়ি। হলুদ-কালোয় দেওয়ালে লেখা একশো দিনের কাজের রেট চার্ট। এই বাড়িটিই নাকি সেই 'জাল কাগজ' তৈরির কারখানা। হাজার চারেক পরিবারের গ্রামটিতে গত দু'বছরে এই বাড়ি থেকে ইস্যু হয়েছে সাড়ে তিন হাজার জন্মের জাল শংসাপত্র। অভিযোগ উঠেছে, এইসব কাগজ লাগানো হয়েছে জাল ভারতীয় পাসপোর্ট তৈরির কাজে।

কোনও কানাঘুষো নয়, ইতিমধ্যেই



ওই পঞ্চায়েত অফিসের অস্থায়ী কর্মী গৌতম সর্দার জুন মাসের ৭ তারিখে গ্রেপ্তারও হয়েছেন। তাঁকে নিয়ে জাল পাসপোর্ট চক্রের মোট ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তবে কলকাতা পুলিশের চিফ পাবলিক প্রসিকিউটার সৌরীন ঘোষালের মতে, এই পাঠানখালি গ্রাম আর ওই ক'জন অভিযুক্ত একটা বড় চক্রের ছোট অংশ মাত্র। আসলে জাল পাসপোর্ট চক্রের তদন্তে জাল গোটাতে গিয়েই একে একে চারশো জাল পাসপোর্টের সন্ধান পাওয়া যায়। এদের অধিকাংশই বাংলাদেশি নাগরিক বলে অভিযোগ। কলকাতা পুলিশের তদন্তকারী অফিসাররা বলেছেন, এই চক্রের জাল বহুদূর বিস্তৃত। কিন্তু একটি মাত্র গ্রাম পঞ্চায়েতে এতগুলি জাল বার্থ সার্টিফিকেট পাওয়ার ঘটনা একেবারেই নতুন। এখানে তো গ্রাম পঞ্চায়েত কর্মীই এই ঘটনার সঙ্গে যুক্ত। সেখানকার পঞ্চায়েত প্রধান সুচিত্রা ভুঁইয়া জানিয়েছেন, গৌতমের সঙ্গে তিনি ২০১৮ সালে পঞ্চায়েত নির্বাচনের সময় কাজ করেছেন। ১২ ক্লাস পর্যন্ত পড়া ওই কর্মী বার্ষিক সাড়ে তিন হাজার টাকা মজুরিতে ২০১৯ সালে এখানে কাজ করেছেন। সুচিত্রা নিজেও তৃণমূলের একজন নেত্রী।

পুলিশ জানিয়েছে, সরকারের জন্ম-মৃত্যুর পোর্টালে সুচিত্রার লগ-ইন তথ্য ব্যবহার করেছেন গৌতম। সেখানে সুচিত্রার বদলে নিজের ফোন নম্বর ঢুকিয়ে দিয়ে সেখানেই প্রয়োজনীয় ওটিপি আনিয়ে নিতেন। সুচিত্রা তাই ক্ষোভের সঙ্গে জানিয়েছেন, গৌতম তাঁর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। উত্তর ২৪ পরগনা জেলার অশোকনগর থানার পুলিশ পাসপোর্ট কেলেঙ্কারি নিয়ে তাঁর সঙ্গে মে মাসে যোগাযোগ করে। তারা একটি জন্মের শংসাপত্র পাঠায়। তখন খোঁজ নিতে গিয়ে দেখা যায় আগের দেড় বছরে ওই গ্রাম পঞ্চায়েত থেকে সাড়ে তিন হাজার শংসাপত্র ইস্যু হয়েছে। সাধারণত, ওই গ্রাম পঞ্চায়েত থেকে বছর দেড়েক সময়ে দেড়শো-দুশোর বেশি শংসাপত্র ইস্যু হয় না। দেখা গিয়েছে, ওই গ্রাম পঞ্চায়েত থেকে ইস্যু হওয়া শংসাপত্রে নদিয়া ও উত্তর ২৪ পরগনার লোকেদের নামধামও রয়েছে। তারপরই সুচিত্রা পুলিশে অভিযোগ জানান। তৃণমূলের বুথ সভাপতি আনারুল মোল্লা জানিয়েছেন বহু শংসাপত্রই ইস্যু হয়েছে রাত ১টার পর। ওইসময় পঞ্চায়েত অফিস বন্ধ থাকে। পঞ্চায়েত সদস্য রফিকুল তরফদারের মতে, 'এটা একটা বড় কেলেঙ্কারি। গ্রামবাসীরাই এখন আমাদের ব্যঙ্গ করেন। আশপাশের এলাকাতেও এই পঞ্চায়েতের পরিচিতি তৈরি হয়েছে জাল বার্থ সার্টিফিকেটের কারখানা হিসেবে। এটাই লজ্জার।'

## নিন্দা শহিদ পরিবারের

**নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর :** পহলগাম কাণ্ডকে কেন্দ্র করে ভারত-পাকিস্তান এশিয়া কাপ খেলা বয়কটের ডাক দেওয়া হলেও দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামে রবিবার বল গড়িয়েছে। ২২ ফেব্রুয়ারির নৃশংস জঙ্গিহানায় স্বজনহারারা এই খেলা মেনে পারছেন না। তাঁদের বক্তব্য, বৈসরণের ঘটনার পর পাকিস্তানের সঙ্গে খেলার আয়োজন করতে লজ্জা হল না? ভাইকে হারানো এক ব্যক্তি বলেছেন, 'আমরা বিরক্ত। এই খেলা যখন হচ্ছে, আমার ১৬ বছর বয়সি ভাইকে ফিরিয়ে দিন। আমার মনে হচ্ছে সিঁদুর অভিযান নষ্ট হয়েছে।' এক মা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উদ্দেশে প্রশ্ন ছুড়ে বলেছেন, 'মোদি বলেছিলেন সিঁদুর অভিযান শেষ হয়নি। তাহলে পাকিস্তানের সঙ্গে খেলা হচ্ছে কী করে? আমি সবাইকে বলতে চাই, যাঁরা স্বজন হারিয়েছেন সেই সব পরিবারে যান, দেখুন তাঁরা কতটা শোকাহত। আমাদের ক্ষত এখনও শুকোয়নি।' বিষয়টি কেন্দ্র করে বহু জায়গায় ভাঙচুর চালানো হয়েছে। সংযুক্ত আরব আমিরশাহিতে খেলার আয়োজক ভারতই।

## হিন্দির প্রসারের ডাক শা'র

**নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর :** মোদি সরকার এবং বিজেপির বিরুদ্ধে হিন্দি আগ্রাসনের অভিযোগ নতুন নয়। ত্রিভাষা নীতির আড়ালে বাংলা, তামিল, মারাঠির মতো অ-হিন্দিভাষী রাজ্যগুলির ওপর হিন্দি চাপিয়ে দেওয়ার অভিযোগ বারবার উঠেছে কেন্দ্রের বিরুদ্ধে। এই পরিস্থিতিতে রবিবার হিন্দি দিবসে সমস্ত ভারতীয় ভাষাকে সম্মানের কথা বললেও সরকারি কাজকর্মে হিন্দির প্রসারের ডাক দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। তিনি বলেন, হিন্দির সঙ্গে অন্য ভারতীয় ভাষাগুলির কোনও সংঘাত নেই। সমস্ত ভারতীয় ভাষার বন্ধু এই ভাষা। হিন্দি এখন আর শুধু কথ্য ভাষা নয়, প্রশাসনেরও ভাষা। বিজ্ঞান, প্রযুক্তি, বিচারবিভাগ এবং পুলিশের ভাষায় পরিণত হয়েছে। অখিল ভারতীয় রাজভাষা সম্মেলনের সূচনা করে তিনি বলেন, সমস্ত কাজ ভারতীয় ভাষায় হওয়ায় জনগণের সঙ্গে তার সম্পর্কও আপনা থেকেই হয়ে যায়। মা-বাবাদের সবসময় উচিত, সন্তানদের সঙ্গে মাতৃভাষায় কথা বলা। দয়ানন্দ সরস্বতী, মহাত্মা গান্ধি, কেএম মুন্সি, সর্দার বল্লভভাই প্যাটেলদের মতো আরও বিশিষ্ট ব্যক্তিবর্গ হিন্দিকে গ্রহণ করেছিলেন এবং তার প্রসার ঘটিয়েছিলেন।

## স্কুলে মাদক কারখানা

**হায়দরাবাদ, ১৪ সেপ্টেম্বর :** স্কুলের একাধিক ক্লাসকে ল্যাব হিসাবে ব্যবহার করে রমরমিয়ে চলছিল মাদক কারখানা। একতলা ও দোতলায় ক্লাস চলত। তিনতলায় হত মাদক তৈরি। ট্রেনিং দিতেন স্কুলের ডিরেক্টর স্বয়ং। হায়দরাবাদের একটি বেসরকারি স্কুলে হানা দিয়ে এমনই এক মাদক চক্রের হদিস পেল পুলিশ। তদন্তে জানা গিয়েছে, প্রায় ছ-মাস ধরে মাদকের ব্যবসা চলছিল। সপ্তাহে ছ-দিন চলত মাদক তৈরি। রবিবার তা বাজারে বিক্রি হত। তল্লাশি চালিয়ে উদ্ধার হয়েছে ৭ কেজি নিষিদ্ধ মাদক এবং নগদ ২১ লক্ষ টাকা। গ্রেপ্তার করা হয়েছে স্কুলের ডিরেক্টর মালেলা জয়প্রকাশ গৌড় সহ তিনজনকে।

## রক্ষা ডিম্পলের

**লখনউ, ১৪ সেপ্টেম্বর :** বরাত জোরে বাঁচলেন সপা সাংসদ তথা দলীয় সভাপতি অখিলেশ যাদবের স্ত্রী ডিম্পল যাদব। শনিবার বেলা ১১টা নাগাদ ইন্ডিগোর দিল্লিগামী একটি উড়ান লখনউ বিমানবন্দর থেকে আকাশে ওড়ার ঠিক আগে ইমার্জেন্সি ব্রেক কষে। যান্ত্রিক ত্রুটির কারণে এই সিদ্ধান্ত নিতে বাধ্য হন বিমানচালক। সেইসময় ওই বিমানটিতে ডিম্পল যাদব সহ মোট ১৫১ জন যাত্রী ছিলেন। সকলকেই নিরাপদে বের করে আনা হয় এবং অন্য একটি বিমানে করে দিল্লি পাঠানোর ব্যবস্থা করা হয়। আহমেদাবাদের এয়ার ইন্ডিয়া বিমান দুর্ঘটনার স্মৃতি এখনও টাটকা। তাই ইন্ডিগোর ঘটনায় স্বাভাবিকভাবেই নড়েচড়ে বসেছে ডিজিসিএ।

## মজার ছলে ক্ষতি

**ভুবনেশ্বর, ১৪ সেপ্টেম্বর :** ওডিশার একটি স্কুলে রাতে হস্টেলে ঘুমোচ্ছিল পড়ুয়ারা। সেই সময় তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির ৮ ছাত্রের চোখে মজা করে আঠা লাগিয়ে দেয় সহপাঠীরা। প্রচণ্ড জ্বালা ও ব্যথায় ঘুম ভেঙে যায়। তারা বুঝতে পারে চোখের পাতা আটকে গিয়েছে। চ্যাঁচামেচিতে ছুটে আসেন হস্টেল কর্তৃপক্ষ। চিকিৎসকরা জানিয়েছেন, আঠায় চোখ গুরুতর ক্ষতিগ্রস্ত হয়েছে ছাত্রদের। তবে সময়ে চিকিৎসা শুরু হওয়ায় স্থায়ীভাবে দৃষ্টিশক্তি হারানোর আশঙ্কা নেই। নজরদারিতে গাফিলতির অভিযোগে প্রধান শিক্ষক মনোরঞ্জন সাহুকে বরখাস্ত করেছে জেলা প্রশাসন।



*প্রতিবাদের রং লাল... ভারত-পাক ম্যাচের প্রতিবাদে সিঁদুর মাখা হাত দেখিয়ে বিক্ষোভ শিবসেনা (ইউবিটি)-র। রবিবার নভি মুম্বইতে।*

### স্টারমার সরকারকে উৎখাতের ডাক

# লড়ো নয় মরো, বার্তা এলন মাস্কের

**লন্ডন, ১৪ সেপ্টেম্বর :** লাগামহীন অভিবাসন ইস্যুতে ব্রিটিশদের সতর্ক করে দিলেন মার্কিন ধনকুবের এলন মাস্ক। তিনি জানিয়েছেন, অনিয়ন্ত্রিত অভিবাসনকে কেন্দ্র করে ব্রিটেনে হিংসা ছড়িয়ে পড়তে পারে। বিপর্যয়ের দিকে এগিয়ে চলেছে ব্রিটেন। শনিবার লন্ডনে টমি রবিনসন আয়োজিত অতি-দক্ষিণপন্থী অভিবাসন বিরোধী সমাবেশে ভার্চুয়ালি বক্তব্য রাখেন মাস্ক। এক্স, স্পেসএক্স কর্তা বলেন, 'ব্রিটেন ধ্বংসের দোরগোড়ায় দাঁড়িয়ে'। বর্তমান অবস্থা থেকে মুক্তির দুটি রাস্তা বাতলেছেন তিনি। মাস্ক নির্দেশিত পথ দুটি হল, 'হয় লড়াই করো অথবা মরো।' তিনি ব্রিটিশ যুক্তরাজ্যকে বাঁচাতে বর্তমান বামপন্থী স্টারমার সরকারকে উৎখাতের ডাক দিয়েছেন।

ইসলাম বিরোধী উগ্র-দক্ষিণপন্থী রাজনীতিবিদ টমি রবিনসনের 'উইনাইট দ্য কিংডম' সমাবেশে ভার্চুয়াল বক্তৃতায় মাস্ক বলেছেন, 'ব্রিটিশদের মধ্যে একটা সুন্দর ব্যাপার আছে। কিন্তু এখন আমি দেখছি ব্রিটেন ধ্বংসের দিকে এগোচ্ছে। অনিয়ন্ত্রিত অভিবাসনে তার গতি বেড়েছে। আমার মনে হচ্ছে, যা চলছে তা চললে হিংসা আসবেই। তখন লড়তে হবে নয় মরতে হবে। এটাই সত্যি। বাঁচার বিকল্প পথ থাকবে না।'



> আমি দেখছি ব্রিটেন ধ্বংসের দিকে এগোচ্ছে। অনিয়ন্ত্রিত অভিবাসনে তার গতি বেড়েছে। আমার মনে হচ্ছে, যা চলছে তা চললে হিংসা আসবেই। তখন লড়তে হবে নয় মরতে হবে। এটাই সত্যি। বাঁচার বিকল্প পথ থাকবে না।
>
> **এলন মাস্ক**

রবিনসনের দক্ষিণপন্থীদের সমাবেশে দেড় লক্ষেরও বেশি মানুষের ভিড় দেখেছে ব্রিটেন। সাম্প্রতিক অতীতে এত বড় জমায়েত দেখা যায়নি। ইংল্যান্ডের সেন্ট জর্জের লাল-সাদা পতাকা, যুক্তরাজ্যের জাতীয় পতাকা ইউনিয়ন জ্যাক হাতে বিক্ষোভকারীদের স্লোগান ছিল 'আমরা আমাদের দেশ ফিরে পেতে চাই।' বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে ২৬ জন পুলিশকর্মী আহত হয়েছেন। চারজনের আঘাত গুরুতর। কারোর দাঁত, কারোর নাক ভেঙেছে। মেরুদণ্ডে আঘাত পেয়েছেন কেউ। পুলিশ ২৫ জনকে গ্রেপ্তার করেছে।

ঋষি সুনক সরকারের পতনের পর বিপুল জনসমর্থন নিয়ে লেবার পার্টির নেতা কিয়ের স্টারমার প্রধানমন্ত্রী হলেও তাঁর জনসমর্থনে ভাটা পড়েছে। সরকারের আর্থিক ও অন্যান্য নীতির বিরুদ্ধে ক্ষুব্ধ মানুষ। বেড়েছে অতি-দক্ষিণপন্থী আদর্শের প্রতি ঝোঁক। মাস্কের মতে, 'সরকার বদলাতে হবে। চার বছর অপেক্ষা করলে চলবে না। পার্লামেন্ট ভেঙে দিয়ে ভোট করতে হবে।'

## রাহুলের পাশে কুরেশি

**নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর :** ভোটচুরির অভিযোগ নিয়ে লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির পাশে দাঁড়ালেন প্রাক্তন মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) এসওয়াই কুরেশি। রবিবার তিনি বলেছেন, রাহুল গান্ধি যে অভিযোগগুলি তুলেছেন, সেগুলি নিয়ে চিৎকার না করে নির্বাচন কমিশনের উচিত তদন্তের নির্দেশ দেওয়া। সাংবাদিক বৈঠকে রাহুল গান্ধির বিরুদ্ধে যে ধরনের ভাষা দেশের মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) জ্ঞানেশ কুমার প্রয়োগ করেছিলেন, তাকে আপত্তিকর বলেও আখ্যা দিয়েছেন কুরেশি।

এর আগেও কুরেশি রাহুলের ভোটচুরির অভিযোগের সমর্থনে মুখ খুলেছিলেন। শুধু তিনি একা নন, আরও এক প্রাক্তন সিইসি ওপি রাওয়াত এবং প্রাক্তন নির্বাচন কমিশনার অশোক লাভাসা সম্প্রতি একটি আলোচনাসভায় দাবি করেছিলেন, ভোটচুরি নিয়ে অভিযোগের জবাবে জ্ঞানেশ কুমার যেভাবে রাহুল গান্ধির কাছে হলফনামা নয়তো প্রকাশ্যে ক্ষমা চাইতে বলেছিলেন, তা জনমানসে বিরূপ প্রভাব ফেলেছে। কুরেশি সেই সময়ও জ্ঞানেশ কুমারের বাচনভঙ্গি নিয়ে আপত্তি তুলেছিলেন কুরেশি সহ প্রাক্তন নির্বাচন কমিশনাররা। রাহুল ইদানীং দাবি করছেন, ভোটচুরির অভিযোগ নিয়ে এবার যে তথ্যপ্রমাণ তিনি তুলে ধরবেন, সেটা হবে হাইড্রোজেন বোমা। যা বিজেপির পক্ষে সহ্য করা কঠিন।

এর জবাবে কুরেশি বলেন, 'বিহারে যেভাবে এসআইআর করা হয়েছে তা শুধু প্যান্ডোরার বাক্স খুলে দেয়নি বরং ভিমরুলের চাকে আঘাত করেছে। যা কমিশনকেও আহত করবে। আমি যখন কমিশনের সমালোচনা শুনি তখন শুধু ভারতের নাগরিক হিসেবে নয়, প্রাক্তন সিইসি হিসেবেও আমার খারাপ লাগে।'

## ভারতের সাত

**প্যারিস, ১৪ সেপ্টেম্বর :** ইউনেসকোর বিশ্ব ঐতিহ্যের সম্ভাব্য স্বীকৃতির তালিকায় ভারতের সাতটি জায়গার নাম রয়েছে। মহারাষ্ট্রের পঞ্চগনির ডেকান ট্র্যাপ মহাবালেশ্বর ও অন্ধ্রপ্রদেশের তিরুমালা পাহাড়, কর্ণাটকের উড়ুপির সেন্ট মেরিজ আইল্যান্ড ক্লাস্টার, মেঘালয়ের ইস্ট খাসি হিলস, নাগাল্যান্ডের নাগা হিল। প্রাকৃতিক ঐতিহ্যে ভরা অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমের ইরা মাত্তি ডিব্বালু রয়েছে। কেরলের ভারকালার প্রাকৃতিক ঐতিহ্যও রয়েছে। সব মিলিয়ে ইউনেসকোর তালিকায় ভারতের স্বীকৃতিপ্রাপ্ত হেরিটেজ সাইটের সংখ্যা বেড়ে দাঁড়াল ৬৯। ইউনেসকোয় ভারতের স্থায়ী প্রতিনিধিদলের বিবৃতিতে এই তথ্য জানা গিয়েছে।

# সব আসনে নাকি প্রার্থী তেজস্বী

**পাটনা, ১৪ সেপ্টেম্বর :** তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভোটের সময় একদা বলেছিলেন, পশ্চিমবঙ্গের ২৯৪টি আসনেই তিনি প্রার্থী। অর্থাৎ দলীয় প্রার্থীকে দেখে নয়, বাংলার মানুষ যেন তাঁকে দেখেই ভোট দেন। এবার বাংলার মুখ্যমন্ত্রীর সুরে সুর মিলিয়ে আরজেডি নেতা তেজস্বী যাদব ঘোষণা করেছেন, আসন্ন বিধানসভা ভোটে বিহারের ২৪৩টি আসনেই তিনি প্রতিদ্বন্দ্বিতা করবেন। মুজফফরপুরের কান্তিতে আরজেডির একটি সভায় বিহারের বিরোধী দলনেতার ওই ঘোষণার অর্থ বিহারবাসী যেন তাঁকে দেখেই বিধানসভা নির্বাচনে ভোট দেন। মমতার কথা ঘিরে বাংলার রাজনৈতিক মহলে কোনও দ্বিধা তৈরি হয়নি। কারণ, পশ্চিমবঙ্গে তৃণমূল কোনও জোটে নেই। একক শক্তিতেই তারা লড়াই করছে।

কিন্তু তেজস্বীর বার্তায় বিহারের রাজনীতিতে খানিকটা হলেও জল্পনা শুরু হয়েছে। কারণ, আরজেডি-কংগ্রেস-বামেরা বিহারে জোটবদ্ধ হয়ে লড়াই করছে। সব আসনে তেজস্বীর মুখ হওয়ার অর্থ তিনিই মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী। তাছাড়া তাঁকে সামনে রেখে লড়াইয়ে নামতে হলে আসনবণ্টন ইস্যুতে আরজেডির শর্তে রাজি হতেই হবে কংগ্রেস ও বামেদের। যদিও লালুর দলের শর্তে আসনবণ্টনে খুব একটা রাজি নয় কংগ্রেস। ২০২০ সালের বিধানসভা ভোটে আরজেডি ১৪৪টি আসনে লড়ে ৭৫টিতে জয়ী হয়েছিল। কংগ্রেস ৭০টি আসনে লড়ে মাত্র ১৯টি আসন পেয়েছিল। অপরদিকে সিপিআই (এম-এল) লিবারেশন ১৯টি আসনে প্রার্থী দিয়েছিল। জিতেছিল ১২টি। এবার তিন বামদলের পাশাপাশি ভিআইপিকেও আসন ছাড়তে হবে আরজেডিকে। তাই নিজেকে সমস্ত আসনের প্রার্থী বলে ঘোষণা করে তেজস্বী আসন ভাগাভাগি নিয়ে দর কষাকষিতে নিজেদের এক কদম এগিয়ে রাখার ইঙ্গিত দিয়ে রাখলেন।

## ছেলেকে নিয়ে ঝাঁপ মায়ের

**গ্রেটার নয়ডা, ১৪ সেপ্টেম্বর :** দীর্ঘদিন ধরে মানসিক রোগে ভুগছিল ছেলে। নতুন করে আর স্বামীর সমস্যা বাড়াতে চাননি। তাই ছেলেকে নিয়ে ১৪তলা থেকে ঝাঁপ দিলেন এক মা। শনিবার সকালে গ্রেটার নয়ডার ঘটনা। পুলিশ জানিয়েছে, মৃতার নাম সাক্ষী চাওলা (৩৭)। ঘর থেকে উদ্ধার হয়েছে একটি সুইসাইড নোট। তাতে স্বামীর উদ্দেশে সাক্ষী লিখেছেন, 'আমরা পৃথিবী ছেড়ে চলে যাচ্ছি। দুঃখিত। আমরা আর কাউকে বিরক্ত করতে চাই না। আমাদের কারণে তোমার জীবন নষ্ট হয়ে যাক চাই না। আমাদের মৃত্যুর জন্য কেউ দায়ী নয়।' প্রাথমিকভাবে ঘটনাটিকে আত্মহত্যা বলে মনে করছে পুলিশ।

বছর ১১-র দক্ষ অনেকদিন ধরে অসুস্থ ছিল। স্কুল যেত না। ছেলের চিন্তায় মানসিকভাবে ভেঙে পড়েছিলেন সাক্ষী। স্বামী দর্পণ চাওলা পুলিশকে জানিয়েছেন, ঘটনার সময় তিনি পাশের ঘরে ছিলেন। চিৎকার শুনে গিয়ে দেখেন রক্তাক্ত অবস্থায় মাটিতে পড়ে স্ত্রী-পুত্রের দেহ।

# বামেরা বিমুখ, কেরল ছাড়লেন বিন্দু

**নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর :** ২০১৮-র অক্টোবর। ঋতুমতী মহিলাদের কেরলের শবরীমালা মন্দিরে প্রবেশের পক্ষে রায় দিয়েছিল সুপ্রিম কোর্ট। আদালতের রায়ের পর প্রথম যিনি মন্দিরে প্রবেশ করেছিলেন তিনি বিন্দু আম্মিনি। পেশায় আইনজীবী বিন্দুর সঙ্গে ছিলেন তাঁর বন্ধু কনকদুর্গা। ৭ বছর আগের সেই মন্দির যাত্রাই বিন্দুর জীবন বদলে দিয়েছে। তখন থেকে একটি শ্রেণির কোপে পড়ে যান তিনি। পথে-ঘাটে, সমাজমাধ্যমে ক্রমাগত হেনস্তার শিকার হয়ে শেষপর্যন্ত কেরল ছাড়তে বাধ্য হন। তাঁর অভিযোগ, নিরাপত্তার আশ্বাস দিলেও শেষপর্যন্ত রাজ্যের বাম সরকারও তাঁর পাশে দাঁড়ায়নি। এখন বিন্দুর ঠিকানা দিল্লি। একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, 'কেরলে বাস করা আমার পক্ষে আর সম্ভব হচ্ছিল।... দক্ষিণপন্থীরা প্রকাশ্যে হিংস্রতা দেখিয়েছে। কিন্তু কেরলের বাম সরকার আমাকে কিছু না বলে ছুরি মেরেছে।' দিল্লিতে কেউ যাতে তাঁকে চট করে চিনতে না পারে, সেজন্য নিজের চুলও ছোট করে ফেলেছেন বিন্দু আম্মিনি।

**শবরীমালা**



### অসমে দাঁড়িয়ে কংগ্রেসকে নিশানা মোদির

# 'আমি শিবভক্ত, বিষপান করে ফেলি'

**গুয়াহাটি, ১৪ সেপ্টেম্বর :** ভোট চুরি নিয়ে লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির লাগাতার আক্রমণের জবাবে নিজেকে শিবভক্ত বলে দাবি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাঁর দাবি, শিবের বিষপানের মতো তিনি নিজের যাবতীয় অপমান হজম করে নিলেও অন্যের অসম্মান কিছুতেই বরদাস্ত করবেন না।

রবিবার অসমের দারাংয়ে একাধিক প্রকল্পের সূচনা করেন মোদি। সেখানে অসম তথা দেশের বিশিষ্ট সংগীতশিল্পী ভূপেন হাজারিকাকে ভারতরত্ন সম্মান দেওয়ার প্রসঙ্গ তোলেন তিনি। বর্তমান কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে কেন্দ্রের সেই সিদ্ধান্তের সমালোচনা করেছিলেন বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'আমাকে যত খুশি গালি দিন, আমি ভগবান শিবের ভক্ত। সমস্ত বিষ পান করে ফেলি। কিন্তু নির্লজ্জভাবে যখন অন্যের অপমান করা হয় তখন আমি আর সহ্য করতে পারি না। কংগ্রেস অসম ও ভারতের সুসন্তানকে এই ভাবে অপমান করলে আমার খুব কষ্ট হয়।'

রাহুল গান্ধি বিরোধী দলনেতা হিসেবে লোকসভায় প্রথমবার ভাষণ দেওয়ার সময় শিবের একটি ছবি দেখিয়ে শাসক শিবিরকে বরাভয় মন্ত্র দিয়ে বলেছিলেন, 'ডরো মাত'। এবার শিবের মতো তিনিও যে অপমানের বিষপান করে নীলকণ্ঠ হয়েছেন, সেকথা তুলে ধরতে মরিয়া প্রধানমন্ত্রী। দারাংয়ের পাশাপাশি গোলাঘাটেও একাধিক প্রকল্পের শিলান্যাস করেন তিনি।

সম্প্রতি বিহারে রাহুল গান্ধির ভোটার অধিকার যাত্রার মঞ্চ থেকে মোদির মাকে নিয়ে কুকথা বলার অভিযোগ ওঠে। সেই বিতর্ক নিষ্পত্তি



**নমো উবাচ**

- আমাকে যত খুশি গালি দিন, আমি ভগবান শিবের ভক্ত। সমস্ত বিষ পান করে ফেলি
- জনতা জনার্দনই আমার ভগবান। সেই ভগবানের কাছে যদি আমার কষ্টের কথা না বলি তাহলে আর কোথায় বলব?
- জনতাই আমার পূজনীয়। ১৪০ কোটি দেশবাসী আমার রিমোট কন্ট্রোল

হওয়ার আগেই মোদি ও তাঁর মা-কে নিয়ে একটি এআই ভিডিও প্রকাশ করে বিহার প্রদেশ কংগ্রেস কমিটি। এদিন মোদির বিষপান মন্তব্যের আড়ালে তারই জবাব দেওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে। শুধু তা-ই নয়, নেহরু-গান্ধি পরিবারের হাতেই যে কংগ্রেসের রিমোট কন্ট্রোল রয়েছে ঘুরিয়ে সেই খোঁচাও দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'জনতা জনার্দনই আমার ভগবান। সেই ভগবানের কাছে যদি আমার কষ্টের কথা না বলি তাহলে আর কোথায় বলব? জনতাই আমার মালিক, আমার পূজনীয়, আমার রিমোট কন্ট্রোল। আমার আর কোনও রিমোট কন্ট্রোল নেই। ১৪০ কোটি দেশবাসী আমার রিমোট কন্ট্রোল।' কংগ্রেস দীর্ঘদিন অসমে রাজত্ব করলেও রাজ্যের উন্নয়নে বিশেষ কিছুই করেনি বলে অভিযোগও করেছেন মোদি। সেই সঙ্গে ১৯৬২ সালের ভারত-চিন যুদ্ধের পর অসম সহ উত্তর-পূর্ব ভারতকে নিয়ে যে মন্তব্য করেছিলেন, তার ক্ষত এখনও শুকোয়নি বলে অভিযোগ করেন তিনি। মোদির খোঁচা, 'কংগ্রেসের বর্তমান প্রজন্ম উত্তর-পূর্বের মানুষের ক্ষত নিরাময় করার বদলে তাতে নুন ছড়াচ্ছে।' অপারেশন সিঁদুর নিয়েও কংগ্রেসকে বিঁধেছেন মোদি। তিনি বলেন, 'আমাদের বাহিনী পাকিস্তানের প্রত্যেকটি প্রান্ত থেকে সন্ত্রাসবাদকে উৎখাত করছে। কিন্তু কংগ্রেসের লোকজন পাকিস্তানের সেনাবাহিনীর সঙ্গে দাঁড়িয়ে রয়েছে। ওরা ওদের অ্যাজেন্ডা এগিয়ে নিয়ে যাচ্ছে। পাকিস্তানের মিথ্যাচার কংগ্রেসের অ্যাজেন্ডায় পরিণত হয়েছে। সেইজন্যই আপনাদের উচিত কংগ্রেসের ব্যাপারে সাবধান থাকা।'



*শান্তি ফিরছে নেপালে। কাঠমান্ডুর পশুপতিনাথ মন্দিরে সাধ্বীদের চোখেমুখে তারই স্বস্তি। রবিবার।*

# আমরা যুদ্ধ করি না, জবাব চিনের

**লিউব্লিয়ানা, ১৪ সেপ্টেম্বর :** চিনের পণ্যের ওপর ৫০-১০০ শতাংশ শুল্ক আরোপের অনুরোধ জানিয়ে ন্যাটো দেশগুলিকে চিঠি পাঠিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর অনুরোধ যে শুল্ক যুদ্ধকে আরও তীব্র করবে রবিবার তা বুঝিয়ে দিল চিন। বর্তমানে স্লোভেনিয়া সফরে রয়েছেন চিনের বিদেশমন্ত্রী ওয়াং ই। সেখান থেকে এক বিবৃতি জারি করেছেন তিনি।

রবিবার স্লোভেনিয়ার উপ-প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী ও ইউরোপ বিষয়ক মন্ত্রী তানজা ফাজনের সঙ্গে বৈঠক শেষে ই বলেছেন, 'চিন কোনও যুদ্ধে অংশ নেয় না বা অংশগ্রহণের পরিকল্পনা করে না। চিন সবসময় শান্তি আলোচনার মাধ্যমে সমস্যা মিটিয়ে নেওয়ার পক্ষে।' ট্রাম্পের নাম না করে ইউরোপকে চিনা বিদেশমন্ত্রীর বার্তা, 'চিন এবং ইউরোপের প্রতিদ্বন্দ্বী হওয়ার পরিবর্তে বন্ধু হওয়া উচিত। একে অপরের মুখোমুখি দাঁড়ানোর বদলে সহযোগিতা করা উচিত।'

**১০০ শতাংশ শুল্কের হুমকি ট্রাম্পের**

ন্যাটো দেশগুলিকে লেখা চিঠিতে ট্রাম্প বলেছেন, 'আমি বিশ্বাস করি ইউক্রেন যুদ্ধে ইতি টানতে হলে রাশিয়াকে তেল বিক্রি থেকে বিরত রাখতে হবে। এজন্য চিনের পণ্যের ওপর ৫০-১০০ শতাংশ শুল্ক আরোপ জরুরি। আমেরিকা ও ন্যাটো একসঙ্গে এটা করতে পারে। যুদ্ধ শেষ হলেই সেই শুল্ক তুলে নেওয়া হবে।' রাশিয়ার কাছ থেকে তেল কেনার কারণে এর আগে ট্রাম্পের রোষানলে পড়েছিল ভারত। এবার চিনের ক্ষেত্রেও একই কৌশল নিতে চাইছেন মার্কিন প্রেসিডেন্ট।

তবে শুধু ভারত ও চিন নয়, ন্যাটোর একাধিক দেশ রাশিয়া থেকে তেল কেনে। তা নিয়েও ক্ষোভ গোপন করেননি ট্রাম্প। তিনি জানান, তুরস্ক, হাঙ্গেরি, স্লোভাকিয়ার মতো ন্যাটোর সদস্য দেশ রাশিয়া থেকে প্রচুর পরিমাণ তেল কিনছে। এর ফলে ইউক্রেন যুদ্ধ নিয়ে রাশিয়ার সঙ্গে তাঁদের দরকষাকষি করতে সমস্যা হচ্ছে বলে জানিয়েছেন ট্রাম্প।

# সোনার পাহাড় ১৬ সাইকি

### যে গ্রহাণু প্রত্যেক মানুষকে বিলিয়নিয়ার বানাতে পারে

**হিউস্টন, ১৪ সেপ্টেম্বর :** ভাবুন তো, মহাকাশে এমন এক পাহাড় ভেসে বেড়াচ্ছে, যা পুরোপুরি সোনা, রুপো আর হিরে দিয়ে তৈরি! কল্পবিজ্ঞান মনে হচ্ছে, তাই না? কিন্তু বিজ্ঞানীরা বলছেন, এটা পুরোপুরি সত্যি হতে পারে। আমাদের সৌরজগতে এমন এক গ্রহাণু আছে, যার নাম ১৬ সাইকি, এবং এর আনুমানিক ডলার মূল্য প্রায় ৭০০ কুইন্টিলিয়ন! এই বিপুল পরিমাণ সম্পদ দিয়ে কী করা যায় জানেন? পৃথিবীর প্রত্যেকটি মানুষকে বিলিয়নিয়ার বানিয়ে দেওয়া সম্ভব!

সাধারণত মহাকাশের বেশিরভাগ গ্রহাণু পাথর বা বরফ দিয়ে তৈরি হয়। কিন্তু বিজ্ঞানীরা মনে করেন, সাইকি সম্পূর্ণ ভিন্ন। তাঁদের ধারণা, এটি একটি অসম্পূর্ণ গ্রহের কেন্দ্র, যা কোটি কোটি বছর আগে কোনও কারণে পুরোপুরি গঠিত হতে পারেনি। তাই এর মূল উপাদান লোহা ও নিকেলের মতো ধাতু হলেও, এর মধ্যে প্রচুর পরিমাণে সোনা, প্ল্যাটিনাম এবং অন্যান্য মূল্যবান ধাতুও আছে।



নাসার বিজ্ঞানীরা এই 'মহাকাশীয় ধন'-এর রহস্য জানতে একটি বিশেষ মিশন শুরু করেছেন। একটি মহাকাশযান সাইকির দিকে রওনা হয়েছে, যা এর গঠন এবং ইতিহাস সম্পর্কে তথ্য সংগ্রহ করবে। যদিও অদূর ভবিষ্যতে এই গ্রহাণু থেকে কোনও ধাতু পৃথিবীতে আনা সম্ভব নয়, তবে এই গবেষণা ভবিষ্যতে আমাদের জন্য নতুন সম্ভাবনার দরজা খুলে দেবে।

সাইকির এই বিপুল মূল্যের খবর শুনে সারা বিশ্বে আলোচনা শুরু হয়েছে— যদি সত্যি সত্যিই একদিন মহাকাশ থেকে মূল্যবান ধাতু পৃথিবীতে আনা যায়, তাহলে কী হবে? খুব সম্ভবত, সোনা-রুপোর মতো ধাতুর দাম রাতারাতি আকাশ থেকে পাতালে নেমে আসবে। তবে আপাতত ১৬ সাইকি মহাকাশের এক অমূল্য রহস্য হয়েই ভেসে বেড়াচ্ছে। আর আমরা শুধু অপেক্ষায় আছি, কবে এর সব রহস্য উন্মোচিত হবে।




# জয়ের আনন্দে শিরায় শিরায় বদলার উন্মাদনা

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** ভারত-পাকিস্তান যতবার একে অপরের মুখোমুখি হয়েছে, তার উন্মাদনাই ছিল অন্যরকম। তবে এবারে উন্মাদনার থেকেও বদলা নেওয়ার মেজাজটাই ছিল যেন বেশি। পহলগাম কাণ্ডের পর এই প্রথম পরস্পরের মুখোমুখি হয়েছিল দুই চিরপ্রতিদ্বন্দ্বী দল। সকলেই চেয়েছিলেন, শুধু যুদ্ধক্ষেত্রেই নয়, বাইশ গজেও যেন ভারত পাকিস্তানকে উচিত শিক্ষা দেয়। সেই আকাঙ্ক্ষাই পূরণ হল রবিবার। দেশের বিভিন্ন প্রান্তের মতো এদিন পাক বধের পর শিলিগুড়ির ভেনাস মোড়ে জয়ের আনন্দে মাতলেন ক্রিকেটপ্রেমীরা। 'চক দে ইন্ডিয়া' গানের মধ্য দিয়ে তেরঙা পতাকা হাতে সেলিব্রেশনে মাতলেন তাঁরা।

এদিন জাতীয় পতাকা হাতে জয়ের আনন্দে রাস্তায় নেমে আসেন শিলিগুড়ির বাসিন্দা অরবিন্দ দাস। পাক বধের পর তাঁর অভিব্যক্তি, 'এই জয় জঙ্গি হামলায় মৃতদের শ্রদ্ধা। পাকিস্তান সব জায়গাতেই আমাদের হাতে পর্যুদস্ত হবে।'

এদিন ভারত-পাকিস্তান ম্যাচকে ঘিরে শহরের পাবগুলিতে বিভিন্ন ধরনের আয়োজন করা হয়েছিল। সেবক রোডে একটি পাবের অ্যাডভার্টাইজিং বোর্ডে জ্বলজ্বল করে ফুটিয়ে তুলে রাখা হয়েছিল সূর্যকুমার যাদব ও সলমন আগার ছবি। রাস্তা দিয়ে যাওয়ার সময় সেই অ্যাডভার্টাইজিং বোর্ডের দিকেই নজর পড়েছিল অলোক ও বিশ্বজিতের। অলোক কিছুটা ক্ষোভের সুরেই বলছিলেন, 'পহলগামের ঘটনার পর এই খেলার আর কোনও মানে হয় না। ভারতের উচিত ছিল এই খেলা বয়কট করা।' বিশ্বজিতের তখন অন্য মত, 'এটা টুর্নামেন্ট। তাই খেলতেই হবে। যুদ্ধক্ষত্রে আমরা ওদের জবাব দিয়েছি। এবারে ব্যাটে-বলে জবাব দেব।' বিশ্বজিতের সেই কথা অক্ষরে অক্ষরে মিলে গেল।



পাক বধের পর ভেনাস মোড়ে সমর্থকদের উল্লাস। রবিবার। -সংবাদচিত্র

এদিন সারাদিন ধরেই সোশ্যাল মিডিয়া ও পাড়ায় পাড়ায় এই খেলাকে কেন্দ্র করে চর্চা চলে। অন্যবারের তুলনায় রবিবারের ভারত-পাকিস্তান ম্যাচ ছিল অনেকটাই আলাদা। শহরে ভারত-পাক উন্মাদনাও ছিল অনেকটাই চাপা। টি-২০ বিশ্বকাপে মহম্মদ হ্যারিসের পরপর দুই বলে বিরাট কোহলির ছয় মারার কথা বারবার চোখে ভেসে আসছিল বিরাটের ভক্ত সুজিত দাসের। বলছিলেন, 'ভারত-পাকিস্তান ম্যাচে বিরাট কোহলি নেই। এটা ভাবাই যায় না।' সোশ্যাল মিডিয়ায় নিজের মত পোষণ করে অভিনাশ বলেছিলেন, 'যাঁরা পহলগামের ঘটনার বিষয়টা মাথায় রেখে খেলা দেখবেন না, তাঁদের পূর্ণ সমর্থন রয়েছে।' কোথাও যেন পহলগাম কাণ্ডই ঘুরেফিরে উঠে এসেছে ক্রিকেটপ্রেমীদের মধ্যে।

খেলা শুরুর পর পাকিস্তানের একের পর এক উইকেট পড়া দেখে সমর্থকদের উচ্ছ্বাস সেই বার্তাই দেয়। ব্যঙ্গের সুরে অনিমেষ দাস বলছিলেন, 'আসলে ভারতের সঙ্গে এখন ইংল্যান্ড, অস্ট্রেলিয়ার খেলা গ্রেটেস্ট রাইভেলরি হিসেবে ধরা যেতে পারে। পাকিস্তান ধোপে টেকে না।' দ্বিতীয় ইনিংসের শুরু থেকেই অভিষেক-তিলকদের ঝোড়ো ইনিংস দেখে ক্রিকেটপ্রেমীদের উচ্ছ্বাস যেন কয়েক গুণ বেড়ে গিয়েছিল। শান্তিনগরে লাগানো প্রোজেক্টরে খেলা দেখার ফাঁকেই বলে উঠলেন, 'নতুন ভারতের খেলাই আলাদা। আমাদের টি-২০ টিম ভয়ডর কিছু পায় না। উচিত জবাব দিয়েছে।' সূর্যরা অনায়াসে ম্যাচ জেতার পর ভারতীয় জার্সি পরে বাড়ি ফেরার পথে সুমন দাসের মুখেও একই সুর। বললেন, 'ভারতীয় সেনার পর এবারে সূর্যরাও পাকিস্তানকে উচিত জবাব দিল।' সবমিলিয়ে, ভারত-পাক ম্যাচকে ঘিরে অন্য ধরনের অভিজ্ঞতা থাকল শহর শিলিগুড়িতে।

## বিভূতিভূষণের জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের জন্মদিনে তাঁকে শ্রদ্ধা জানাতে রবিবার একটি অনুষ্ঠান করা হয়। গান, কবিতা আবৃত্তির মধ্য দিয়ে সাহিত্যিককে স্মরণ করা হয়।

'মাটির ঘ্রাণ' নামে এক সাংস্কৃতিক সংস্থার আয়োজনে এদিন হাকিমপাড়ার অরবিন্দ ঘোষ ভবনে সাহিত্য আসরের আয়োজন করা হয়। সেখানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সূর্যসেন মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ডঃ সুফল বিশ্বাস, মুন্সী প্রেমচাঁদ কলেজের বাংলার বিভাগীয় প্রধান অধ্যাপক ডঃ অরুণকুমার সাঁফুই। বিভূতিভূষণ স্মারক বক্তৃতা দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন ২ বিভাগীয় প্রধান। সাহিত্য সভার পাশাপাশি বিভূতিভূষণের গল্প 'পুঁইমাচা' অবলম্বনে শ্রুতিনাটক চিত্রায়ণ করা হয়। গান, কবিতার মাধ্যমে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়কে শ্রদ্ধা জানানো হয়। এদিনের অনুষ্ঠানের সঞ্চালনা করেন অধ্যাপিকা সুতপা সাহা। সংস্থার কর্ণধার সুদীপ চৌধুরী বলেন, 'আগামীতে আমাদের সংস্থা বাংলা সংস্কৃতিচর্চা নিয়ে এমন অনুষ্ঠানের আয়োজন করবে।'

## পথ অবরোধ

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** চিকিৎসায় গাফিলতির অভিযোগে রোগীমৃত্যুর অভিযোগে রবিবার সন্ধ্যায় সেবক রোডে প্রায় আধঘণ্টা পথ অবরোধ করলেন মৃত রোগীর পরিজনরা। মৃতের পরিবারের তরফে শ্রীজাল শর্মা ছেত্রী বলেন, 'ঠান্ডা লেগে রক্তচাপের সমস্যা হওয়ায় শনিবার আমার আত্মীয়কে সেবক রোডের নার্সিংহোমে ভর্তি করা হয়। এদিন সকালে দেখি, তাঁকে ভেন্টিলেশনে রাখা হয়েছে। দুপুরে মৃত বলে ঘোষণা করা হয়। পরে শুনতে পারি, রাতে রোগীর নাকি তিনবার হার্ট অ্যাটাক হয়েছে। অথচ একবারও পরিবারের কাউকে খবর দেওয়া হয়নি।' নার্সিংহোম কর্তৃপক্ষের তরফে অবশ্য জানানো হয়েছে, 'চিকিৎসায় কর্তব্যে গাফিলতির অভিযোগ মিথ্যে। সমস্ত তথ্য রয়েছে।' পরে ভক্তিনগর থানার পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

## স্বাস্থ্য শিবির

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** সমাজসেবার মধ্যে দিয়েই পালন করা হল শিলিগুড়ি সূর্যনগর সমাজকল্যাণ সংস্থার প্রতিষ্ঠা দিবস। রবিবার সংস্থার ৩৭তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে অফিস প্রাঙ্গণে মেগা স্বাস্থ্য পরীক্ষা এবং রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন স্ত্রীরোগ, চক্ষু, ইএনটি সহ বিভিন্ন রোগের বিশেষজ্ঞরা। এদিন বিনামূল্যে রোগীদের চশমা এবং ওষুধ দেওয়া হয়। সংস্থার সম্পাদক নরেন্দ্র বাড়ারি বলেন, 'রক্তদান শিবিরে মোট ৫৭ ইউনিট রক্ত সংগ্রহ হয়েছে। এছাড়া চারশোর বেশি রোগী পরামর্শ নিতে এসেছিলেন।'

## দেহ উদ্ধার

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** রবিবার সকালে সমরনগরের নালা থেকে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির দেহ উদ্ধার হয়। তাঁকে হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। স্থানীয় বাসিন্দা অজয় দাস বলেন, 'এদিন সকালে আমরা রাস্তা দিয়ে চলার পথে হঠাৎ করেই একটি দেহ নালার মধ্যে উপুড় হয়ে পড়ে থাকতে দেখি।' এরপরই খবর দেওয়া হয় প্রধাননগর থানায়। পুলিশের প্রাথমিক অনুমান, অসাবধানতাবশত নালায় পড়ে গিয়েই মৃত্যু হয়েছে ওই ব্যক্তির। অন্য কারণ তদন্ত করে দেখছে পুলিশ।

## সাহায্য

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** দুর্গাপুজো উপলক্ষ্যে শিলিগুড়ি জাতীয় মহিলা সমিতির পক্ষ থেকে রবিবার শিলিগুড়িতে ১৭০ জন দুঃস্থ মহিলার হাতে পুজোর শাড়ি এবং মিষ্টির প্যাকেট তুলে দেওয়া হল। পাশাপাশি ক্যানসারে আক্রান্ত দুজন এবং মস্তিষ্কের টিউমারে আক্রান্ত একজন রোগীকে আর্থিক সহায়তা করা হয়। সংগঠনের সম্পাদিকা গঙ্গোত্রী দত্ত এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন।

# বাণিজ্যেও মণ্ডপের ছোঁয়া

আজকাল শপিং মলগুলোতেও দুর্গা প্রতিমা আর সাজসজ্জা দিয়ে তৈরি করা হয় পুজো 'ভাইব'। মলে ঘুরতে আসা মানুষের কাছে পুজোর আমেজকে তুলে ধরাটাই হয় তার মূল লক্ষ্য। থাকে সেলফি তোলার উন্মাদনাও। আয়োজনে অনুভূত হয় মণ্ডপের আমেজ। সেই আমেজ তৈরি করতে মলগুলোর খরচও নেহাত কম হয় না। মণ্ডপের পাশাপাশি মলগুলোর পুজোর সাজসজ্জার সেই খবরই নিলেন **শমিদীপ দত্ত ও প্রিয়দর্শিনী বিশ্বাস**।


শিলিগুড়ির একটি মল পুজোর সাজে। -সংবাদচিত্র

## আলোয় আলো

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** আজকাল দুর্গাপুজোর সময় শপিং মলগুলোয় গেলে দেখা যায়, সেখানেও মণ্ডপের মতো সাজানো হয়েছে। মলের ভেতর থাকে দুর্গা প্রতিমাও। মলে আসা মানুষের কাছে উৎসবের আসল মেজাজটা তুলে ধরার প্রচেষ্টাই হয় এর প্রধান উদ্দেশ্য। সেই প্রচেষ্টায়, এবার মাঝারি বাজেটের পুজোকে টেক্কা দিতে প্রস্তুত শহরের মলগুলোর সাজসজ্জা! কোনও মলের বাজেট বারো লক্ষ টাকা, কোনও মলের দশ লক্ষ টাকা। কোথাও আবার সাড়ে তিন লক্ষ টাকার বাজেটে ফুটিয়ে তোলা হচ্ছে ডাকের সাজে মায়ের রূপ। মলে ঢুকে সেই সাজসজ্জা ও মায়ের রূপ দেখে মহালয়ার আগেই মণ্ডপের 'ভাইব' পাচ্ছেন ক্রেতারা। পড়েছে মায়ের প্রতিমার সামনে দাঁড়িয়ে সেলফি তোলার হিড়িক! কেনাকাটার ফাঁকেই ঘুরে দেখা হচ্ছে মণ্ডপরূপী মলের অন্দর। চলছে 'মল হপিং'-ও। মল কর্তৃপক্ষের অবশ্য বক্তব্য, 'মলে আসা ক্রেতাদের মন জয় করতেই যাবতীয় পরিকল্পনা।'

চেকপোস্ট সংলগ্ন ভেগা সার্কেলে ঢোকার মুখেই নজরে পড়ল, প্রকৃতির ছোঁয়া। নানা রঙের পাতার মধ্যেই ঘুরে বেড়াচ্ছে প্রজাপতি। ভেতরে ঢুকতেই নজরে এল, নানা রঙের গাছগাছালির মধ্যেই মা দাঁড়িয়ে রয়েছেন। মায়ের প্রতিমার পেছনের দুইপাশ দিয়ে বেরিয়ে এসেছে বড় আকারের ডানা। প্রতিমার সামনের দুইপাশে থাকা দুটি বড় ফুলও বেশ আকর্ষণের কারণ হয়ে দাঁড়িয়েছে। সেই ফুল দুটোর মুখ বারবার খুলছে ও বন্ধ হচ্ছে। অবাক হয়ে ফুল খোলা ও বন্ধের দৃশ্যটাই দেখছিলেন অভয় দাস। ভাইকে প্রতিমার সামনের একপাশে দাঁড় করিয়ে ছবি তোলানোর ফাঁকেই বলছিলেন, 'গোটা মলটাই যেন মণ্ডপের রূপ নিয়েছে।' মল কর্তৃপক্ষ সূত্রে জানা গেল, এবারে গোটা মল সাজানোয় তাদের বাজেট ছিল বারো লক্ষ টাকা। মলের জেনারেল ম্যানেজার হিমাংকর সেনশর্মা বলছিলেন, 'ফেবরিক-প্লাইয়ের মাধ্যমে আমরা প্রকৃতির সৌন্দর্যটাই ফুটিয়ে তোলার চেষ্টা করেছি।'

পিছিয়ে নেই সিটি সেন্টারও। এবারে তাদের বাজেট দশ লক্ষ টাকা। সিটি সেন্টারে মায়ের দুই রূপ ফুটিয়ে তোলা হয়েছে। একেবারে বেসমেন্টে মা নিজের পরিবার নিয়ে দাঁড়িয়ে রয়েছেন। প্রথম তলার ফ্লোরে যেন মায়ের আগমনের বার্তা দেওয়া হচ্ছে। প্রথম তলার মাঝখানে মায়ের মুখের একটা বড় কাঠামো তৈরি করা হয়েছে। দুইপাশ সাজিয়ে তোলা হয়েছে প্রদীপের বিভিন্ন আকার দিয়ে। সেখানেই শুঁড় উঠিয়ে মায়ের মর্ত্যে আসার কথা জানাচ্ছে একটি নকল হাতি। গোটা মল সাজিয়ে তোলা হচ্ছে উল দিয়ে।

কসমস মলে ঢোকার মূল রাস্তার সামনে রাজবাড়ির আদলে গেট তৈরি করা হয়েছে। থিম মেকিংয়ের দায়িত্বে থাকা সুমন বসাক বলছিলেন, 'নতুনত্ব ও সাবেকিয়ানার সাজে গোটা মল চত্বর সাজিয়ে তোলা হচ্ছে। মলের দেওয়ালগুলো কুলো দিয়ে সাজানো হচ্ছে।' এবারে কসমসের বাজেট সাড়ে তিন লক্ষ টাকা। সিটি সেন্টারের এক কর্তা বলছিলেন, 'আসলে ক্রেতাদের মধ্যে পুজোর উৎসাহ আরও বহুগুণ বাড়িয়ে তোলার সঙ্গে আমাদের তরফ থেকেও শুভেচ্ছা জানাতে সবকিছুর আয়োজন।' আর এসবের মধ্যেই 'মল হপিং'-এ মজেছেন শহরের সাধারণ মানুষ। ভেগা সার্কেলের প্রতিমার সামনে দাঁড়িয়ে ছবি তোলার সময় নিকি বসু বলেই ফেললেন, 'এবারে ডেস্টিনেশন সিটি সেন্টার। শুনেছি সেখানেও সুন্দর প্রতিমায় সাজানো হয়েছে। সেটাও তো দেখতে হবে।' সবমিলিয়ে, মহালয়ার আগেই পুজোর 'ভাইব' মলগুলোতে।


**পুজোর আমেজ**

- পুজোর আমেজ তৈরি করতে মলগুলোর খরচ লক্ষাধিক টাকা
- থাকে সেলফি তোলার মতো আকর্ষণীয় পরিবেশ
- ভেগা সার্কেলে গাছগাছালি ও প্রকৃতির মাঝে সপরিবারে দাঁড়িয়ে মা
- সিটি সেন্টারে মাকে শুঁড় তুলে আমন্ত্রণ জানাচ্ছে একটি নকল হাতি

## বিগ বাজেটের সঙ্গে পাল্লা পুরোনোদের

এল এল পুজো এল

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** পুজোর বাকি হাতেগোনা আর ক'টা দিন। বাজারগুলোতে ক্রেতার ভিড়। আকাশে-বাতাসে পুজো পুজো গন্ধ। উদ্যোক্তাদের তো এখন দম ফেলার ফুরসত নেই। জোরকদমে চলছে মণ্ডপ, আলোকসজ্জার কাজ। কুমোরটুলিতে মৃৎশিল্পীর হাতে একটু একটু করে সেজে উঠছেন মৃন্ময়ী।


স্বাদের সাংস্কৃতিক অনুষ্ঠান।

মায়ের আগমনের অপেক্ষায় এখন তামাম বাঙালি।

শিলিগুড়িতে বিগ বাজেটের, নানা থিমের পুজো হচ্ছে। এই পুজোগুলোর পাশাপাশি শহরে অনেক পুরোনো পুজোও রয়েছে, যা দর্শনার্থীদের নজর কাড়বে বলে আশা করছেন উদ্যোক্তারা। এর মধ্যে রয়েছে সুভাষপল্লির তরুণ সংঘ মহিলাবৃন্দের পুজো, ডাবগ্রামের সূর্যনগর সর্বজনীন দুর্গাপুজো কমিটি, দেশবন্ধুপাড়া নবীন সংঘের পুজো।

৫৮তম বর্ষে এবার সুভাষপল্লির তরুণ সংঘ মহিলাবৃন্দের পুজোর থিম 'আমাদের অলিন্দে'। প্রথমদিকে পুরুষদের দ্বারা পরিচালিত হত এই পুজো। পরে দায়িত্বে আসেন এলাকার মহিলারা। বছর তিনেক ধরে অবশ্য সকলের সমন্বয়েই পুজো হচ্ছে। পুজোর সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন শহরের প্রাক্তন মেয়র অশোক ভট্টাচার্যের স্ত্রী রত্না ভট্টাচার্য।

এবার কলকাতার পুরোনো বাড়ির বারান্দার আদলে মণ্ডপ গড়ে মায়ের আরাধনা হবে। বিশেষ আকর্ষণ হিসেবে কলকাতা থেকে আনা হচ্ছে হাতে টানা রিকশা। প্রতিমা গড়ছেন শিল্পী সুশান্ত পাল। কমিটির সভাপতি রিনা ভট্টাচার্য বললেন, 'বিসর্জনে এবার বিশেষ কিছু করার পরিকল্পনা রয়েছে।'

অন্যদিকে, সূর্যনগর ফ্যান্সি ইউথ ক্লাবের পুজোর এবছর ৭৫তম বর্ষ। তুলে ধরা হবে রাঢ়বাংলার লোক উৎসব। রঙিন কাগজে সাজানো হবে মণ্ডপ। তৃতীয়াতেই হবে পুজোর উদ্বোধন। প্রতিদিন থাকছে সাংস্কৃতিক অনুষ্ঠান। পুজোর বাজেট প্রায় ১০ লক্ষ টাকা। আলোকসজ্জায় থাকছেন চন্দননগর এবং ময়নাগুড়ির শিল্পীরা। মণ্ডপসজ্জায় রয়েছেন শিলিগুড়ির রাজু সূত্রধর। পুজো কমিটির সম্পাদক নারায়ণচন্দ্র সাহা বলেন, 'পুজোসংখ্যাগুলিকেও তুলে ধরা হবে মণ্ডপে।'

দেশবন্ধুপাড়া নবীন সংঘের পুজোমণ্ডপ, প্রতিমা সবেতেই থাকবে সাবেকিয়ানার ছোঁয়া। ৬৫তম বর্ষে পুজোর বাজেট ১০ লক্ষ টাকা। পুজো কমিটির সদস্য নারায়ণচন্দ্র দাসের বক্তব্য, 'গতবছর আমাদের প্রতিমা দর্শনার্থীদের নজর কেড়েছিল। এবছরও নজর কাড়বে বলে আশা রাখছি।' মূর্তি গড়ছেন শিলিগুড়ির শিল্পী বিনয় পাল। পঞ্চমীতে পুজোর উদ্বোধন হবে। পুজোর দিনগুলিতে থাকছে ভিন্ন স্বাদের সাংস্কৃতিক অনুষ্ঠান।


একতিয়াশাল হাটে যাওয়ার এই রাস্তা নিয়েই ক্ষোভ জমছে।

## পথে নেমে প্রতিবাদ

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** শিলিগুড়ি পুরনিগমের ৩৭ নম্বর ওয়ার্ডের আমতলা এলাকার একতিয়াশাল হাটের বেহাল রাস্তা নিয়ে বহু বছর ধরে সমস্যায় রয়েছেন স্থানীয়রা। অল্প বৃষ্টিতেই এই রাস্তায় জল জমে যায়। তখন এটা রাস্তা না পুকুর বোঝাই দায়। রবিবার এই রাস্তার জমা জলে কাগজের নৌকা ভাসিয়ে এবং মাছ ছেড়ে প্রতিবাদ কর্মসূচি করল সিপিএম ডাবগ্রাম এরিয়া কমিটি। এই বিষয়ে সিপিএম ডাবগ্রাম এরিয়া কমিটির সম্পাদক দীপঙ্কর সাহা বলেন, 'আমাদের দাবি রাস্তার বেহাল দশা শীঘ্রই ঠিক করা হোক। নিকাশি ব্যবস্থা ঠিক করা হোক।' অভিযোগের উত্তরে ওয়ার্ড কাউন্সিলার অলোক ভক্ত বলেন, 'বছরখানেক আগে প্রায় ১৭ লক্ষ টাকা খরচ করে ড্রেন তৈরি করা হয়েছে। এই রাস্তার টেন্ডার হয়ে গিয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে।'

এই রাস্তা নিয়ে স্থানীয় বাসিন্দাদের দুর্ভোগ দীর্ঘদিনের। সামান্য বৃষ্টিতেই হাঁটুসমান জল জমে, ঘটে দুর্ঘটনা। স্থানীয় বাসিন্দা সুনীল বিশ্বাস অভিযোগ করে বলেন, 'জমা জলের কারণে রাস্তার মাটি সরে গিয়ে গর্তগুলি ক্রমশ বড় হচ্ছে। ছেলেমেয়েরা স্কুলে যাতায়াতের জন্য এই রাস্তার ওপর নির্ভরশীল। দুর্ঘটনা তো নিত্যনৈমিত্তিক বিষয় হয়ে দাঁড়িয়েছে।' আরেক বাসিন্দা দুলাল দাস বলছিলেন, 'কাউন্সিলার উদ্যোগ নিয়ে রাস্তা তৈরির কাজ না করলে এই সমস্যার সমাধান হবে না।'

## সিদ্ধি বিনায়কে মেগা সেল




**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** মনপসন্দ ট্রেন্ডি পোশাক কিনতে চান? অথচ বাজেট কম? কোনও চিন্তা নেই। শিলিগুড়ির স্টেশন ফিডার রোডের সিদ্ধি বিনায়ক হোটেলে শনিবার থেকে শুরু হয়েছে ৩ দিনের মেগা সেল। সেখানে ৯০ শতাংশ ছাড়ে মিলছে ছেলে, মেয়ে ও বাচ্চাদের পোশাক। দুর্দান্ত সব আইটেম। সঙ্গে কালার কম্বিনেশনও অসাধারণ। আর গুণমানেও দারুণ। ছেলে ও বাচ্চাদের জিনস, গেঞ্জি, মেয়েদের লেহেঙ্গা, কুর্তি, টপ কী নেই! রয়েছে ব্যাগ থেকে বেল্ট, রকমারি চামড়ার আইটেমও। এই পসরা নিয়ে যেসব ব্যবসায়ী এসেছেন তাঁরা জানালেন, সব বয়সিদের জন্য সবরকম পোশাকের সম্ভার রয়েছে তাঁদের কাছে।


শিলিগুড়ি গার্লস স্কুল থেকে এসএসসি'র শিক্ষক নিয়োগ পরীক্ষা দিয়ে বেরিয়ে আসছেন পরীক্ষার্থীরা। রবিবার। ছবি : সূত্রধর

## গ্রন্থাগারে পড়ুয়া টানতে কর্মসূচি

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** পড়ুয়াদের পাঠ্যবইয়ের বাইরে বিভিন্ন রকমের বই পড়াতে ও তাদের গ্রন্থাগারে আসার জন্য আগ্রহী করে তুলতে পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের তরফে একটি বিশেষ কর্মসূচির আয়োজন করা হল। রবিবার দেশবন্ধুপাড়ায় বিজ্ঞানমঞ্চের উমা বসু ভবনে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন স্কুল থেকে পড়ুয়ারা সেখানে অংশ নিয়েছিল। এদিন বই পড়ার অভ্যাস নিয়ে আলোচনা করার পাশাপাশি বিজ্ঞানবিষয়ক একটি কর্মশালাও করা হয়। অনুষ্ঠানের আহ্বায়ক আশিস পাল জানান, রবিবাসরীয় এই কর্মসূচিতে বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। পড়ুয়ারা যাতে বিজ্ঞান নিয়ে আরও বেশি আগ্রহী হয় এবং গ্রন্থাগারে এসে বই পড়ে সেজন্য তাদের উদ্বুদ্ধ করা হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের পুরস্কৃতও করা হয়েছে।



# মায়ের সামনেই পুড়ে মৃত ৩

**পরাগ মজুমদার**

**বহরমপুর, ১৪ সেপ্টেম্বর :** মায়ের সামনেই পুড়ে মৃত্যু হল তিন সন্তান। যমজ দুই ভাই এবং এক বোনের জীবন কেড়ে নিল লেলিহান অগ্নিশিখা। শনিবার রাতে মুর্শিদাবাদের লালবাগ মহকুমার ভাঙ্গনপাড়া এলাকায় এই মর্মান্তিক ঘটনাটি ঘটে। মৃত শিশুদের নাম সাহিল শেখ (৯), আদিল শেখ (৯) এবং সাজিদা খাতুন (৭)। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে শর্টসার্কিটের কারণেই এই আগুন লেগেছে।


*পুড়ে ছাই হয়ে গিয়েছে ঘরের সামগ্রী। -সংবাদচিত্র*

অন্যান্য দিনের মতোই তিন সন্তানকে নিয়ে শনিবার ঘুমোতে গিয়েছিলেন সারজিনা বিবি। তখনও কি তিনি জানতেন এই কালরাত্রি কেড়ে নেবে তাঁর তিন সন্তানকেই! সারজিনার স্বামীর নাম সোয়ান শেখ। শনিবার তিনি বাড়ি ছিলেন না। সারজিনা ও তাঁর তিন সন্তান শান্তির ঘুম ঘুমোচ্ছিলেন। গভীর রাতে হঠাৎ প্রতিবেশীদের চিৎকারে সারজিনার ঘুম ভেঙে যায়। চোখ খুলতেই ঘাবড়ে যান তিনি। ঘরের ভেতর তখন আগুন আর কালো ধোঁয়া। কিছুক্ষণের জন্য সারজিনা অজ্ঞান হয়ে যান। জ্ঞান ফেরার পর কোনওমতে তিনি ঘরের বাইরে বেরোন । কিন্তু ততক্ষণে অনেকটা বেশিই দেরি হয়ে গিয়েছে। পাটকাঠি, খড় আর বাঁশের তৈরি বাড়ি পরিণত হয়েছে জতুগৃহে। দাউদাউ করে জ্বলতে থাকা বাড়ির ভেতর থেকে ভেসে আসছে আর্তনাদ। ঘরের বাইরে দাঁড়িয়ে থাকা মা অনেক চেষ্টা করেও আগুন পেরিয়ে সন্তানদের কাছে পৌঁছাতে পারেননি। অসহায় সারজিনা চেঁচিয়ে প্রতিবেশীদের ডাকেন। তাঁরা এসে হাতের কাছে যা পেয়েছেন বালতি, গামলা সবে করে জল নিয়ে এসে আগুন নেভানোর চেষ্টা করেন। কিন্তু আগুন নেভে না। খবর পেয়ে স্থানীয় পুলিশ প্রশাসন থেকে শুরু করে দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে এসে পৌঁছায়। কিন্তু তখন সব শেষ! শিশুদের আর্তচিৎকার এবং প্রাণের স্পন্দন লেলিহান ওই অগ্নিশিখা ততক্ষণে গিলে নিয়েছে। রবিবার সকালে যখন এক এক করে তিন শিশুর মৃতদেহ বের করা হয়, সারজিনা আর নিজেকে ধরে রাখতে পারেননি। পুড়ে কালো হয়ে যাওয়া মৃতদেহগুলির সামনে তিনি লুটিয়ে পড়েন। মৃতদেহগুলি নসিপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক সেখানেই তাদের মৃত বলে ঘোষণা করেন। যখন তাঁকে প্রশ্ন করা হয় তখনও তিনি ডুকরে কাঁদছেন। কান্নার দমক কোনওমতে সামলে তিনি বলেন, 'প্রতিদিনের মতো আমি তিন ছেলেমেয়েকে নিয়ে ঘুমোচ্ছিলাম। প্রথমে কিছুই বুঝতে পারিনি। গ্রামবাসীদের চিৎকার আর আগুনের আঁচ অনুভব করে কোনওরকমে বাইরে বেরিয়ে এসে সন্তানদের উদ্ধার করার চেষ্টা করি।' কান্না আবার তাঁর কণ্ঠরোধ করে। সামলে নিয়ে তিনি যোগ করেন, 'সব চেষ্টা ব্যর্থ হল। কিচ্ছু করতে পারলাম না!' ভগবানগোলার বিধায়ক রিয়াত হোসেন এদিন ক্ষতিগ্রস্ত পরিবারের সঙ্গে দেখা করে বলেন, 'খুবই মর্মান্তিক। মায়ের চোখের সামনে তিন সন্তানের পুড়ে মৃত্যু খুবই দুঃখজনক। ভবিষ্যতে এই পরিবারের পাশে থাকার চেষ্টা করব।' প্রতিবেশী নাজমুল শেখ আক্ষেপের সুরে বলেন, 'যদি একটু আগে ওদের ঘুম ভাঙানো যেত তাহলে হয়তো এতগুলো প্রাণ একসঙ্গে চলে যেত না।'

**মর্মান্তিক**

- শনিবার রাতে ৩ শিশুকে নিয়ে ঘুমোচ্ছিলেন সারজিনা
- সেই সময়ে শর্টসার্কিট থেকেই আগুন বলে প্রাথমিক অনুমান
- প্রতিবেশীদের চিৎকারে তাঁর ঘুম ভেঙে যায়
- নিজে বেরিয়ে এলেও সন্তানদের বাঁচাতে পারেননি সারজিনা

## পৃথিবীর পাঠশালা

### হাতির মল থেকে কাগজ



কাগজ তৈরির জন্য গাছ কাটার দিন শেষ! জাপানের এক সংস্থা হাতির মল দিয়ে কাগজ তৈরি করে তাক লাগিয়ে দিয়েছে। শুনে অবাক হচ্ছেন? আসলে, হাতি প্রচুর গাছপালা খায়, যার বেশিরভাগই হজম হয় না। এই আঁশযুক্ত বর্জ্য সংগ্রহ করে উচ্চ তাপমাত্রায় ফুটিয়ে জীবাণুমুক্ত করা হয়। এরপর একে মণ্ড বা পাল্পের রূপ দেওয়া হয়, যা কাগজ তৈরির উপযুক্ত। এই কাগজ বেশ মসৃণ, টেকসই ও সম্পূর্ণ গন্ধহীন। এতে পরিবেশের ক্ষতি হয় না। খাতা, গ্রিটিংস কার্ড বা অন্য হস্তশিল্পের জন্য এই কাগজ খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। এটি শুধু পরিবেশ রক্ষারই দারুণ উপায় নয়, হাতির রক্ষণাবেক্ষণেও সহায়তা করে।

### জানলা যখন স্মার্টফোন!




দক্ষিণ কোরিয়ার ট্রেনযাত্রীরা এখন নতুন এক অভিজ্ঞতা লাভ করছেন। পরীক্ষামূলকভাবে সেখানকার কিছু ট্রেনে সাধারণ জানলার বদলে লাগানো হয়েছে বিশেষ স্মার্ট-উইন্ডো। এই স্বচ্ছ ও এলইডি ডিসপ্লে দিয়ে তৈরি জানলাগুলোতে যাত্রীরা বাইরের দৃশ্য উপভোগ করার পাশাপাশি রিয়েল-টাইম তথ্য, যেমন-ট্রেনের সময়, আবহাওয়া, দর্শনীয় স্থান এবং রেস্টুরেন্টের সন্ধান পেতে পারেন। শুধু ট্রেন নয়, দক্ষিণ কোরিয়াতে স্বচ্ছ কাচ দিয়ে তৈরি বাসের ওপর পরীক্ষাও চলছে, যা যাত্রীদের ৩৬০ ডিগ্রি প্যানোরামা ভিউ উপভোগ করার সুযোগ করে দেবে।

### বেশি ঘুম মানেই বিপদ



রাতে ৮ ঘণ্টার বেশি ঘুমাচ্ছেন? ৬০ থেকে ৭৪ বছর বয়সিদের জন্য এটি ডেকে আনতে পারে এক বড় বিপদ! নতুন এক গবেষণায় দেখা গিয়েছে, যাঁরা রাতে ৯টার আগে শুতে যান বা ৮ ঘণ্টার বেশি ঘুমান, তাঁদের ডিমেনশিয়ার ঝুঁকি বেশি। প্রায় ২,০০০ বয়স্ক মানুষের ওপর চালানো এই গবেষণায় দেখা গিয়েছে, যাঁরা তাড়াতাড়ি ঘুমান, তাঁদের ডিমেনশিয়ার ঝুঁকি দ্বিগুণ এবং যাঁরা বেশি ঘুমান, তাঁদের ঝুঁকি ৬৯ শতাংশ বেশি। তবে, আরও একটি অবাক করা তথ্য হল, যাঁরা সপ্তাহের ছুটির দিনে অতিরিক্ত ঘুমান, তাঁদের হৃদরোগের ঝুঁকি ১৯ শতাংশ কমে যায়। তাই ছুটির দিনে একটু বেশি ঘুমালে ক্ষতি নেই। তবে নিয়মিত অতিরিক্ত ঘুম বিপজ্জনক হতে পারে।

### 'লুলা' পাখির ঐতিহাসিক প্রত্যাবর্তন!



একসময় যে স্পিক্স'স ম্যাকাও পাখিটি প্রকৃতি থেকে বিলুপ্ত হয়ে গিয়েছিল, সেই 'লুলা' আবার ফিরে এসেছে। ঘটনাটি ঘটেছে ব্রাজিলে। ২০০০ সালে প্রকৃতি থেকে এই প্রজাতির শেষ পাখিটি হারিয়ে যায়। এরপর বিজ্ঞানীরা চিড়িয়াখানায় এর প্রজনন শুরু করেন। অবশেষে ২০২২ সালে এই ম্যাকাওদের একটি দলকে ব্রাজিলের একটি জঙ্গলে ছেড়ে দেওয়া হয়। এর ফলস্বরূপ, ২০২৩ সালে প্রকৃতিতে নতুন করে ডিম ফুটে বাচ্চা হয়। এটি এক দারুণ সাফল্য!

# পূর্ণিয়ায় মোদি

**কিশনগঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** সোমবার পূর্ণিয়া সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। শিসাবাড়ির এসএসবি ক্যাম্প ময়দানে এক জনসভায় প্রধানমন্ত্রী বক্তব্য রাখবেন। এছাড়া এদিন তিনি পূর্ণিয়া বিমানবন্দরের উদ্বোধন করবেন। খবর, বিমানবন্দর থেকে একটি বেসরকারি সংস্থার বিমান পূর্ণিয়া থেকে কলকাতা হয়ে রাঁচির উদ্দেশে প্রথম উড়ান সম্পূর্ণ করবে।

এদিন নতুন যাত্রীবাহী ট্রেন সহ একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। তাঁর সফরের ৭২ ঘণ্টা আগে পূর্ণিয়ার জনসভাস্থল, বিমানবন্দর এলাকা ও সফরপথের নিরাপত্তার দায়িত্ব নিয়েছে এসপিজি। মূল জনসভার মঞ্চে রাজ্যের ও কেন্দ্রের মোট ১৬ জন এনডিএ নেতা থাকবেন। মুখ্যমন্ত্রী নীতীশ কুমারও জনসভায় বক্তব্য রাখবেন।

# পাকিস্তানকে

*প্রথম পাতার পর*

আবেগ, সম্মানের ম্যাচ জিততে টার্গেট ১২৮। শুরুতেই অভিষেক শর্মার ঝোড়ো ব্যাটিং। সংযুক্ত আরব আমিরশাহির বিরুদ্ধে প্রথম বলে ছক্কা মেরে রানের ফিতে কেটেছিলেন। আজ শাহিন শা আফ্রিদির বিরুদ্ধে প্রথম বলে চার। পরেরটা ফিল্ডারদের মাথার ওপর দিয়ে মাঠের বাইরে। হুংকার, লক্ষ্য ছোট হলেও আগ্রাসনে কাটছাঁট হবে না। পরের ওভারেই অবশ্য পাক প্রত্যাঘাত। সাইম আয়ুবের ক্যারম বলে ক্রিজ ছেড়ে চালাতে গিয়ে বোকা বনে যান শুভমান গিল (১০)। তৃতীয় মেজাজে জোড়া অভিষেকও (১৩ বলে ৩১) আয়ুবের শিকার। ওভারে জোড়া বাউন্ডারির পর ফের বিগহিটের সন্ধানে টাইমিংয়ে গণ্ডগোল। ইতি অভিষেক-ঝড়ে।

ব্যাটন এরপর তিলক ভার্মা-সূর্যর কাঁধে। অথচ রানের রাস্তা বন্ধ করে হিসেব কষা যুগলবন্দি। পাক স্পিনের জাল কাটতে রিভার্স সুইপও বেরোল তিলকের তূণ থেকে। ৬ ওভারে ৬১/২। লক্ষ্যটাকে আরও ছোট করে ১০ ওভারে ৮৮/২। বাকি দশে দরকার ৪০ রান।

ফুরফুরে মেজাজের ছবি ভারতীয় ডাগআউটে। দুই বন্ধু শুভমান-অভিষেককে দেখা গেল নিজেদের মধ্যে খুনসুটি করতে। গ্যালারিতে তেরঙা পতাকার আস্ফালন। কিছুটা খেলার বিপরীতে তিলকের (৩১) উইকেট ছিটকে দেন আয়ুব (৯৭/৩)। ষষ্ঠ ওভারের পঞ্চম বলে ছক্কা হাঁকিয়ে ২৫ বল হাতে রেখে ৭ উইকেটে পাক-বধ সেরে নেন সূর্য (৩৭ বলে অপরাজিত ৪৭)। শিবম দুবে অপরাজিত ১০ রানে।

এর আগে রিংটোন সেট করে দেন হার্দিক পান্ডিয়া-বুমরাহ। ম্যাচের প্রথম বল ওয়াইড। পরের বলে আয়ুব শিকার হার্দিকের। অফের দিকে আলতো পুশ সোজা বুমরাহর হাতে। ম্যাচের আগে আয়ুবকে নিয়ে প্রাক্তন তারকা তনভীর আহমেদ হুংকার দিয়েছিলেন, বুমরাহকে নাকি ছয় ছক্কায় ধূলিসাৎ করবে।

দাবিই সার। ওমান ম্যাচে শূন্য। আজ নায়ক হওয়ার বদলে হার্দিকের আপাত-নিরীহ বলে খাতা খোলার আগেই ফিরলেন আয়ুব। পরের ওভারে মহম্মদ হ্যারিসের (৩) ছটফটানি থামান বুমরাহ। দ্বিতীয় ওভার শেষ হওয়ার আগে ৬/২।

তৃতীয় উইকেটে (৩৯) কিছুটা প্রতিরোধ সাহিবজাদা ফারহান-ফখর জামানের। ফারহান জোড়া ছক্কা হাঁকান বুমরাহকে। ফখর টার্গেট করেন হার্দিককে। যদিও স্পিনাররা আসতেই স্ক্রিপ্ট বদল। শুরুটা অক্ষরের হাত ধরে। ডাগআউটে ফখর (১৭) ও পাক অধিনায়ক সলমন আলি আঘা (৩)। ত্রয়োদশ ওভারে জোড়া ধাক্কা কুলদীপের। পরপর দুই বলে আউট হাসান নওয়াজ (৫) ও মহম্মদ নওয়াজ (০)।

গত ম্যাচে ৭ রানে ৪ উইকেট। এদিন ৩ শিকার। ম্যাচের আগে কুলদীপ বলছিলেন, টুর্নামেন্টে ভালো শুরু করতে পারাটা আত্মবিশ্বাস জুগিয়েছে। মাঝে দল সুযোগ না পেলেও পরিশ্রমে ফাঁকি দেননি। তারই সুফল পাচ্ছেন। পাক-দ্বৈরথ সবসময় উপভোগ করেন। সাফল্যের রংয়ে যা আরও রঙিন করে রাখতে চান।

লক্ষ্যপূরণ। কুলদীপের বাঁহাতি স্পিনের হদিসই কার্যত পাচ্ছিলেন না পাকিস্তানের ব্যাটাররা। কিছুটা ব্যতিক্রম ওপেনার ফারহান (৪০)। শেষদিকে নয় নম্বরে নেমে চার ছক্কায় ঝিমিয়ে পড়া সমর্থকদের রসদ জোগান শাহিন (১৬ বলে অপরাজিত ৩৩)। যার সুবাদে ৯৭/৮ থেকে ১২৭/৯ স্কোরে পৌঁছে গেলেও রেহাই পায়নি পাকিস্তান।

# ছাত্রীর মৃত্যুতে গ্রেপ্তার প্রেমিক

**অরিন্দম বাগ**

**মালদা, ১৪ সেপ্টেম্বর :** আরজি কর মেডিকেলের ছাত্রী মালদা মেডিকেলের হস্টেলে কেন ছিলেন, অনুমতিই বা কীভাবে মিলেছিল, সেসব প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে তদন্তকারীদের মনে। তবে ছাত্রীর মৃত্যুর পরেও এই প্রশ্নের উত্তর দিতে পারেনি মালদা মেডিকেল কর্তৃপক্ষ।

এই ঘটনায় প্রশ্নের মুখে পড়েছে মালদা মেডিকেল কর্তৃপক্ষ। যদি আরজি কর মেডিকেলের ওই ছাত্রী মালদা মেডিকেলের হস্টেলে গিয়ে থাকেন, তবে সেক্ষেত্রে কি কর্তৃপক্ষের কাছ থেকে কোনও অনুমতি নেওয়া হয়েছিল? নাকি কর্তৃপক্ষের চোখে ধুলো দিয়েই হস্টেলে উঠেছিলেন ওই তরুণী? এনিয়ে মেডিকেলের অধ্যক্ষ পার্থপ্রতিম মুখোপাধ্যায় বলেন, 'এধরনের কথা আমাদেরও কানে আসছে। তবে বিষয়টি আমাদের জানা নেই। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।'

এদিকে, তাঁর মেয়ে হোটেলে কার সঙ্গে ছিলেন, কেনই বা হোটেলে ছিলেন, সেসব প্রশ্নের উত্তরও খুঁজছেন মৃতের মা। ওই ছাত্রীর মৃত্যুতে মালদা মেডিকেলের এক পড়ুয়ার বিরুদ্ধে খুনের অভিযোগ দায়ের করেন মৃতার পরিবারের লোকজন। অভিযোগের ভিত্তিতে শনিবার রাতে ওই প্রেমিককে আটক করে জেরা শুরু করে পুলিশ। মাঝরাতে গ্রেপ্তার করা হয় ওই তরুণকে। রবিবার ধৃতকে মালদা জেলা আদালতে তোলা হলে বিচারক তাঁর সাতদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন।

৮ সেপ্টেম্বর মালদায় আসার পর প্রথমে মালদা মেডিকেলের গার্লস হস্টেলে উঠেছিলেন ওই তরুণী। শনিবার এমনই দাবি করেছিলেন মৃতার মা। পুলিশি জেরাতেও ধৃত প্রেমিক তেমনই দাবি করেছেন। সেই সময় একবার অতিরিক্ত ওষুধ খাওয়ার জন্য ওই তরুণীকে মালদা মেডিকেলে ভর্তিও করা হয়েছিল বলে খবর। মৃতের মায়ের দাবি, তাঁর মেয়ে ওই তরুণের সঙ্গে পরিবারের অমতে মন্দিরে বিয়ে করে নেন। তবে মেয়ে গর্ভবতী হয়ে গিয়েছে জানার পর ওই তরুণের সঙ্গে সামাজিক মতে বিয়ে দিতে রাজি হয়ে যায় পরিবার।

মৃতার মা দাবি করেছিলেন, তিনি ফোন করলে মেয়ে মালদা মেডিকেলের হস্টেলে রয়েছেন বলে জানান। দুই-তিনদিন পর যখন কথা হয়, তখন ওই তরুণী আবার মালদা শহরের একটি নামী হোটেলে থাকার কথা জানিয়েছিলেন। মৃতার মায়ের এই দাবির সঙ্গে জেরায় ধৃতের বয়ানে যথেষ্ট মিল রয়েছে বলেই পুলিশ সূত্রে জানা গিয়েছে। পুলিশি জেরায় জানা গিয়েছে, মাত্রাতিরিক্ত ওষুধ খাওয়ার জন্য ওই তরুণীকে প্রথমে ১০ তারিখ মালদা মেডিকেলে ভর্তি করা হয়েছিল। তবে সেদিনই তাঁকে ছেড়ে দেওয়া হয়। তারপরেই সম্ভবত ওই তরুণীকে একটি হোটেলে নিয়ে যাওয়া হয়েছিল।

শনিবার রাতেই মেডিকেল ক্যাম্পাস থেকে আটক করা হয় অভিযুক্তকে। রাতভর দফায় দফায় জেরার পর বেশ কিছু অসংগতি সামনে আসায় মাঝরাতে তাঁকে গ্রেপ্তার করা হয়। রবিবার ধৃতকে সাতদিনের পুলিশি হেপাজতের আবেদন জানিয়ে মালদা জেলা আদালতে পেশ করা হয়। বিচারক ধৃতের সাতদিনের পুলিশি হেপাজতের আবেদন মঞ্জুর করেন। ধৃত প্রেমিক আদালতে যাওয়ার পথে কোনও মন্তব্য করতে চাননি।

এই ঘটনায় ওই দুজনের কল ডিটেলস ও কল রেকর্ড সংগ্রহের কাজ শুরু হয়েছে। মালদা মেডিকেল ক্যাম্পাসে থাকা সিসিটিভি ক্যামেরার ফুটেজও সংগ্রহ করা হচ্ছে। যে হোটেলের কথা উঠে আসছে, সেই হোটেলকে শনাক্ত করে তদন্ত করতে চাইছে পুলিশ।

**কোন পথে তদন্ত**

- এই ঘটনায় ওই দুজনের কল ডিটেলস ও কল রেকর্ড সংগ্রহের কাজ শুরু হয়েছে
- মালদা মেডিকেল ক্যাম্পাসে থাকা সিসিটিভি ক্যামেরার ফুটেজও সংগ্রহ করা হচ্ছে
- যে হোটেলের কথা উঠে আসছে, সেই হোটেলকে শনাক্ত করে তদন্ত এগিয়ে নিয়ে যেতে চাইছে পুলিশ

# কিশনগঞ্জে ধৃত পিএফআই নেতা

**শক্তিপ্রসাদ জোয়ারদার**

**কিশনগঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** সোমবার পূর্ণিয়া সফরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তার আগে দিল্লি থেকে বিস্ফোরক প্রেস বিবৃতি জারি করল জাতীয় তদন্তকারী সংস্থা বা এনআইএ।

ঘোষিত প্রেস বিবৃতিতে জানানো হয়েছে, বৃহস্পতিবার ১১ সেপ্টেম্বর নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালানো হয়। সেই অভিযানে কিশনগঞ্জের হালিম চক এলাকা থেকে ধরা পড়েছেন নিষিদ্ধ গোষ্ঠী পপুলার ফ্রন্ট অফ ইন্ডিয়া (পিএফআই)-র প্রাক্তন রাজ্য সভাপতি মহবুব আলম নদভি। আগে থেকেই মোস্ট ওয়ান্টেড তালিকায় নাম ছিল মহবুবের।

অভিযোগ, ২০৪৭ সালের মধ্যে ভারতকে ইসলামিক রাষ্ট্র বানানোর লক্ষ্যে কাজ করছিলেন তিনি।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বিহারের কাটিহার জেলার হাসানগঞ্জের বাসিন্দা মহবুব আলম ওরফে মহবুব আলম নদভিকে কিশনগঞ্জ থেকে গ্রেপ্তার করা হয়েছে। ২০২২ সালে বিহারের ফুলবাড়ি শরিফের সিরিয়াল বোম ব্লাস্টের মামলার অন্যতম অভিযুক্ত তিনি। মামলার চার্জশিটে ১৯ জন অভিযুক্তের নাম ছিল। যদিও পাটনা পুলিশ প্রথমে ২৬ জনের বিরুদ্ধে মামলা রুজু করেছিল।

পিএফআইয়ের উদ্দেশ্য, দেশে বিভিন্ন ধর্ম ও সম্প্রদায়ের মধ্যে উন্মাদনা সৃষ্টি করা, দেশে সাম্প্রদায়িক দাঙ্গা ছড়িয়ে দেওয়া। প্রয়োজনে আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক ব্যবহার করা। ধৃত মহবুব ফুলবাড়ি শরিফের ঘটনা এবং পরিকল্পনার অন্যতম অঙ্গ ছিলেন। ভারতীয় দণ্ডবিধি এবং ইউএ(পি) ধারায় মামলা রুজু হয়েছে।


*ভূমি ধসে বিপর্যস্ত আপার জংগুর রাস্তা। -সংবাদচিত্র*

# ধসের পাহাড়ে ভয় ধরাল ভূকম্পন

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** পাহাড়ে বিপর্যয় এখন ধস। কালিম্পং থেকে সিকিম, রবিবারও একাধিক জায়গায় ধস নেমেছে। ঘটেছে মৃত্যুর ঘটনাও। তার মধ্যে রবিবারের ভূকম্পন নতুন বিপদের ইঙ্গিত দিয়েছে। কেননা, কম্পনে ভঙ্গুর হিমালয়ে চিড় ধরা বা পাহাড়ের মাটি আলগা হওয়া স্বাভাবিক। তার মধ্যে ধারাবাহিক বৃষ্টি হওয়ায়, আর জল যদি মাটিকে আরও আলগা করে তোলে, তবে ধসের সংখ্যা যেমন বাড়বে, তেমনই বাড়বে বিপদ। এখনই যে বর্ষা বিদায় নিচ্ছে না, তা স্পষ্ট করে দিচ্ছেন আবহবিদরা। আবহাওয়া দপ্তরের সিকিমের কেন্দ্রীয় অধিকর্তা গোপীনাথ রাহা বলছেন, 'মৌসুমি অক্ষরেখা সক্রিয় থাকায় হিমালয় সংলগ্ন উত্তরবঙ্গে আরও কয়েকদিন বৃষ্টি চলবে। এর মধ্যে কয়েকটি জেলার দুই-একটি জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।'

রবিবার সকালে তিস্তার জলস্ফীতিতে জল উঠে গিয়েছিল তিস্তাবাজারের রাস্তায়। নতুন করে আতঙ্কিত হয়ে পড়েছিলেন স্থানীয়রা। যদিও জল বেশিক্ষণ দাঁড়ায়নি। তবে লাগাতার যদি পাহাড়ে বৃষ্টি হয়, তবে যে ফের দুর্ভোগে পড়তে হবে, তা নিয়ে কোনও সংশয় নেই তাঁদের।

ধসের জেরে ফের মৃত্যুর ঘটনা ঘটল পাহাড়ে। শুক্রবার আপার রিম্বিতে ধসে চাপা পড়ে মৃত্যু হয়েছিল চারজনের। ২৪ ঘণ্টার ব্যবধানে আপার সারডংয়ের লামাগাঁও-এ মারা গেলেন স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রেসিডেন্ট রাজেন গুরুং (৪৭)। রাত ৮টার সময় ঘর থেকে বের হয়ে কাছাকাছি এলাকায় গিয়েছিলেন তিনি। সেসময়ই সেখানে ধস পড়লে মৃত্যু হয় তাঁর। কয়েক ঘণ্টা পর ধসের মাটি সরিয়ে তাঁর মৃতদেহ উদ্ধার করা হয়। প্রবল বর্ষণে রবিবার ধস নেমে ক্ষতিগ্রস্ত হয়েছে ফিডং সেতু সহ ফিডং-সাংকালান সেতু। ভূমিধসে আপার জংগুর একটি রাস্তার বেশ কিছুটা অংশ তলিয়ে গিয়েছে। তবে লাচুং-ইয়ুমথাং সড়কে তার কোনও প্রভাব পড়েনি। কিন্তু যেভাবে বৃষ্টি হচ্ছে, ধসের সংখ্যা বাড়ছে, তাতে পাহাড়ের পুজো পর্যটন নিয়ে অনেকেই আশঙ্কিত। লাচুংয়ের ক্ষেত্রে অনুমতি মিললেও বেহাল সড়কের জন্য এখনও পর্যটক প্রবেশে অনুমতি দেওয়া হচ্ছে না লাচেনে। ধস বা এমন প্রাকৃতিক বিপর্যয়ে যদি লাচুং বন্ধ হয়ে যায়, তবে পুজো পর্যটনে চরম ক্ষতি হবে বলে মনে করছেন পর্যটন ব্যবসায়ীরা। বিরামহীন বৃষ্টিতে নতুন করে ক্ষতিগ্রস্ত হয়েছে ১০ নম্বর জাতীয় সড়ক। যেভাবে একের পর এক ধস নামছে, তাতে জাতীয় সড়কটি নিয়েও ভয় বাড়ছে।

# দুর্নীতির ছায়া র‍্যাশন

*প্রথম পাতার পর*

নিয়ম মেনে আবেদনকারীদের নিজস্ব এলাকায় পৌঁছে বিভিন্ন পরিকাঠামো খতিয়ে দেখেন খাদ্য ও সরবরাহ দপ্তরের আধিকারিকরা। দপ্তর সূত্রের খবর, মোট ১০০ নম্বরের পরীক্ষার ভিত্তিতে ডিলারশিপ দেওয়া হয়। এর মধ্যে ৭৫ নম্বরই থাকে আবেদনকারীর র‍্যাশন দোকান, গুদামের আয়তন, মাটি থেকে উচ্চতা, গুদাম ছাদ দেওয়া নাকি টিনের চালা, আবেদনকারী তপশিলি জাতি-উপজাতিভুক্ত কি না, বিধবা মহিলা, শিক্ষাগত যোগ্যতা সহ কয়েকটি বিষয়ে। প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা চারজন আবেদনকারীকে ইন্টারভিউয়ের জন্য জেলা স্তরে থাকা তিন সদস্যের ডিএলএফপিডিএসসি-র কাছে ডাকা হয়। এই কমিটিতে খাদ্য দপ্তরের দায়িত্বে থাকা অতিরিক্ত জেলা শাসক, খাদ্যনিয়ামক এবং মহকুমা খাদ্য ও সরবরাহ আধিকারিক রয়েছেন। এই কমিটির হাতে ২৫ নম্বর দেওয়া রয়েছে। কমিটি মৌখিক পরীক্ষা নিয়ে নম্বর দেয়। এই নম্বরের সঙ্গে প্রার্থীর পরিকাঠামোগত নম্বর যোগ করে সর্বোচ্চ নম্বরপ্রাপককে ডিলারশিপ দেওয়ার কথা।

অভিযোগ, মহকুমার বিভিন্ন ব্লকে এই নিয়ম মানা হয়নি। খোদ ফাঁসিদেওয়ার দুটি জায়গা থেকে গ্রামবাসীদের সই সহ গণ অভিযোগপত্র খাদ্য দপ্তরে জমা পড়েছে। ফাঁসিদেওয়ার ছোটা হাপতিয়াগছ প্রাথমিক বিদ্যালয়ের প্রস্তাবিত র‍্যাশন ডিলারশিপের জন্য চারজন পরীক্ষা দিয়েছেন। অভিযোগ সেখানে যিনি সবচেয়ে বেশি নম্বর পেয়েছেন, তাঁকে বাদ দিয়ে অন্য একজনকে ডিলারশিপ দেওয়া হচ্ছে। এই খবর এলাকায় পৌঁছাতেই গ্রামের ৬৮ জন বাসিন্দার স্বাক্ষর করা অভিযোগপত্র খাদ্য দপ্তরে জমা পড়েছে। তাঁরা লিখেছেন, বিভিন্ন মামলায় অভিযুক্ত এবং রাজনৈতিক পক্ষপাতদুষ্ট নেতা-নেত্রীকে ডিলারশিপ দিলে এলাকার মানুষ সুষ্ঠুভাবে র‍্যাশনের বরাদ্দ পাবেন না। সেই জন্য কোনও প্রভাবের কাছে মাথা না ঝুঁকিয়ে যোগ্য প্রার্থীকেই ডিলারশিপ দিতে হবে।

অন্যদিকে, বলাইগছ জুনিয়ার হাইস্কুলের প্রস্তাবিত র‍্যাশন ডিলারশিপ দেওয়া নিয়েও অনিয়মের অভিযোগ তুলে সেখানকার ৩০৪ জন গ্রামবাসী দার্জিলিং জেলা খাদ্য দপ্তরে গণস্বাক্ষর করা অভিযোগপত্র জমা দিয়েছেন। তাঁদের অভিযোগ, যাঁকে এখানে র‍্যাশন ডিলারশিপ দেওয়া হচ্ছে, তাঁর বাবা শাসকদলের প্রভাবশালী নেতা এবং গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান। প্রভাব খাটিয়ে ওই ব্যক্তির ছেলেকে র‍্যাশন ডিলারশিপ দিলে র‍্যাশনের খাদ্যপণ্য মানুষ পাবেন না বরং চুরি হয়ে যাবে। অভিযোগ, গত বছর ফাঁসিদেওয়ায় র‍্যাশন ডিলারশিপ পাইয়ে দেওয়ার কথা বলে এক ব্যক্তির কাছ থেকে শাসকদলের নেতা পাঁচ লক্ষ টাকা নিয়েছিলেন। কিন্তু পরিকাঠামো ঠিক না থাকায় ওই ব্যক্তি ডিলারশিপ পাননি। এবার আবার প্রচুর টাকার বিনিময়ে এই ডিলারশিপ বিক্রির অভিযোগ উঠেছে।

# ৩ ঘণ্টা দেরিতে বন্দে ভারত

**শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** নির্ধারিত সময়ের প্রায় তিন ঘণ্টা পর গন্তব্যে পৌঁছাল গুয়াহাটি-এনজেপি বন্দে ভারত এক্সপ্রেস। রাত একটা নাগাদ ট্রেনটি এনজেপিতে পৌঁছালে ক্ষোভ উগড়ে দেন যাত্রীদের একাংশ। রাতে বাড়তি ভাড়া দিয়ে গাড়ি, টোটোয় চেপে গন্তব্যে পৌঁছাতে হয় তাঁদের।

এদিন বিকেল সাড়ে চারটায় নির্ধারিত সময়েই যাত্রা শুরু করেছিল ট্রেনটি। কিন্তু নিউ বঙ্গাইহগাঁও স্টেশনে প্রায় সাড়ে তিনঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয় বন্দে ভারতকে। কী কারণে প্রিমিয়াম ট্রেনটিকে এতক্ষণ দাঁড় করিয়ে রাখা হল, তা স্পষ্ট করা হয়নি রেলের তরফে। যদিও যাত্রীদের মধ্যে কানাঘুসো শুরু হয়, ভূমিকম্পের জেরে লাইনে ফাটল ধরায় নিরাপত্তার স্বার্থে ট্রেনটিকে আটকে রাখা হয়েছে। রাত পর্যন্ত রেলের কোনও কর্তাই এমন দাবি স্বীকার করেননি।

# ত্বরান্বিত পতন

*প্রথম পাতার পর*

এই সেদিন ২০০৩ সালে জর্জিয়ায় 'রোজ রেভোলিউশন'-এর ফলে কীভাবে ক্ষমতাচ্যুত হয়েছিলেন রাষ্ট্রপতি এডওয়ার্ড শেভার্দনাদজে সে খবর কি রাখেন পরেশ অধিকারী?

দম্ভের চূড়ান্ত পর্যায়ে পৌঁছোলে তবেই একজন মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে বলতে পারেন, 'তুমি কে হে হরিদাস পাল?' বা 'কোমরে দড়ি লাগিয়ে ঘোরাব' অথবা একজন প্রধানমন্ত্রী সমস্ত নীতি নৈতিকতা বিসর্জন দিয়ে একজন মহিলা মুখ্যমন্ত্রীকে 'দিদি, ও দিদি' বলে ট্রোল করতে পারেন। একজন মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর একে অপরের প্রতি আচরণ থেকে সহজেই এটা অনুমান করা যায় যে, তাঁরা একজন সাধারণ নাগরিককে কোন দৃষ্টিতে দেখেন।

রাজনীতিতে 'ক্ষমতা' হল জনগণের আচরণকে প্রভাবিত বা নিয়ন্ত্রণ করার সক্ষমতা। ক্ষমতার মধ্যে থেকে অপরের স্বার্থে ক্ষমতাকে ব্যবহার করা এবং নিজের প্রয়োজনে সেটি ব্যবহার না করা। নরেন্দ্র মোদি বা মমতা বন্দ্যোপাধ্যায় কেউই সেই সহজ ব্যাকরণ মানেন না। ফলে তাঁদের অনুগামী নেতারাই বা তা মেনে চলবেন কেন। আসলে স্বৈরশাসকরা ক্ষমতার উচ্ছিষ্টভোগীদের মিথ্যা আশ্বাসে অতি আস্থাশীল হয়ে ওঠেন, তখনই ক্ষমতা ও দুর্নীতি, সমার্থক ও সমান্তরাল হয়।

ক্ষমতা ও অহংকারের জোরে মুখে গণতন্ত্রের বুলির আড়ালে স্বৈরাচারের নীল নকশা তৈরি করেন শাসক। জনগণের মধ্যে তৈরি করেন ভয়ের পরিবেশ। ধর্মকে ব্যবহার করেন ক্ষমতার স্বার্থে। সমাজের অভ্যন্তরে গোয়েন্দা লাগিয়ে আর নজরদারির ব্যবস্থা করে শাসনকে টিকিয়ে রাখেন বছরের পর বছর।

ক্ষমতায় থাকলে স্বৈরশাসকরা তাঁদের নেতৃত্ব চ্যালেঞ্জ করতে পারে এমন মানুষদের কাঠামো থেকে সরিয়ে দেন। নিষ্ক্রিয় করে দেন স্বাধীনচেতা আর বুদ্ধিজীবীদের। অকার্যকর করে দেন সমস্ত সুস্থ ভাবনাচিন্তাকে। ফলে সমাজ পরিবর্তনে সুস্থ ভাবনার মানুষদের ভূমিকা হয়ে পড়ে সীমাবদ্ধ। এর ফলে যখন একজন স্বৈরশাসকের পতন হয়, তখন নেতৃত্ব গ্রহণ করার মতো উপযুক্ত ব্যক্তিত্ব পাওয়া দুষ্কর হয়ে পড়ে। অনেক সময়ই নেতৃত্ব শূন্যতার সুযোগে আবির্ভাব ঘটে নতুন স্বৈরশাসকের। যেমনটা হয়েছে বাংলাদেশে।

আসলে সবাই রাজা হতে চায়। তাই মেহনতি মানুষের নেতারাও একসময় হয়ে ওঠেন স্বেচ্ছাচারী। ক্ষমতায় অন্ধ শাসকের কাছে স্বেচ্ছাচার নিরাসক্ত আয়নার মতো। সেই আয়নায় শাসক দেখতে পায় তার নগ্নতা। হয়তো বা অনুভব করে নিজের সুনিশ্চিত পতনের মৃদু পদধ্বনি।

ইতিহাস যেমন স্বৈরশাসকের জন্ম দিয়েছে, তেমনি উপহার দিয়েছে বহু মুক্তিকামী মানুষদের। ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে তাই বারবার স্লোগান ধরেছেন স্বাধীনচেতারা। অনেক সময়ই সেসব আন্দোলন আর বিপ্লব ব্যর্থ হয়েছে, পড়তে হয়েছে আরও কঠোর নিপীড়নের মুখে। তবুও স্বপ্ন দেখা বন্ধ হয়নি। তাই তিউনিসিয়ার ফুটপাথের সবজি বিক্রেতা মোহাম্মদ বোয়াজিজির আত্মাহুতি থেকে জন্ম হয় আরব বসন্তের। তাই প্রচণ্ড ঝড়ের পর ঝকঝকে আকাশে কাঞ্চনজঙ্ঘা দেখে মন আনন্দে হেসে ওঠে।

# ক্ষমতার স্বাদ নিতে আসিনি

*প্রথম পাতার পর*

আগের যাবতীয় নির্দেশ অকার্যকর হয়ে গিয়েছে। বিবৃতি দিলেও কোনও দলের নেতাকে রবিবার প্রকাশ্যে দেখা যায়নি।

দুর্নীতি, স্বজনপোষণের বিরুদ্ধে জেন জেড আন্দোলনের চাপে দিনকয়েক আগে নেপালের প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা দিতে বাধ্য হয়েছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি। বর্তমানে নেপাল সেনার নিরাপত্তায় রয়েছেন তিনি। তাঁর দলের সক্রিয়তা তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। সুশীলা অবশ্য ৫ মার্চের দিকে তাকিয়ে রোডম্যাপ স্থির করার আভাস দিয়েছেন। জাতির উদ্দেশে দেওয়া ভাষণে গণ আন্দোলনে নিহতদের শহিদ ঘোষণা করেছেন তিনি। নিহতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা করে সাহায্য দেবে অন্তর্বর্তী সরকার। আহতদের চিকিৎসায় সহায়তার ব্যবস্থা করা হবে। কিন্তু যাঁরা গণ আন্দোলনের আড়ালে হিংসা ছড়িয়েছেন, তাঁদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করবে প্রশাসন।

প্রধানমন্ত্রীর স্পষ্ট বার্তা, 'যাঁরা হিংসা উসকে দিয়েছেন তাঁদের কোনও ছাড় দেওয়া হবে না। আইন অনুযায়ী সবার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।' তাঁর আরও বক্তব্য, নেপালে এই প্রথম টানা ২৭ ঘণ্টা ধরে আন্দোলন চলেছে। তরুণ প্রজন্মের আন্দোলনকারীরা আর্থিক সাম্য এবং দুর্নীতিমুক্ত দেশ গঠনের দাবি করেছেন। তাঁদের স্বপ্নকে সফল করতে নতুন নেপাল গড়ার কাজ চালিয়ে যাব আমরা।'

# সেপ্টেম্বরেই কেন ভূমিকম্প হয়?

*প্রথম পাতার পর*

তথ্য বলছে, ২০১১ সালের পর ২০১৮ সালের ২২ সেপ্টেম্বরও ভূমিকম্প অনুভূত হয় উত্তরবঙ্গের প্রায় সর্বত্র। সেবারও বিশ্বকর্মাপুজো পড়েছিল ১৮ তারিখ। স্বাভাবিকভাবেই সাধারণ মানুষ বিষয়টিকে দুইয়ে দুইয়ে চার করতে শুরু করে। যদিও সেবার ২০১১-র পুনরাবৃত্তি হয়নি। কিন্তু দেখা যাচ্ছে ২০২০ সালের ১১ সেপ্টেম্বর ও ২০২৪ সালের ৬ সেপ্টেম্বরও কাঁপুনি হয়েছে শিলিগুড়ি সহ উত্তরবঙ্গে। এবারও পুজোর ঠিক দু'দিন আগে কম্পন অনুভূত হওয়ায় বিষয়টি অন্যমাত্রা পেয়েছে।

কেন বারবার সেপ্টেম্বর? কেনই বা বিশ্বকর্মাপুজোর আগে? প্রশ্নগুলো ঘুরছে সোশ্যাল মিডিয়ায়। সারাবছর ভূকম্পন হলেও কেন এই অঞ্চলে মাঝ সেপ্টেম্বরে কম্পনের তীব্রতা বেশি হয়, তার কারণ নিয়ে গভীর অনুসন্ধান প্রয়োজন বলে মত দিচ্ছেন বিশেষজ্ঞরা।

অনেক বিজ্ঞানীর বক্তব্য, জিওলজিক্যাল টাইম স্কেলে এক বছরের টাইম গ্যাপ বা সময়ের ব্যবধান সামান্য হওয়ায়, প্রকৃত অর্থে একটি নির্দিষ্ট সময়ে ভূকম্পনের তীব্রতা বৃদ্ধির কারণ বোঝা অসম্ভব ব্যাপার। ভাটনগর পুরস্কারপ্রাপ্ত আন্তর্জাতিক স্তরের বিজ্ঞানী পার্থসারথি চক্রবর্তী মনে করেন, 'দুটি প্লেটের সংঘর্ষে ভূকম্পন ঘটে, তা সকলেই জানে। সুনামির কারণ যে ভূকম্পন, সেটাও এখন জানা। কিন্তু সুনামির পূর্বাভাস দেওয়া সম্ভব হলেও, ভূকম্পন সংক্রান্ত আগাম তথ্য জানানো যায় না। তবে এই অঞ্চলে এসময় কেন, তার গভীর অনুসন্ধানের প্রয়োজনীয়তা রয়েছে।'

রবিবাসরীয় বিকেলে বাড়ির সকলকে নিয়ে কেনাকাটা করতে বেরোবেন বলে তৈরি হচ্ছিলেন কলেজপাড়ার সুশীল ভৌমিক। হঠাৎ তাঁর গিন্নি ভূমিকম্প বলে চিৎকার করে ওঠেন। ছেলেমেয়েদের ডেকে এক জায়গায় করতে করতেই যদিও কম্পন থেমে যায়। সুশীল বলছিলেন, 'ভূমিকম্প থামতেই মনে পড়ল আর দু'দিন পরই তো বিশ্বকর্মাপুজো। এই পুজোটা এলেই কেমন ভয়ে ভয়ে থাকি। বাড়িতেও সেদিন আলোচনা হচ্ছিল বিশ্বকর্মাপুজোর দিনের ভূমিকম্প নিয়ে। আর এবছরই পুজোর আগমুহূর্তে ভূমিকম্প হয়ে গেল।' ২০১১-র স্মৃতি তাঁর টাটকা। সুশীলের স্মৃতিচারণ, 'ওইদিন অফিসের পুজোর পর কাজ শেষ করে বাড়ি ফেরার পথে রাস্তায় ভূমিকম্প টের পাই। দৌড়ে একটি মন্দিরে ঢুকে পড়েছিলাম। বাড়ির বাইরে থাকায় কী যে চিন্তায় পড়েছিলাম, বলে বোঝাতে পারব না।'

আবহবিদদের বক্তব্য, গত কয়েক বছরের তথ্য সংগ্রহ, কোন কোন অঞ্চলে কমবেশি অনুভূত হয়েছে, ক্ষয়ক্ষতির হিসেব সহ নানা প্রাকৃতিক বিষয়কে এক জায়গায় রেখে গবেষণা করলে, সাধারণ মাপের হলেও, কিছু সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব। গবেষণা ছাড়া যে সত্যতায় পৌঁছানো সম্ভব নয়, মনে করিয়ে দিচ্ছেন আবহাওয়া দপ্তরের সিকিমের কেন্দ্রীয় অধিকর্তা গোপীনাথ রাহা।

যতদিন গবেষণা না হয়, ততদিন কিন্তু চুলচেরা বিশ্লেষণ চলবেই বাঙালির।

## আপাতত নেই বাগান-গোয়ার ফুটবলাররা

# খালিদের সম্ভাব্য তালিকায় সুনীল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** এএফসি এশিয়ান কাপের শিবির শুরুর জন্য ৩০ জন ফুটবলারের সম্ভাব্য তালিকা দিলেন খালিদ জামিল।

২০ সেপ্টেম্বর থেকে বেঙ্গালুরুতে এএফসি এশিয়ান কাপ বাছাই পর্বের অত্যন্ত গুরুত্বপূর্ণ সিঙ্গাপুর ম্যাচের জন্য প্রস্তুতি শুরু হবে ভারতীয় দলের। শিবিরে ডাক পাওয়া ফুটবলারদের ১৯ তারিখ যোগ দিতে বলা হয়েছে। ৯ অক্টোবর সিঙ্গাপুরে অ্যাওয়ে এবং ১৪ তারিখ গোয়াতে ঘরের মাঠে ম্যাচ খেলবেন ব্লু টাইগার্সরা। তার আগে এদিন ৩০ জন ফুটবলারের সম্ভাব্য তালিকা দিলেন জাতীয় দলের হেড কোচ। এই ৩০ জন ছাড়াও ৫ জনকে স্ট্যান্ডবাই তালিকায় রাখা হয়েছে বলে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের তরফে জানানো হয়। যার মধ্যে তিনজন সিনিয়ার ও দুইজন অনূর্ধ্ব-২৩ দলের। এঁদের নাম এখনও প্রকাশ করা হয়নি। খালিদের দেওয়া তালিকায় এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টুয়ে খেলা দুই দল মোহনবাগান সুপার জায়েন্ট ও এফসি গোয়ার কোনও ফুটবলার নেই। ৩০ সেপ্টেম্বর মোহনবাগানের এবং ১ অক্টোবর গোয়ার ম্যাচ হওয়ার পরই ডাকা হতে পারে এই দুই দলের ফুটবলারদের। মোহনবাগান-গোয়ার ফুটবলারদের ডাকা না হলেও ডাক পেয়েছেন সুনীল ছেত্রী। কাফা নেশনস কাপে তাঁকে দলে না রাখা নিয়ে অবশ্য খালিদ আগেই ব্যাখ্যা দেন যে নতুনদের দেখে নেওয়ার জন্য তিনি দলে রাখেননি সুনীলকে। এবার অবশ্য সিঙ্গাপুরের বিরুদ্ধে পরপর দুইটি গুরুত্বপূর্ণ ম্যাচে তাঁকে দরকার বলেই মনে করেছেন এই তরুণ ভারতীয় কোচ।

**শিবিরে যাঁরা ডাক পেলেন**

**গোলকিপার :** অমরিন্দার সিং, গুরমিত সিং, গুরপ্রীত সিং সান্ধু

**ডিফেন্ডার :** আনোয়ার আলি, বিকাশ ইয়ুমনাম, চিঙ্গলেসানা সিং, মিঙ্গথামমাওয়াইয়া রালতে, মহম্মদ উবেইস, পরমবীর সিং, রাহুল ভেকে, রিকি হাওবাম, রোশন সিং নাওরেম

**মিডফিল্ডার :** আশিক কুরুনিয়ান, দানিশ ফারুখ, জিকসন সিং, জিতিন এমএস, ম্যাকার্টন লুইস নিকসন, নাওরেম মহেশ সিং, মহম্মদ আইমেন, নিখিল প্রভু, সুরেশ সিং ওয়াংজাম, ভিবিন মোহানন

**স্ট্রাইকার :** ইরফান ইয়াদওয়াদ, লালিয়ানজুয়ালা ছাঙ্গতে, মনবীর সিং (জুনিয়ার), মহম্মদ সানান কে, মহম্মদ সুহেল, পার্থিব গগৈ, সুনীল ছেত্রী ও বিক্রম প্রতাপ সিং।







বিশ্ব বক্সিংয়ের ফাইনালে জয়ের পর জেসমিন লাম্বোরিয়া (বাঁয়ে) ও মীনাক্ষী হুডা। লিভারপুলে রবিবার।

# বিশ্ব বক্সিংয়ে সোনা জেসমিন, মীনাক্ষীর

**লিভারপুল, ১৪ সেপ্টেম্বর :** বক্সিংয়ে বিশ্বজয় করলেন ভারতের জেসমিন লাম্বোরিয়া ও মীনাক্ষী হুডা।

বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে মহিলাদের ৫৭ কেজি বিভাগে সোনা জিতলেন ২৪ বছরের জেসমিন। মীনাক্ষী সোনা জিতলেন ৪৮ কেজি বিভাগে। এদিকে ৮০ উর্ধ্ব কেজি হেভিওয়েট বক্সিংয়ের ফাইনালে হেরে রুপোতেই সন্তুষ্ট থাকতে হল নূপুর শেওরানকে। ৮০ কেজি বিভাগে ব্রোঞ্জ জিতেছেন ভারতের আরেক মহিলা বক্সার পূজা রানি।

ফাইনালে জেসমিনের সামনে একরকম নতি স্বীকার করেন প্যারিস অলিম্পিকে রুপোজয়ী পোল্যান্ডের জুলিয়া জেরেমেতো। খেতাবি যুদ্ধে পোলিশ বক্সার পরাস্ত হন ৪-১ পয়েন্টে। সোনা জিতে উচ্ছ্বসিত জেসমিন জানালেন, প্যারিস অলিম্পিকের ব্যর্থতাই তাঁকে আরও শক্তিশালী করেছে। বলেছেন, ‘প্যারিস অলিম্পিকে হেরে যাওয়ার পর থেকেই বাড়তি পরিশ্রম শুরু করি। নিজের কৌশল নিয়েও অনেক ভাবনাচিন্তা করেছি। অবশেষে পদক এল। এই সাফল্য গত এক বছরের নিরলস পরিশ্রমের ফল।’ এর আগে ২০২২ সালে কমনওয়েলথ গেমসে বক্সিংয়ের লাইট ওয়েট বিভাগে ব্রোঞ্জ জিতেছিলেন জেসমিন। এবার বিশ্ব চ্যাম্পিয়নশিপের মঞ্চেও দেশের নাম উজ্জ্বল করলেন হরিয়ানার ২৪ বছরের বক্সার।

প্যারিস অলিম্পিকে পদকজয়ী বক্সার কাজাখাস্তানের নাজিম কিজাইবেকে পরাস্ত করে মহিলাদের ৪৮ কেজি বিভাগে সোনা জিতলেন রুরকির অটোচালকের মেয়ে মীনাক্ষী। অলিম্পিকের ব্রোঞ্জজয়ীকে মীনাক্ষী হারান ৪-১ পয়েন্টে। আসলে ভারতীয় বক্সারের আগ্রাসী মানসিকতার সামনে একেবারেই সুবিধা করতে পারেননি নাজিম।





রুপো জিতে নূপুর শেওরান (বাঁয়ে)। ব্রোঞ্জ পেলেন পূজা রানি।

বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে মহিলাদের হেভিওয়েট বিভাগে দেশকে সাফল্য এনে দিলেন নূপুর। ফাইনালে পোল্যান্ডের অগাতা কাজমারস্কার বিরুদ্ধে হাড্ডাহাড্ডি লড়াই করলেও শেষপর্যন্ত ৩-২ পয়েন্টে হেরে যান। কাজেই রুপো জিতে সন্তুষ্ট থাকতে হল ভারতের ২৬ বছরের এই বক্সারকে। দেশকে ব্রোঞ্জ এনে দিয়েছেন পূজা। সেমিফাইনালে পূজা ইংল্যান্ডের এমিলি অ্যাসকুইথের কাছে হেরে গিয়েছিলেন।

# বিরাট-রোহিতকে রাখা হল না দলে

**মুম্বই, ১৪ সেপ্টেম্বর :** গত কয়েকদিন ধরে জল্পনা চলছিল।

অক্টোবরের অস্ট্রেলিয়া সফরের আগে প্রস্তুতি হিসেবে ‘এ’ দলের ওডিআই সিরিজে হয়তো দেখা যাবে বিরাট কোহলি, রোহিত শর্মাকে। যদিও সেই বিতর্কে এদিন জল ঢেলে দিলেন অজিত আগরকারের নেতৃত্বাধীন নির্বাচক কমিটি। ৩০ সেপ্টেম্বর শুরু অস্ট্রেলিয়া বনাম ভারত ‘এ’ দলের তিন ম্যাচের ওডিআই সিরিজে বিরাট-রোহিতকে ছাড়াই দল ঘোষণা করলেন তাঁরা।

কানপুরের গ্রিনপার্ক স্টেডিয়ামেই তিনটি ম্যাচ অনুষ্ঠিত হবে। ৩০ সেপ্টেম্বর প্রথম ম্যাচে ভারতীয় ‘এ’ দলকে নেতৃত্ব দেবেন রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর জার্সিতে আইপিএল জয়ী অধিনায়ক রজত পাতিদার। শেষ দুই ম্যাচে (৩ ও ৫ অক্টোবর) অধিনায়ক তিলক ভার্মা। দুই দলেই উইকেটকিপার-ব্যাটার হিসেবে জায়গা পেয়েছেন বাংলার রনজি ট্রফি দলের সদস্য অভিষেক পোড়েল।

এশিয়া কাপ শেষে তিলক, অভিষেক শর্মা, অর্শদীপ সিং, হর্ষিত রানারা শেষ দুই ম্যাচে ‘এ’ দলের সঙ্গে যোগ দেবেন। ঘোষিত দলে আছেন পাঞ্জাব কিংসের হয়ে আইপিএলে নজরকাড়া দিল্লির তরুণ ব্যাটার প্রিয়াংশ আর্যকে। আছেন আইপিএলে প্রিয়াংশের ওপেনিং পার্টনার প্রভসিমরান সিংও।

তিন ম্যাচের ‘এ’ সিরিজের সপ্তাহ দুয়েকের মধ্যেই ভারতের সিনিয়ার দল অস্ট্রেলিয়ায় উড়ে যাবে সাদা বলে জোড়া সিরিজ খেলতে। যেখানে ওডিআই সিরিজে অংশ নেওয়ার কথা বিরাট-রোহিতের। দীর্ঘদিন মাঠের বাইরে। শেষবার ওডিআই ফরম্যাটে খেলেছেন চ্যাম্পিয়ন্স ট্রফিতে। ঘরের মাঠে ‘এ’ সিরিজ প্রস্তুতির ভালো মঞ্চ হতে পারত। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ‘এ’ সিরিজের দল ঘোষণায় বিপরীত ছবি। সেক্ষেত্রে ম্যাচ প্র্যাকটিস ছাড়াই সরাসরি স্যর ডন ব্র্যাডম্যানের দেশে সম্ভবত উড়ে যাবেন বিরাটরা।

## ‘এ’ দলের সিরিজে অভিষেক পোড়েল

**প্রথম ম্যাচের দল : রজত পাতিদার (অধিনায়ক), প্রভসিমরান সিং, রিয়ান পরাগ, আয়ুষ বাদোনি, সূর্যাংশ শেডগে, বিপরাজ নিগম, নিশান্ত সিন্ধু, গুরজাপনীত সিং, যুধবীর সিং, রবি বিষ্ণোই, অভিষেক পোড়েল, প্রিয়াংশ আর্য ও সিমরজিৎ সিং।**

**শেষ দুই ম্যাচের দল : তিলক ভার্মা (অধিনায়ক), রজত পাতিদার, অভিষেক শর্মা, প্রভসিমরন সিং, রিয়ান পরাগ, আয়ুষ বাদোনি, সূর্যাংশ শেডগে, বিপরাজ নিগম, নিশান্ত সিন্ধু, গুরজাপনীত সিং, যুধবীর সিং, রবি বিষ্ণোই, অভিষেক পোড়েল, হর্ষিত রানা ও অর্শদীপ সিং।**





১০ মিটার এয়ার পিস্তলে সোনা জিতে এষা সিং। হংকংয়ে।

## ব্রোঞ্জ জিতলেন মেঘনা, শুটিংয়ে সোনা এষার

**নিংবো, ১৪ সেপ্টেম্বর :** আইএসএসএফ বিশ্বকাপে ১০ মিটার এয়ার পিস্তলে সোনা জিতলেন ভারতের এষা সিং।

নিংবো অলিম্পিক স্পোর্টস সেন্টারে হাড্ডাহাড্ডি ফাইনালে প্যারিস অলিম্পিকের দুই পদকজয়ী চিনের কিয়ানজুন ইয়াও এবং কোরিয়ার ইয়েজিন ওহকে পেছনে ফেলেন এষা। তাঁর স্কোর ২৪২.৬। মাত্র ০.১ পয়েন্টের ব্যবধানে বাজিমাত করেন। পদক জিতে উচ্ছ্বসিত ভারতের ২০ বছরের শুটার বলেছেন, ‘বিশ্বকাপে সোনা জয় দারুণ অনুভূতি। ফাইনালে স্নায়ুর চাপ সামলে জিততে পেরে আমি তৃপ্ত। এই সাফল্য বিশ্ব চ্যাম্পিয়নশিপে আত্মবিশ্বাস বাড়াবে।’

ভারতের আরেক শুটার রিদম সাঙ্গোয়ান এই বিভাগে শেষ করেন পাঁচ নম্বরে। বিশ্বকাপে মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেলে ব্রোঞ্জ জিতেছেন ভারতের মেঘনা সাজ্জনার। এই সাফল্যের সুবাদেই পদক তালিকায় ভারত শেষ করল পাঁচ নম্বরে।

## চিনের কাছে হারল ভারত

**হাংঝৌ, ১৪ সেপ্টেম্বর :** মহিলাদের এশিয়া কাপ হকির ফাইনালে চিনের কাছে হেরে গেল ভারতীয় দল। সুপার ফোরের ম্যাচের মতো এবারও রেজাল্ট ১-৪। প্রথম মিনিটেই পেনাল্টি কর্নার থেকে নবনীত কাউরের করা গোলে ভারত এগিয়ে যায়। ২১ মিনিটে জিক্সিয়া ওউ খেলায় সমতা ফেরান। ৪১ মিনিটে লি হং হি এগিয়ে দেন চিনকে। ৫১ মিনিটে মেইরং জৌ ও পরের মিনিটে জিয়াকি ঝংয়ের গোলে ভারতের স্বপ্নভঙ্গ হয়।

# আত্মহত্যার কথাও একসময় ভাবেন সামি!

**নয়াদিল্লি, ১৪ সেপ্টেম্বর :** একটানা দাম্পত্য কলহ থেকে মানসিক অবসাদ। একসময় ভেবেছিলেন জীবন রেখে কী হবে। আত্মহত্যার কথাও মাথার মধ্যে এসেছিল। শেষপর্যন্ত অবশ্য সেই পথে হাঁটেননি মহম্মদ সামি। আরও বেশি করে আঁকড়ে ধরেছিলেন প্রথম ভালোবাসা ক্রিকেটকে। ঠিক করে নেন, ক্রিকেট সবকিছু দিয়েছে। তাঁকে ছেড়ে কেন জীবন দিতে যাব?

এক টিভি শোয়ে এমনই চাঞ্চল্যকর দাবি করেছেন সামি। তাঁর কথায়, বিয়ে করাটাই জীবনের সবথেকে বড় ভুল। ২০১৪ সালে সামি বিয়ে করেন অভিনেত্রী, মডেল হাসিন জাহানকে। কয়েক বছর কাটতে না কাটতে ২০১৮ সালে বিবাহবিচ্ছেদ। এখনও মামলা চলছে।

## ‘বিরাট অলস বললেও কিছু মনে করি না’

দাম্পত্য জীবনের বিতর্কিত অধ্যায় নিয়ে এক টিভি শোয়ে সামি বলেছেন, ‘জীবন আমাদের অনেক শিক্ষা দিয়ে যায়। আমার জীবনের সবচেয়ে বড় ভুল বিয়ে করা। তবে কাউকে দোষ দিই না। আসলে আমারই দুর্ভাগ্য।’

পারিবারিক অশান্তির মধ্যে দেশের হয়ে খেলা। সামির কথায় অত্যন্ত কঠিন সময়ের মধ্যে দিয়ে যেতে হয়েছে। ভারসাম্য বজায় রাখা সহজ ছিল না। সর্বোচ্চ পর্যায়ে ক্রিকেট খেলতে হলে মনঃসংযোগ খুব গুরুত্বপূর্ণ। কিন্তু পারিবারিক অশান্তি ওইসময় অসম্ভব মানসিক চাপে ফেলে দিয়েছিল। সামির দাবি, চেষ্টা করেছিলেন নিজেদের মধ্যে বসে সমস্যা মিটিয়ে নিতে। কিন্তু একজন চাইলে তো হবে না সবকিছু। দুই পক্ষকেই বুঝতে হবে। কেউ অশান্তি মেটাতে না চাইলে অপর পক্ষের অপেক্ষা করা ছাড়া কোনও পথ থাকে না। তাঁরও ঠিক সেই হাল হয়েছিল।

প্রাক্তন স্ত্রীর অভিযোগের তালিকা দীর্ঘ। সবচেয়ে মারাত্মক সামির চরিত্র নিয়ে। নিজের স্বপক্ষে সামি যে প্রসঙ্গে বলেছেন, ‘আমাকে নিয়ে অনেক মিথ্যা তথ্য দেওয়া হয়েছে। আমার ভুল ছবি দেখানো হয়েছে। যে সব জায়গায় কোনও দিন যাইনি, সেখানে আমাকে দেখানো হয়েছে। গত ৬-৭ বছর ধরে একের পর এক মিথ্যা অভিযোগ করা হয়েছে, যার সঙ্গে আমার কোনও সম্পর্ক ছিল না।’

মহিলাদের নিয়ে অবৈধ সম্পর্কের অভিযোগ, বারবার চর্চার কেন্দ্রে ছিল। সামির পালটা দাবি, ছোট থেকে মেয়েদের প্রতি শ্রদ্ধা, সম্ভ্রমের শিক্ষাটা বাড়ি থেকে পেয়েছেন। কন্যাসন্তান জন্ম হলে বাড়িতে সবাই উৎসব করে। বাবা, দাদুকে কখনও মহিলাদের সঙ্গে উঁচু গলায় কথা বলতে দেখেননি। কিন্তু সবই ভাগ্য। তাই এইরকম দিন দেখতে হয়েছে।

পারিবারিক বিতর্কের পর টিভি শোয়ে উঠে আসে বিরাট কোহলির সঙ্গে সম্পর্কের কথা। সামি বলেছেন, ‘মায়ের সঙ্গে বিরাটের অনেকবার কথা হয়েছে। কিন্তু সামনা-সামনি

> আমাকে নিয়ে অনেক মিথ্যা তথ্য দেওয়া হয়েছে। আমার ভুল ছবি দেখানো হয়েছে। যে সব জায়গায় কোনও দিন যাইনি, সেখানে আমাকে দেখানো হয়েছে। গত ৬-৭ বছর ধরে একের পর এক মিথ্যা অভিযোগ করা হয়েছে, যার সঙ্গে আমার কোনও সম্পর্ক ছিল না।
>
> **মহম্মদ সামি**
> *(প্রাক্তন স্ত্রীর সম্পর্কে)*

দেখা হয়নি। চ্যাম্পিয়ন্স ট্রফির সময় মা খেলা দেখতে এসেছিলেন জেনে কোহলি নিজেই দেখা করতে গিয়েছিল।’

সাজঘরে সামিকে নিয়ে অবশ্য মজা করার সুযোগ হাতছাড়া করতেন না বিরাট। লালা ডাকনাম হোক বা সামিকে অলস বলা, বাদ নেই কোনও কিছু। সামি অবশ্য ব্যাপারটা উপভোগ করেন। তার কথায়, ভারতীয় সাজঘরে প্রত্যেকেরই এরকম কিছু ডাকনাম রয়েছে। তারও যেমন লালা। তবে কেন তাঁকে ‘লালা’ বলে ডাকা শুরু করে বিরাট, এখনও জানেন না।

অপরদিকে, ‘অলস’ বদনাম নিয়ে সামির পালটা যুক্তি, ‘টেস্ট ম্যাচে শরীরের ওপর বাড়তি ধকল থাকে। যা কাটিয়ে উঠতে বাড়তি ঘুমিয়ে নিই। বিরাট বা কেউ এই নিয়ে আমাকে অলস বললে কিছু মনে করি না। মনে রাখতে হবে দলের সবচেয়ে কঠিন কাজটা ফাস্ট বোলাররাই করে। তাই সুযোগ পেলে একটু বিশ্রাম নিলে ক্ষতি নেই।’

# সুদিন ফিরবে, আশ্বাস সৌরভের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** দফায় দফায় বৈঠক। শেষবেলার প্রস্তুতি। আর সেই প্রস্তুতি শেষের পরই সন্ধ্যা ছয়টার সামান্য আগে মনোনয়নপত্র পেশ করলেন তিনি। সৌরভ গঙ্গোপাধ্যায় একা নন, তাঁর সঙ্গে আজ সন্ধ্যায় সিএবি-তে মনোনয়নপত্র পেশ করলেন তাঁর পুরো ‘টিম’ও। সিএবি-তে শুরু হয়ে গেল সৌরভের দ্বিতীয় ইনিংস।

২২ সেপ্টেম্বর সিএবি-র বার্ষিক সাধারণ সভা। তার আগে আজ মনোনয়নপত্র পেশের শেষ দিন ছিল। প্রত্যাশা মতোই আজ বিকেল সাড়ে তিনটে নাগাদ সিএবি-তে হাজির হয়ে

## মনোনয়নপত্র পেশ করলেন

যান প্রাক্তন ভারত অধিনায়ক। বাবলু কোলে (সচিব), নিশীথরঞ্জন (অনু) দত্ত (সহ সভাপতি), মদন ঘোষ (যুগ্মসচিব), ছোটবেলার বন্ধু সঞ্জয় দাসদের (কোষাধ্যক্ষ) সঙ্গে বৈঠক সারলেন। জানা গিয়েছে, একান্ত ঘরোয়া ও রুদ্ধদ্বার সেই বৈঠকে তাঁর দলকে একসঙ্গে চলার পরামর্শ দিয়েছেন মহারাজ। সেই রুদ্ধদ্বার বৈঠকের সামান্য পরে মনোনয়নপত্র পেশ করলেন। বিরোধী শিবির থেকে কোনও মনোনয়নপত্র জমা পড়েনি। ফলে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ছয় বছর পর বাংলার ক্রিকেট সিংহাসনে সৌরভের বসে পড়া নেহাতই সময়ের অপেক্ষা এখন।

লোধা আইন মেনে হতে চলেছে সিএবি-র এজিএম। আজ মনোনয়নপত্র জমার পর স্পষ্ট, ২২ সেপ্টেম্বর কোনও নির্বাচনের সম্ভাবনা নেই। স্বাভাবিকভাবেই স্বস্তি সৌরভ শিবিরে। তাছাড়া শেষ এক বছরেরও বেশি সময় ধরে বাংলা ক্রিকেট সংস্থার সভাপতি পদে বসার লক্ষ্যে বিভিন্ন জেলায় বারবার



মনোনয়নপত্র জমা দিয়ে দাদা স্নেহাশিসের সঙ্গে সিএবি থেকে বেরিয়ে আসছেন সৌরভ গঙ্গোপাধ্যায়। কলকাতায় রবিবার। ছবি : ডি মণ্ডল

> আমি নির্বাচনের জন্য তৈরি ছিলাম। গত দেড় বছর ধরে বাঁকুড়া, বীরভূম, মালদা, পুরুলিয়ার মতো নানা জায়গায় গিয়েছি। সেখানকার ক্রিকেটের সঙ্গে জড়িত মানুষজনের সঙ্গে কথা বলেছি। চেষ্টা করেছি, নির্বাচন হলে সেখানে প্রতিদ্বন্দ্বীতা করার। যদিও নির্বাচন শেষপর্যন্ত হচ্ছে না।
>
> **সৌরভ গঙ্গোপাধ্যায়**

ছুটে গিয়েছেন মহারাজ। ঘরোয়া ক্লাব ক্রিকেটের ম্যাচে মাঠে হাজির হয়েছেন। শেষপর্যন্ত সিএবি সভাপতি পদে তাঁর প্রত্যাবর্তন আজ নিশ্চিত হয়ে গেল। মনোনয়ন পেশ করার পর সৌরভ প্রতিশ্রুতি দিয়েছেন বাংলা ক্রিকেটের সুদিন ফেরানোর। বলেছেন, ‘আমি নির্বাচনের জন্য তৈরি ছিলাম। গত দেড় বছর ধরে বাঁকুড়া, বীরভূম, মালদা, পুরুলিয়ার মতো নানা জায়গায় গিয়েছি। সেখানকার ক্রিকেটের সঙ্গে জড়িত মানুষজনের সঙ্গে কথা বলেছি। চেষ্টা করেছি, নির্বাচন হলে সেখানে প্রতিদ্বন্দ্বিতা করার। যদিও নির্বাচন শেষপর্যন্ত হচ্ছে না।’

২০১৯ সালে সিএবি সভাপতি পদ থেকেই ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের শীর্ষ পদে বসেছিলেন তিনি। মাঝে ছয় বছর পার। সিএবি-তে দুজন সভাপতি তাঁদের কাজ করেছেন। কিন্তু বঙ্গ ক্রিকেটে সাফল্য অধরাই থেকে গিয়েছে। ২২ সেপ্টেম্বর সৌরভ সিএবি সভাপতি পদে বসার দিন কয়েকের মধ্যেই শুরু হয়ে যাচ্ছে রনজি ট্রফি। বাংলা ক্রিকেট দল আপাতত কল্যাণীর মাঠে ঝাড়খণ্ডের বিরুদ্ধে অনুশীলন ম্যাচ খেলছে। কোচ লক্ষ্মীরতন শুক্লা ও বাংলা দলের ক্রিকেটারদের সঙ্গে কি আপনি কথা বলবেন? সৌরভের জবাব, ‘অবশ্যই বলব। ওরা ওদের কাজ ও দায়িত্ব জানে। কিন্তু তারপরও বাংলা ক্রিকেটের সুদিন ফেরানোর লক্ষ্যে ওদের সঙ্গে কথা তো বলতেই হবে।’

**এক নজরে**
**সিএবি-র নয়া কমিটি**


**সভাপতি**
সৌরভ গঙ্গোপাধ্যায়
**সহ সভাপতি**
নিশীথরঞ্জন (অনু) দত্ত
**সচিব**
বাবলু কোলে
**যুগ্ম সচিব**
মদন ঘোষ
**কোষাধ্যক্ষ**
সঞ্জয় দাস
**অ্যাপেক্স কাউন্সিল**
নীলাঞ্জনা বসু, সৌমিক বসু, সৌমেন্দু চট্টোপাধ্যায়, জয়দীপ মুখোপাধ্যায়, বিবেক লোহিয়া, রবি টোডি, আশিস চক্রবর্তী, নভরতন ঝাওয়ার, সুরজিৎ লাহিড়ি, গৌতম গোস্বামী, কৌশিক মুখোপাধ্যায়।

সাম্প্রতিক অতীতে বাংলা ক্রিকেটে বিস্তর দুর্নীতি হয়েছে। যুগ্মসচিব পদে থাকা দেবব্রত দাসকে যার জন্য পদও ছাড়তে হয়েছে। অতীতে কখনও বঙ্গ ক্রিকেট প্রশাসনে না হওয়া ঘটনা প্রসঙ্গেও আজ মুখ খুলেছেন সৌরভ। বলেছেন, ‘কোনও সংস্থাতেই এমন ঘটনা হয় না। যদিও অতীত ভুলে আমাদের সামনে তাকাতে হবে।’ এদিকে, সৌরভ ও তাঁর দলের মনোনয়নপত্র পেশের পর পুরো কমিটি যেমন স্পষ্ট হয়ে গিয়েছে, তেমনই অ্যাপেক্স কাউন্সিলের সদস্যদের নামও সামনে এসেছে আজ। জানা গিয়েছে, ২২ সেপ্টেম্বর এজিএমের দিন অ্যাপেক্সে কো-অপ্ট করা হবে প্রাক্তন ক্রিকেটার দেবাং গান্ধি ও কেয়া রায়কে।

## ৮ উইকেটে হার হরমনদের

**চণ্ডীগড়, ১৪ সেপ্টেম্বর :** চলতি মাসের শেষের দিকে শুরু মহিলাদের ওডিআই বিশ্বকাপ। তার আগে তিন ম্যাচের প্রস্তুতি সিরিজের প্রথমটিতে রবিবার অস্ট্রেলিয়ার কাছে ৮ উইকেটে হারল হরমনপ্রীত কাউরের ভারত। ৩৫ বল বাকি থাকতেই অজিদের ২৮২ রানের লক্ষ্যে পৌঁছে দেন বেথ মুনি (৭৭) ও অ্যানাবেল সাদারল্যান্ড (৫৪) জুটি। তার আগে টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেন হরমনপ্রীত। সেই সিদ্ধান্তের মর্যাদা রাখেন দলের প্রথম তিন ব্যাটার। প্রতীকা রাওয়াল (৬৪), স্মৃতি মান্ধানা (৫৮) এবং হার্লিন দেওল (৫৪)-তিনজনেই অর্ধশতরান করেন। যদিও মিডল অর্ডারে রান পাননি হরমনপ্রীত (১১), জেমিমা রডরিগেজরা (১৮)। দাগ কাটতে পারেননি শিলিগুড়ির রিচা ঘোষও (২০ বলে ২৫)। ভারত থামে ২৮১/৭ স্কোরে।

রান তাড়ায় নেমে কখনোই ম্যাচের রাশ আলগা হতে দেননি অ্যালিসা হিলি (২৭)-ফোয়েবে লিচফিল্ডরা (৮৮)। সেই মঞ্চে দাঁড়িয়ে মুনি ও সাদারল্যান্ড তৃতীয় উইকেটে অপরাজিত ১১৬ রানের জুটিতে জয় এনে দেন।



কাজে এল না প্রতীকা রাওয়ালের অর্ধশতরান। রবিবার চণ্ডীগড়ে।

## ফাইনালে হার লক্ষ্য, চিরাগদের

**কোওলুন, ১৪ সেপ্টেম্বর :** চিনের প্রাচীরে আটকে গেল ভারতের চ্যাম্পিয়ন হওয়ার স্বপ্ন। হংকং ওপেন ব্যাডমিন্টনে পুরুষদের সিঙ্গলসের ফাইনালে লক্ষ্য সেনকে ১৫-২১, ১২-২১ পয়েন্টে হারিয়ে দিলেন দ্বিতীয় বাছাই চিনের লি শিফেং। চিনের লিয়াং ওয়েইকেং-ওয়াং চাং পুরুষদের ডাবলসের ফাইনালে প্রথম গেম জিতেও হেরে গিয়েছেন সাত্ত্বিকসাইরাজ রাঙ্কিরেড্ডি-চিরাগ শেট্টি। ৬১ মিনিটের লড়াইয়ে ম্যাচের ফল ভারতীয় জুটির বিপক্ষে ২১-১৯, ১৪-২১ ও ১৭-২১।

# পাঁচ বিদেশিতেই হয়তো শুরু করবেন সবুজ-মেরুন কোচ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** অনুশীলন করে তখন সাজঘরে ঢুকে গিয়েছেন দলের বেশিরভাগ সদস্যই।

মেরিনার্স অনসাইডের সদস্যরা এসিএল টুয়ের জন্য গোটা দলকে শুভেচ্ছা জানাতে স্মারক ও উত্তরীয় সাজিয়েও ফেলে দেওয়া শুরু করে দিয়েছেন। তারপর একে একে সাজঘরে ফিরলেন দিমিত্রিস পেত্রাতোস, বিশাল কেইথ, লিস্টন কোলাসো, রবসন রবিনহো, জেমি ম্যাকলারেন, জেসন কামিন্সরা। সঙ্গে কোচ হোসে মোলিনা। বোঝা গেল গুরুত্বপূর্ণ ম্যাচের আগে বাড়তি ঘাম ঝরানোর পাশাপাশি বিশেষ পরিকল্পনা সাজিয়ে নিলেন কোচ। এদিনই প্রথম পাঁচ বিদেশিকে প্রথম একাদশে রেখে অনুশীলন করান হোসে ফ্রান্সিসকো মোলিনা। মনবীর সিং একেবারেই খেলতে পারবেন না। তাঁর জায়গায় কিয়ান নাসিরি নাকি রবসন, তা নিয়ে সামান্য ধাঁধা আছে। যদিও দলসূত্রে খবর, শুরু সম্ভবত ব্রাজিলীয়ই করবেন। তিনি যদি ৫৫-৬০ মিনিট খেলে দিতে পারেন তাহলে পরে আসবেন কিয়ান। সামনে ম্যাকলারেন ও তাঁর একটু পিছন থেকে কামিন্স। দিমি এখনও পুরো ফিট নন। তিনি পরিবর্ত হিসাবেই আসবেন। তারপরও অবশ্য ফ্যান ক্লাব সদস্যদের মধ্যে সবথেকে বেশি জনপ্রিয়তা দেখা গেল এই অজিরই। এক ক্ষুদে সমর্থক সংভিক কয়াল নিজের জন্মদিনের কেকটা কাটল দিমির সঙ্গেই। সেন্টার ব্যাকে মেহতাব সিংকে হয়তো খেলবেন না কিন্তু তবু তাঁকে একবার টম আলড্রেডের সঙ্গে খেলিয়ে দেখে নিলেন কোচ। প্রচুর সেটপিস করালেন মোলিনা। গোটা দলটাকে দেখেই মনে হয়েছে তাঁরা এই ম্যাচটাকে কতটা গুরুত্ব দিচ্ছেন।

আর এইজন্যই সমর্থকদের পাশে পেতে বাড়তি আগ্রহ দেখাচ্ছেন মোলিনা অ্যান্ড কোং। বারবারই তাঁর গলায় ‘জয় মোহনবাগান’ শোনা গেল ফ্যান ক্লাবের সঙ্গে সময় কাটাতে এসে। দ্বাদশ ব্যক্তিরাই শেষপর্যন্ত অস্ত্র হয়ে উঠুন, এটাই হয়তো তাঁদের প্রার্থনা।

### অধিনায়কের পরিকল্পনায় অনুমোদন সতীর্থদের

# সলমনের সঙ্গে হাত মেলালেন না সূর্য

**দুবাই, ১৪ সেপ্টেম্বর :** পরিকল্পনা ভারত অধিনায়কের। আর অধিনায়কের সেই পরিকল্পনায় অনুমোদন তাঁর সতীর্থদের।

নিট ফল, দুবাই আন্তর্জাতিক ক্রিকেট মাঠে প্রতিবেশী পাকিস্তানের বিরুদ্ধে খেলা শুরুর আগে টিম ইন্ডিয়ার 'অপারেশন সিঁদুর।' বিপক্ষ অধিনায়ক সলমন আলি আঘার সঙ্গে করমর্দন এড়িয়ে যাওয়া। ভদ্রলোকের খেলা ক্রিকেটে এমন ঘটনা নজিরবিহীন।

ভারত-পাক মহারণ নিয়ে গত কয়েকদিনে কম আলোচনা, বিতর্ক হয়নি। দেশের নানা প্রান্ত থেকে পাক ম্যাচ বয়কটের কথাও বলা হয়েছিল। ধারাবাহিকভাবে এমন ঘটনার প্রভাব যে টিম ইন্ডিয়ার অন্দরেও প্রবলভাবে ছিল, আজ মহারণের আগে টসের সময় প্রমাণ হয়ে গেল। দুই অধিনায়ক সূর্যকুমার যাদব ও সলমন একসঙ্গেই টস করতে বাইশ গজের সামনে হাজির হলেন। টস হল। পাকিস্তান টসে জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্তও নিল। কিন্তু ভারত অধিনায়ক তাঁর প্রতিপক্ষ নেতার দিকে ঘুরেও তাকালেন না। করলেন না করমর্দনও। ম্যাচ রেফারির হাতে টিম লিস্ট দিয়ে গটগট করে হেঁটে ফিরে গেলেন ভারতীয় সাজঘরের দিকে।

পহলগাম কাণ্ড। পাক জঙ্গিদের নির্মমতার শিকার ২৬ প্রাণ। সেই ঘটনার পরিপ্রেক্ষিতে ভারতীয় সেনা অপারেশন সিঁদুরের মাধ্যমে জবাব দিয়েছিল। আজ দুবাইয়ের মাঠে খেলার আগে টসের সময় বিপক্ষ অধিনায়কের সঙ্গে হ্যান্ডসেক না করে স্কাই বুঝিয়ে দিলেন, মাঠের বাইরের সেই ঘটনার কথা ভারতীয় ক্রিকেট দলও ভোলেনি। এমন চমকপ্রদ ঘটনা প্রকাশ্যে আসার পর ভারতীয় দলের অন্দরমহল থেকে জানা গিয়েছে চমকপ্রদ তথ্য। অধিনায়ক সূর্যকুমার বিপক্ষ অধিনায়কের সঙ্গে টসের সময় হাত না মেলানোর সিদ্ধান্ত নিয়েছিলেন। দুপুরের দিকে দলের বৈঠকে কোচ গৌতম গম্ভীর ও বাকি সতীর্থদের তাঁর পরিকল্পনার কথা জানান সূর্য। সবার প্রথমে অধিনায়কের সিদ্ধান্তকে স্বাগত জানান কোচ গম্ভীর। পরে বাকিরাও। সেই পরিকল্পনার প্রতিফলন দেখা গিয়েছে টসের সময়।

দুবাইয়ের মাঠে ভারত-পাক মহারণ শুরুর আগে আজ আরও একটি বিষয় সামনে এসেছে। টসের আগে শেষ মুহূর্তের টিম হার্ডলে কোচ গম্ভীর পুরো দলকে পেপ টক দেন। তাঁর কথায় সূর্য, শুভমান গিলরা রীতিমতো চাঙ্গা হয়ে পাকিস্তানের দখল নেওয়ার প্রতিজ্ঞা সারেন। তারপরই পাকিস্তানের উপর শুরু হয় টিম ইন্ডিয়ার 'অপারেশন সিঁদুর'।


মুখ ফিরিয়েই থাকলেন সূর্যকুমার যাদব ও সলমন আলি আঘা। দুবাইয়ে রবিবার।


২.২৫ মিটার লাফিয়ে হাই জাম্পের ফাইনালে উঠলেন সরবেশ কুশারে।

# ফাইনালে উঠে নজির সরবেশের

**টোকিও, ১৪ সেপ্টেম্বর :** ২০১৯ সালের সাউথ এশিয়ান গেমসে সোনা জিতেছিলেন। কিন্তু গত বছরের প্যারিস অলিম্পিকে খালি হাতে ফিরতে হয়েছিল তাঁকে। তবে রবিবার টোকিওতে একেবারে ইতিহাসের পাতায় নাম তুলে ফেললেন নাসিকের সরবেশ কুশারে। বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে হাই জাম্প ইভেন্টে ভারতের প্রথম অ্যাথলিট হিসেবে ফাইনালে উঠলেন তিনি। বিশ্ব অ্যাথলেটিক্সের নিয়মানুযায়ী, ফাইনালে ওঠার জন্য অ্যাথলিটদের হয় ২.৩০ মিটার লাফাতে হত, নয়তো দুই গ্রুপ মিলিয়ে সেরা ১২ জনের মধ্যে থাকতে হত। প্রথম সমীকরণ কেউই মেলাতে পারলেন না। কিন্তু ২.১৬ মিটার দিয়ে শুরু করার পর সরবেশ দ্বিতীয় প্রচেষ্টায় ২.২৫ মিটার লাফিয়ে সেরা ১২ জনের মধ্যে জায়গা নিশ্চিত করে ফেলেন।

ফাইনালে উঠে ৩০ বছরের সরবেশ বলেছেন, 'ফাইনালে ওঠার ব্যাপারে আত্মবিশ্বাসী ছিলাম। ফাইনালে ওঠার অনুভূতি দুর্দান্ত। যোগ্যতা অর্জন পর্বের লড়াই কিছুটা সহজ ছিল। ফাইনালে আমাকে শারীরিক ও মানসিকভাবে আরও শক্তিশালী হয়ে নামতে হবে।'

### বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ

এদিকে, পুরুষদের ১০ মিটারের ফাইনালে ১৬ নম্বরে শেষ করলেন গুলবীর সিং। তিনি দৌড় সম্পূর্ণ করতে ২৯ মিনিট ১৩.৩৩ সেকেন্ড সময় নিয়েছেন।

# জেসিন জাদুতে জয় ইস্টবেঙ্গলের

**ইস্টবেঙ্গল-৩ (জেসিন-২, ডেভিড)**
**ডায়মন্ড হারবার-১ (কিমা)**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** রবিবার ম্যাচ শুরুর কিছুক্ষণ আগে ডায়মন্ড হারবার এফসি-র সিনিয়ার দলের কোচ কিবু ভিকুনা পরিচিত সাংবাদিকদের বলেছিলেন, 'সাধারণত লিগের গুরুত্বপূর্ণ ম্যাচগুলিতে প্রথমে যারা গোল করে, তারাই ম্যাচ জয়ের ক্ষেত্রে বাড়তি সুবিধা পায়।' তার ধারণা যে কতটা সঠিক ছিল, তার প্রমাণ পাওয়া গেল ম্যাচের পরে। কলকাতা লিগে সুপার সিক্সের দ্বিতীয় ম্যাচে ডায়মন্ড হারবারকে সহজেই ৩-১ গোলে হারাল ইস্টবেঙ্গল।

ম্যাচের প্রথম মিনিটেই ধাক্কা খেয়েছিল ডায়মন্ড। চোট পেয়ে মাঠ ছাড়েন ডিফেন্ডার রুহুল কুদ্দুস পুরকাইত। প্রথম গোলের জন্য ইস্টবেঙ্গলকে অপেক্ষা করতে হয় ২৭ মিনিট পর্যন্ত। বাঁদিক থেকে পিভি বিষ্ণুর মাইনাস থেকে ফিনিশ করেন ডেভিড লালহালানসাঙ্গা।

দ্বিতীয়ার্ধের ৭১ মিনিটে পলের ফ্রি কিক থেকে গোল করে ডায়মন্ডকে সমতায় ফেরান ডিফেন্ডার সাইরুয়াত কিমা। কিন্তু ৭৪ মিনিটে সায়ন বন্দ্যোপাধ্যায়ের পাস থেকে গোল করে ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন জেসিন টিকে। ম্যাচের শেষ মিনিটে দলের তৃতীয় ও নিজের দ্বিতীয় গোলটি করে যান এই কেরালাইট স্ট্রাইকার।

আপাতত সুপার সিক্সে ২ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে লিগ জয়ের ক্ষেত্রে সুবিধাজনক জায়গায় রইল ইস্টবেঙ্গল। অঙ্ক বলছে, শেষ ম্যাচে ইউনাইটেড স্পোর্টসকে হারালে সরাসরি চ্যাম্পিয়ন হবে তারা। এদিন সুপার সিক্সের অপর ম্যাচে ক্যালকাটা কাস্টমসকে ২-০ গোলে হারিয়েছে ইউনাইটেড স্পোর্টস। একটি গোল করেন উত্তরবঙ্গের স্ট্রাইকার সুজল মুন্ডা। অপর গোলটি করেন উইঙ্গার অমিত বসাক।


গোল করে ডেভিড লালহালানসাঙ্গা।

In loving memory of **Krishna Banerjee**



Retired Teacher, MSc, B.Ed (Agarpara Ushumpur Adarsha Uchcha Vidyalaya-Boys) gifted mathematician & Rabindrasangeet singer. She passed away on September 8, 2025 after a brief illness. She is deeply missed. **Vihaan, Surender, Soumi and Brojeswar**, Brothers & Sisters, Family Members, employees of **Rater Tara Diner Rabi Resort**, Santiniketan & **Resort Gorumara Riverside**, Lataguri, Dooars.

ASIA CUP

### এশিয়া কাপে আজ

| | |
|---|---|
| সংযুক্ত আরব আমিরশাহি বনাম ওমান | |
| **সময় :** বিকাল ৫টা, **স্থান :** আবু ধাবি | |
| হংকং বনাম শ্রীলঙ্কা | |
| **সময় :** রাত ৮টা, **স্থান :** দুবাই | |
| **সম্প্রচার :** সোনি টেন নেটওয়ার্ক ও সোনি লিভ অ্যাপ | |

# ভারতীয় সেনাকে সাফল্য উৎসর্গ সূর্যের

**দুবাই, ১৪ সেপ্টেম্বর :** সুফিয়ান মুকিমের বলে বার্থডে বয় সূর্যকুমার যাদবের ছক্কা মিড উইকেট বাউন্ডারির উপর দিয়ে গ্যালারিতে পৌঁছাতেই 'ইটস অল ওভার'।

২৫ বল বাকি থাকতে ৭ উইকেটে অনায়াস, দাপুটে জয় টিম ইন্ডিয়ার। শুধুই কি দাপুটে জয়? সঙ্গে রয়েছে প্রতিবেশী পাকিস্তানকে 'উচিত শিক্ষা' দেওয়াও।

পহলগাম কাণ্ড ভোলেনি ভারত। ভোলেনি টিম ইন্ডিয়াও। পালটা হিসেবে ভারতীয় সেনার অপারেশন সিঁদুরও তাজা ভারতীয় দলের অন্দরে। প্রতিবেশী পাকিস্তানকে ৭ উইকেটে উড়িয়ে দেওয়ার পর বিপক্ষ দলের কোনও ক্রিকেটারের সঙ্গে হাত মেলাননি টিম ইন্ডিয়ার সদস্যরা। অধিনায়ক সূর্য ও শিবম দুবে ম্যাচ জয়ের পর সরাসরি হাঁটা দেন ভারতীয় সাজঘরের দিকে। বিপক্ষ পাকিস্তানের দিকে ঘুরেও তাকাননি দুই ভারতীয় ব্যাটার। শুধু তাই নয়, ভারতীয় সেনাকে 'পাকিস্তান দখলের' সাফল্য উৎসর্গ করেছেন টিম ইন্ডিয়ার অধিনায়ক সূর্য। পুরস্কার বিতরণী মঞ্চের সঞ্চালক প্রাক্তন ক্রিকেটার সঞ্জয় মঞ্জরেকারের হাত থেকে মাইক নিয়ে ভারত অধিনায়ক বলেছেন, 'পহলগাম কাণ্ডে জঙ্গিহানায় নিহতদের পরিবারের পাশে রয়েছি আমরা। প্রয়াতদের পরিবারের প্রতি রয়েছে আমাদের সমবেদনা। সঙ্গে ভারতীয় সেনাকে আজকের পাকিস্তান ম্যাচ জয়ের সাফল্য উৎসর্গ করতে চাই আমরা।'


পাকিস্তানকে ভাঙার দুই কারিগর অক্ষর প্যাটেল ও কুলদীপ যাদব।

দুই প্রতিবেশীর সম্পর্কের রসায়নটা সম্পূর্ণভাবে বদলে গিয়েছে পহলগাম কাণ্ডের পর। পাক জঙ্গিদের নির্বিচারে গুলিচালনা ও ২৬ জনের মারা যাওয়ার ঘটনা সূর্যর ভারত ভুলতে পারেনি। তাই এশিয়া কাপের মঞ্চে পাকিস্তানের বিরুদ্ধে ম্যাচে টসের সময় ও খেলা শেষের পর বিপক্ষ দলের ক্রিকেটারদের সঙ্গে হাত মেলানোর 'সৌজন্য' দেখায়নি টিম ইন্ডিয়া। খেলার পর ভারত অধিনায়ক সূর্য দলের মানসিকতা ও অবস্থানও স্পষ্ট করে দিয়েছেন। ক্রিকেটীয় বিচারে পুরো দলকেই সাফল্যের কৃতিত্ব দিয়েছেন স্কাই। বলেছেন, 'দলের সাফল্যে সবারই অবদান রয়েছে।'

> পহলগাম কাণ্ডে জঙ্গিহানায় নিহতদের পরিবারের পাশে রয়েছি আমরা। প্রয়াতদের পরিবারের প্রতি রয়েছে আমাদের সমবেদনা। সঙ্গে ভারতীয় সেনাকে আজকের পাকিস্তান ম্যাচ জয়ের সাফল্য উৎসর্গ করতে চাই আমরা।
>
> **সূর্যকুমার যাদব**

ভারত অধিনায়ক সূর্য পরিকল্পনা করে পাকিস্তানকে 'শিক্ষা' দেওয়ার পথে যখন হেঁটেছেন, তখন ম্যাচের সেরা কুলদীপ যাদবের গলাতেও একইরকম আগ্রাসন। চার ওভারে ১৮ রানে তিন উইকেট নিয়েছেন রিস্ট স্পিনার কুলদীপ। টসে জিতে অদ্ভুতভাবে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেওয়া পাক ব্যাটিংকে জোরদার ধাক্কা দিয়েছেন তিনি। পরে ম্যাচ সেরার পুরস্কার নিয়ে কুলদীপ বলেছেন, 'সাজঘরের পরিকল্পনা বাস্তবে পরিণত করাই ছিল আমার মূল উদ্দেশ্য। দল হিসেবে মাঠে আমরা খেলার শুরু থেকে সেটাই করেছি। পাকিস্তানকে চাপে রাখাই ছিল আমাদের উদ্দেশ্য। সেটাই করে দেখিয়েছি আমরা। তিন উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছি বলে নয়, আমার লক্ষ্য ও উদ্দেশ্য ছিল শুরু থেকে বিপক্ষ দলকে চাপে রাখা। সেটাই করে দেখিয়েছি আমরা।'

# পেনাল্টি মিস মেসির, হার মায়ামির

**ওয়াশিংটন, ১৪ সেপ্টেম্বর :** মেজর সকার লিগে বড় হার ইন্টার মায়ামির। শার্লটের কাছে ৩-০ ফলে বিধ্বস্ত হয়েছে ইন্টার মায়ামি। এই ম্যাচে নিষ্প্রভ ছিলেন মহাতারকা লিওনেল মেসি। এমনকি পেনাল্টিও মিস করেছেন তিনি। অন্যদিকে হ্যাটট্রিক করেন শার্লটের ইডেন টোকলামাটি।

কার্ড সমস্যায় এই ম্যাচে ছিলেন না লুইস সুয়ারেজ। ৩২ মিনিটেই পেনাল্টি পেয়েছিল ইন্টার মায়ামি। তবে পেনাল্টি থেকে লক্ষ্যভেদ করতে পারেননি মেসি। তাঁর নেওয়া পানেনকা শট সেভ করেন শার্লট গোলরক্ষক ক্রিশ্চিয়ান খালিনা। ম্যাচের ৩৪ মিনিটে ইডেন টোকলামাটি গোল করে শার্লটকে এগিয়ে দেন। ৪৭ ও ৮৪ মিনিটে গোল করে হ্যাটট্রিক সম্পন্ন করেন তিনি। ৭৯ মিনিটে টমাস আভিলেস লাল কার্ড দেখায় বাকি সময় দশজনে খেলতে হয় মায়ামিকে। আপাতত এই ম্যাচের পর ২৬ ম্যাচে ৪৬ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় অষ্টম স্থানে রয়েছে ইন্টার মায়ামি।

# বাগানকে হারানোর হুংকার আনায়েভের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৪ সেপ্টেম্বর :** আহল এফকে দলের বাকি সদস্যদের কাছে কলকাতা একেবারেই অচেনা। ব্যতিক্রম কেবল এনভের আনায়েভ।

গত মরশুমে এফকে আর্কাদাগ দলে ছিলেন। এএফসি চ্যালেঞ্জ লিগে ইস্টবেঙ্গলের বিরুদ্ধে কোয়ার্টার ফাইনাল খেলতে ভারতে এসেছিলেন। সেবার লাল-হলুদকে ১-০ গোলে হারিয়েছিল তুর্কমেনিস্তানের ক্লাব আর্কাদাগ। ওই ম্যাচে মাঠেও নেমেছিলেন আনায়েভ। এবার লোনে তাঁকে সই করিয়েছে আহল এফকে। মোহনবাগান সুপার জায়েন্টের বিরুদ্ধে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টুয়ের ম্যাচ খেলতে দলের সঙ্গে কলকাতায় এসেছেন।

দ্বিতীয়বার ভারতে পা রেখে মোহনবাগানকে হারানোর হুংকার ছুড়ে দিলেন আনায়েভ। উত্তরবঙ্গ সংবাদকে একান্ত সাক্ষাৎকারে তুর্কমেনিস্তানের ২৩ বছরের ফুটবলার বলেছেন, 'এই শহর আমার অচেনা নয়। এখানকার মানুষ খুবই আন্তরিক। এবার নতুন দলের হয়ে কলকাতায় এসেছি। তবে লক্ষ্যটা একই আছে। ম্যাচটা জিততে চাই। তার জন্যই তৈরি হচ্ছি।' এনভার জানালেন, গতবার ভারতে খেলার অভিজ্ঞতা সতীর্থদের সঙ্গে ভাগ করে নিয়েছেন। বলেছেন, 'এখানে আসার আগেই দলের বাকি সদস্যদের কলকাতার পরিবেশ নিয়ে সতর্ক করে দিয়েছি। বলেছি এখানকার আবহাওয়া একটু গরম। যা দলকে কিছুটা উপকৃত করেছে।' তাঁর সংযোজন, 'এখানকার দর্শকদের কথা আলাদা করে বলতেই হয়। ৪০-৫০ হাজার মানুষ গ্যালারিতে চিৎকার করে। দুর্দান্ত পরিবেশ তৈরি হয়।'

আর্কাদাগের হয়ে চ্যালেঞ্জ লিগ চ্যাম্পিয়ন হওয়ায় অভিজ্ঞতা কেমন? উত্তরে আনায়েভ বলেছেন, 'বিশ্বাস করুন ট্রফি ছোঁয়ার অনুভূতি সত্যিই অসাধারণ। এমন পর্যায়ে খেতাব জেতা সব ফুটবলারেরই স্বপ্ন থাকে। সেই স্বপ্ন পূরণ করতে পারা সত্যিই খুব স্পেশাল।' আর্কাদাগে খেলার অভিজ্ঞতা কাজে লাগিয়ে আহলকেও এবার এশিয়ার আঙিনায় ভালো কিছু করার স্বপ্ন দেখাচ্ছেন আনায়েভ।

### টানা চতুর্থ জয় লিভারপুলের

# ম্যাঞ্চেস্টার ডার্বি সিটির

**লন্ডন, ১৪ সেপ্টেম্বর :** ইংলিশ প্রিমিয়ার লিগে গত দুই ম্যাচে হারের লজ্জা নিয়ে মাঠ ছেড়েছিল ম্যাঞ্চেস্টার সিটি। কিন্তু রবিবার পড়শি ক্লাবকে সামনে পেতেই জ্বলে উঠল পেপ গুয়ার্দিওলা ব্রিগেড। ঘরের মাঠে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে ৩-০ গোলে উড়িয়ে জয়ের সরণিতে ফিরল ম্যান সিটি। তাদের জয়ের নায়ক আর্লিং ব্রাউট হাল্যান্ড। ১৮ মিনিটে অবশ্য সিটিকে এগিয়ে দিয়েছিলেন ফিল ফোডেন। ৫৩ মিনিটে লিড ডাবল করেন হাল্যান্ড। ৬৮ মিনিটে তাঁর দ্বিতীয় গোল ম্যাঞ্চেস্টার ডার্বিতে সিটিকে জয় এনে দেয়।

জয়ের হ্যাটট্রিকে চলতি প্রিমিয়ার লিগে 'পারফেক্ট স্টার্ট' করেছে গতবারের চ্যাম্পিয়ন লিভারপুল। তবে রবিবার পয়েন্ট নষ্ট করার দোরগোড়ায় পৌঁছে গিয়েছিল আর্নে স্লটের দল। যদিও দ্বিতীয়ার্ধের সংযুক্তি সময়ে পেনাল্টি থেকে বল জালে রেখে বার্নলের বিরুদ্ধে লিভারপুলের জয় আনলেন মহম্মদ সালাহ।

এদিন চ্যাম্পিয়নের মেজাজেই শুরু করেছিলেন সালাহ, হুগো একিতিকেরা। কিন্তু অ্যাটাকিং থার্ডে গিয়ে লিভারপুলের স্ট্রাইকাররা খেই হারিয়ে ফেলছিলেন। ২৭টি শট নিয়েও মাত্র চারটি লক্ষ্যে রাখতে পারা সেটারই প্রমাণ। তবে ৮৪ মিনিটে লেসলি উগোচুকুর লাল কার্ড দেখা লিভারপুলের কাজ সহজ করে দেয়। শেষপর্যন্ত সালাহর গোলে ৩ পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ে স্লট ব্রিগেড। এদিকে, এগিয়ে গিয়েও ব্রেন্টফোর্ডের বিরুদ্ধে ২-২ গোলে ড্র করল চেলসি। ৩৫ মিনিটে পিছিয়ে পড়ার পর ৬১ ও ৮৫ মিনিটে কোল পামার এবং মোয়েস কাইসেডো ব্লুজদের এগিয়ে দিয়েছিলেন। কিন্তু অতিরিক্ত সময়ে ফ্যাবিও কার্ভালহোর গোল চেলসিকে পুরো পয়েন্ট নিতে দেয়নি।

### বিশ্ব বক্সিংয়ে সোনা জেসমিন, মীনাক্ষীর

- খবর এগারোর পাতায়




ফুটবলার অচিন্ত্য দাসকে সই করাচ্ছে তরুণ তীর্থ। (বাঁয়ে)। দল গুছিয়ে নিচ্ছেন স্বস্তিকা যুবক সংঘের কর্মকর্তারা।

# ওয়াইএমএ-তে রাজা, স্বস্তিকায় রাজকমল

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৪ সেপ্টেম্বর :** মহকুমা ক্রীড়া পরিষদের দলবদলের শেষদিনও জমজমাট থাকল। ক্রীড়া পরিষদের ফুটবল সচিব সুমন ঘোষ জানিয়েছেন, রবিবার সুপার ডিভিশন লিগের জন্য ক্লাবগুলি ৫০টি সই করিয়েছে। মোহনবাগান ও বাংলা দলের প্রাক্তন গোলরক্ষক রাজা বর্মন নাম লিখিয়েছেন ওয়াইএমএ-তে। এছাড়াও এদিন উল্লেখযোগ্যদের মধ্যে অচিন্ত্য দাসকে নিয়েছে তরুণ তীর্থ। প্রশান্ত ছেত্রী, সায়ন সরকার নেতাজি সুভাষ স্পোর্টিং ক্লাব ও প্রশান্ত রাই উল্কা ক্লাবে সই করেছেন। সুমন বলেছেন, 'আমরা ম্যাচের ২৪ ঘণ্টা আগে স্পেশাল সইয়ের সুযোগ দিয়ে থাকি ক্লাবগুলিকে। সবাই সেই অপশন হাতে রেখেই দল গুছিয়েছে।'


ফুটবলার বিক্রম সরকারকে সই করাচ্ছে দেশবন্ধু স্পোর্টিং ইউনিয়ন।

ক্রীড়া পরিষদের তরফে জানানো হয়েছে ক্রিকেটে এদিন দলবদলের সংখ্যা ৬৯। যার মধ্যে ২২ জনকে সই করিয়েছে স্বস্তিকা যুবক সংঘ। জিটিএসসি থেকে রূপম দাস ও নেতাজি সুভাষ থেকে রোমিতরাজ শ্রীবাস্তবকে তারা দলে নিয়েছে। এছাড়াও ধরে রেখেছে রাজকমল প্রসাদ, জাভেদ আলমকে।

দেশবন্ধু স্পোর্টিং ইউনিয়নের স্বরূপ সেন বলেছেন, 'আমরা ক্রিকেট-ফুটবল দুটোতেই এবার সুপার ডিভিশনে খেলব। ফুটবলের জন্য হেমরাজ ভুজেলকে ধরে রাখা ছাড়াও কল্যাণ রায় ও বিক্রম সরকারকে নিয়েছি। ক্রিকেটে আমরা সই করিয়েছি ২০ জনকে।'

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন হুগলী-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, হুগলী - এর একজন বাসিন্দা সুদীপ ধানক - কে 21.06.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 80G 13948 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "স্বল্প পরিমাণ অর্থ খরচের বিনিময়ে আমি কল্পনাও করতে পারিনি ডিয়ার লটারি থেকে পুরস্কার স্বরূপ এক কোটি টাকার প্রথম পুরস্কার জয়লাভ করবো। আমি নিজে খুব আনন্দ ও গর্বিত বোধ করছি। এই অকল্পনীয় একটি সুযোগ দেওয়ার জন্য আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারির কাছে কৃতজ্ঞ থাকবো।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।

* বিজ্ঞাপিত তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।




বছরের পর বছর ধরে এক বিশ্বস্ত নাম
FREE FROM IRRITATION
RVP
B-TEX
REGD. TRADE MARK
FOR ECZEMA, RINGWORM, ITCHES, COLD CRACKS AND PIMPLES
WHITE OINTMENT
একজিমা, চুলকানি এবং দাদের হাত থেকে বি-টেক্স মলম মুক্তি দেয়।
Now available on Flipkart HEALTHMUG JioMart img shopbtex.com